# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 13, 1433 Bangla, August 28, 2026, Friday, No.234, 56th year

# H I G H L I G H T S

President Mirza Fakhrul Islam Alamgir has pledged to discharge his constitutional responsibilities in completely non-partisan manner for the welfare of state. [R. Today: 28]

Parliament has adopted a condolence motion over the loss of lives caused by devastating floods in Nepal. [Jago FM: 21]

Death toll from floods and landslides in Nepal has risen to 389 while 910 people including 517 foreign nationals remain missing. [BBC: 04;10]

Foreign Minister has said Makkah pact is a mechanism for self-defence of global Muslim community, adding that Bangladesh will "positively consider" joining the Makkah Joint Defence Agreement if invited. [BBC: 09]

Expatriate Welfare and Overseas Employment Minister has informed that government has launched an initiative to send 10,000 workers to Malaysia through official channels at free of cost. [R. Today: 26]

State minister for LGRD and cooperatives has said government will buy electricity generated from waste at Dhaka's Aminbazar landfill from a Chinese company at Tk 25 per unit. [Jago FM: 22]

Malaysian Immigration Department has detained 528 migrants including 245 Bangladeshis in simultaneous anti-immigration raids conducted across various locations in country. [Jago FM: 21]

Five more children have died across country with suspected measles. [Jago FM: 17]

UNICEF has reported that more than 17,000 children in Nepal are in need of emergency humanitarian assistance due to flash floods. [BBC: 05]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
### ভাদ্র ১৩, বাংলা ১৪৩৩, আগস্ট ২৮, ২০২৬, শুক্রবার, নং- ২৩৪, ৫৬তম বছর

# শিরোনাম

রাষ্ট্রীয় দায়িত্ব পালনে সম্পূর্ণ নিরপেক্ষভাবে কাজ করার অঙ্গীকার রাষ্ট্রপতির। [রে. টুডেঃ ২৮]

নেপালের ভয়াবহ আকষ্মিক বন্যা ও ভূমিধসে প্রাণহানির ঘটনায় সংসদে শোক প্রস্তাব। [জাগো এফএমঃ ২১]

নেপালে বন্যা ও ভূমিধসে প্রাণহানি বেড়ে দাঁড়িয়েছে ৩৮৯ জনে - এখনো নিখোঁজ ৯১০ জন মানুষ এবং এদের মধ্যে ৫১৭ জন বিদেশি নাগরিক। [বিবিসিঃ ০৪; ১০]

মক্কা প্যাক্ট হচ্ছে বিশ্ব মুসলিম সমাজের আত্মরক্ষার একটা ব্যবস্থা; আমন্ত্রণ পেলে বাংলাদেশ মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে যোগদানের বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করবে, - মন্তব্য পররাষ্ট্রমন্ত্রীর। [বিবিসিঃ ০৯]

সরকারিভাবে কোনো ধরনের খরচ ছাড়াই ১০ হাজার কর্মীকে মালয়েশিয়ায় পাঠানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী। [রে. টুডেঃ ২৬]

চীনের একটি প্রতিষ্ঠানের কাছ থেকে ঢাকার আমিনবাজারে বর্জ্য থেকে উৎপাদিত বিদ্যুৎ প্রতি ইউনিট ২৫ টাকা দরে কিনবে সরকার - জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী। [জাগো এফএমঃ ২২]

মালয়েশিয়ার বিভিন্ন স্থানে একযোগে পরিচালিত অভিবাসনবিরোধী অভিযানে ২৪৫ বাংলাদেশিসহ ৫২৮ অভিবাসীকে আটক করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ। [জাগো এফএমঃ ২১]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশুর মৃত্যু। [জাগো এফএমঃ ১৭]

আকস্মিক বন্যায় নেপালের ১৭ হাজারের বেশি শিশুর জরুরি মানবিক সহায়তার প্রয়োজন দেখা দিয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফ। [বিবিসিঃ ০৫]

# বিবিসি

## জাতীয় সংসদে প্রথম ওয়াকআউট কবে ও কেন হয়েছিল

বাংলাদেশের জাতীয় সংসদে বিভিন্ন ইস্যুতে সংসদ সদস্যদের বিশেষ করে বিরোধী দলের সদস্যদের ওয়াক আউটের ঘটনা অনেকটাই নিয়মিত ঘটনা এবং এটি সংসদে প্রতীকী প্রতিবাদ হিসেবে স্বীকৃত। সংসদে কোনো বিষয় নিয়ে প্রতিবাদ জানাতে বিরোধী দল বা কোনো সদস্য ইচ্ছাকৃতভাবে অধিবেশন কক্ষ ত্যাগ করলে তাকে ওয়াক আউট বলা হয়। বাংলাদেশের সংসদে বিরোধী দল কিংবা স্বতন্ত্র সদস্যরা বিভিন্ন সময়ে বিভিন্ন সংসদে সরকার বা সরকারি দলের কোনো কোনো সিদ্ধান্ত বা বক্তব্যের প্রতিবাদে কিংবা সংসদে কথা বলার সুযোগ না পাওয়ার অভিযোগ করে ওয়াক আউট করেছেন। আজ বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের প্রথম দিনেই ওয়াকআউট করেছে সংসদের বিরোধী দল। সরকারি দলের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে এবং একপেশেভাবে সংসদ পরিচালনার অভিযোগ এনে সংসদ থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত জানান বিরোধী দলের নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ড. শফিকুর রহমান। ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম দিনে রাষ্ট্রপতির ভাষণকে কেন্দ্র করে বর্তমান বিরোধী দলের সদস্যদের ওয়াক আউটের ঘটনাও রাজনৈতিক অঙ্গনে আলোচনার জন্ম দিয়েছিল। বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে নির্বাচিত হওয়া রাষ্ট্রপতিকে ভাষণ দেওয়ার সুযোগ না দেওয়ার দাবি করেছিলেন জামায়াতে ইসলামী ও এনসিপিসহ বিরোধী জোট। সরকারি দল বিএনপি তাতে সায় না দেওয়ায় রাষ্ট্রপতির ভাষণ শুরুর আগে প্রতিবাদ জানিয়ে সংসদ থেকে ওয়াক আউট করেছিল জামায়াতে ইসলামী ও এনসিপি জোটের সদস্যরা। কিন্তু প্রশ্ন হলো, বাংলাদেশের স্বাধীনতার পর জাতীয় সংসদের ইতিহাসে প্রথম ওয়াক আউট কে বা কোন দল করেছিল এবং কেন করেছিল।

### প্রথম সংসদ ও প্রথম ওয়াকআউট

১৯৯৭১ সালের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা অর্জনের পর বাংলাদেশে গঠিত হয়েছিল গণপরিষদ, যার সদস্য ছিল মোট ৪৬৯ জন। এর মধ্যে ১৬৯ জন ছিলেন পূর্ব পাকিস্তান থেকে নির্বাচিত পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য এবং ৩০০ জন ছিলেন পূর্ব পাকিস্তান আইন পরিষদের সদস্য। এই গণপরিষদ ১৯৭৩ সাল পর্যন্ত অস্থায়ী সংসদ হিসেবে কাজ করেছে। স্বাধীন বাংলাদেশে প্রথম জাতীয় নির্বাচন হয়েছিল ১৯৭৩ সালের ৭ মার্চ। ওই নির্বাচনে দেশের স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দেওয়া দল আওয়ামী লীগ জয়লাভ করে। তবে নির্বাচনে অংশ নেওয়া অন্য রাজনৈতিক দলগুলো ব্যাপক অনিয়ম, কারচুপি ও কোনো কোনো জায়গায় নির্বাচনের ফল পাল্টে দেওয়ারও অভিযোগ করেছিল। সংসদের ৩০০ আসনের মধ্যে ২৯৩টিতেই জয়ী হয়েছিলেন আওয়ামী লীগ দলীয় প্রার্থীরা। আর এর বাইরে জাসদ একটি, বাংলাদেশ জাতীয় লীগ একটি আসনে এবং পাঁচটি আসনে স্বতন্ত্র প্রার্থীরা জয় পেয়েছিলেন। ওই সংসদের প্রথম অধিবেশন বসেছিল ১৯৭৩ সালের ৭ এপ্রিল। বিরোধী পক্ষে পর্যাপ্ত সংখ্যক সদস্য না থাকায় ওই সংসদে প্রথাগত স্বীকৃত বিরোধী দল ছিল না। এমনকি তখন বর্তমান জাতীয় সংসদের নির্মাণকাজ পুরোপুরি শেষ না হওয়ায় অধিবেশন বসতো তেজগাঁওয়ে পুরোনো সংসদ ভবনে, যেই ভবনটি এখন প্রধানমন্ত্রীর কার্যালয় হিসেবে ব্যবহৃত হয়। সংসদের পুরোনো রেকর্ড ও সেসময়ের সংবাদপত্রের খবরগুলো দেখে বোঝা যায়, বিরোধী দল তেমন না থাকলেও ওই সংসদের প্রথম দিন থেকেই নানা সাংবিধানিক ইস্যুতে বিতর্ক হয়েছে। এমনকি ওই সংসদের প্রথম দিনে সংসদ সদস্যদের শপথ নেওয়ার আগে ও পরে তুমুল বিতর্ক হয়েছিল। সংসদের প্রথম দিনে আছাদুজ্জামান খানের সভাপতিত্বে স্পিকার নির্বাচিত হয়েছিলেন মুহম্মদুল্লাহ ও ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছিলেন মোহাম্মদ বয়তুল্লাহ।

সংসদ বিষয়ক গবেষক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সাবেক অধ্যাপক নিজাম উদ্দিন আহমদ এবং সংসদ বিষয়ে অভিজ্ঞ সাংবাদিক কামরান রেজা চৌধুরী উভয়েই সংসদের লাইব্রেরিতে সংরক্ষিত বিবরণীর উদ্ধৃতি দিয়ে বিবিসি বাংলাকে বলেছেন যে, ওই সংসদেরই চতুর্থ অধিবেশনে প্রথম ওয়াক আউটের ঘটনাটি ঘটেছিল। সংসদের লাইব্রেরিতে সংরক্ষিত বিবরণী অনুযায়ী, তখনকার স্বতন্ত্র সংসদ সদস্য মো. আবদুল্যা সরকার তাকে সংসদে বক্তব্য দিতে না দেওয়ায় ওয়াক আউট করেছিলেন ১৯৭৪ সালের ২১ জানুয়ারি তারিখে। "জনাব মো. আবদুল্যা সরকার: জনাব স্পিকার সাহেব, গতকাল ঢাকা শহরে জনগণের ওপর রক্ষীবাহিনী যে ঘৃণ্য অত্যাচার চালিয়েছিল সে সম্পর্কে আমাকে সংসদে বক্তব্য রাখতে না দেওয়ায় আমি 'ওয়াক আউট' করছি। [সদস্যের কক্ষ ত্যাগ]।„ এভাবেই লাইব্রেরিতে সংরক্ষিত সংসদীয় কার্যক্রমের বিবরণীতে উল্লেখ আছে। বর্তমানে প্রয়াত মি. সরকার ১৯৭৩ সালের ৭ মার্চের নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে আওয়ামী লীগের প্রার্থীকে হারিয়ে সংসদে গিয়েছিলেন। পরে ১৯৭৪ সালের নভেম্বরে তিনি জাসদে যোগদান করেন। বাকশালে যোগদান করতে অপারগতা প্রকাশ করায় ১৯৭৫ সালের ২৮শে এপ্রিল আবদুল্যা সরকারের (সংসদের বিবরণীতে এভাবে লেখা থাকলেও অনেক জায়গায় তার নাম আবদুল্লাহ সরকার হিসেবে উল্লেখ পাওয়া যায়) আসন শূন্য ঘোষণা করা হয়। দৈনিক বাংলায় পরদিনে 'সংসদে আবদুল্লাহ সরকার ও ময়নুদ্দিন মানিকের

আসন শূন্য ঘোষণা' শীর্ষক সংবাদে বলা হয়েছিল, "কুমিল্লা-২ থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য জনাব আবদুল্লাহ সরকার ও রাজশাহী ১১ থেকে নির্বাচিত জনাব ময়নুদ্দিন আহমদ মানিকের আসন শূন্য ঘোষণা করা হয়েছে।„ ওই খবরে বলা হয়, "বাংলাদেশ জাতীয় সংসদের এক বিজ্ঞপ্তিতে সোমবার একথা জানিয়ে বলা হয়েছে যে, রাষ্ট্রপতির আদেশ অনুযায়ী নির্ধারিত সময় ২৫ এপ্রিলের মধ্যে জাতীয় দল বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগে যোগদান না করায় সংবিধানের ১১৭-ক অনুচ্ছেদের ৫(ক)দফা অনুসারে ১৯৭৫ সালের ২৬শে এপ্রিল সকাল থেকে সংসদে এই দুজন সদস্যের আসন শূন্য হয়েছে।" ২০১৩ সালে মৃত্যুর আগে সবশেষ বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বাসদ) এর কেন্দ্রীয় নেতা ছিলেন।

**ওয়াক আউটের প্রেক্ষাপট কী ছিল**

সংসদে সংরক্ষিত বিবরণীতে দেখা যাচ্ছে ঘটনাটির বর্ণনা এভাবে দেওয়া আছে: "জনাব মো. আবদুল্যা সরকারঃ জনাব স্পিকার সাহেব, অন আ পয়েন্ট অব অর্ডার। গতকাল ২০ জানুয়ারি রোজ রবিবার ঢাকা শহরে জনগণের ওপর রক্ষীবাহিনী যে নির্মম অত্যাচার চালিয়েছিল সে সম্পর্কে আমি বলতে চাই যে....। শ্রী মনোরঞ্জন ধর (আইন ও সংসদ বিষয়াবলী মন্ত্রী) : জনাব স্পিকার সাহেব, দিজ ইজ নো পয়েন্ট অব অর্ডার। জনাব মো. আবদুল্যা সরকারঃ জনাব স্পিকার সাহেব, গতকাল ঢাকা শহরে জনগণের ওপর রক্ষীবাহিনী যে ঘৃণ্য অত্যাচার চালিয়েছিল সে সম্পর্কে আমাকে সংসদে বক্তব্য রাখতে না দেওয়ায় আমি ওয়াক আউট করছি। শ্রী মনোরঞ্জন ধরঃ জনাব স্পিকার সাহেব, মাননীয় সদস্য জনাব আবদুল্যা সরকার যে ভাষণ দিয়েছেন, তা সংসদের কার্য-বিবরণী থেকে বাদ দেওয়া হোক।„ এই বিবরণী থেকে বোঝা যায় যে, মি. সরকার ১৯৭৪ সালের ২০ জানুয়ারি ঢাকায় তখনকার রক্ষীবাহিনী সম্পর্কে নির্যাতন বা নিপীড়নের কোনো অভিযোগ তুলে ধরতে চেয়েছিলেন। কিন্তু স্পিকার তাতে সম্মতি দেননি। দৈনিক ইত্তেফাকের ১৯৭৪ সালের ২২ জানুয়ারি সংখ্যায় "শীতকালীন অধিবেশনের প্রথম ওয়াক-আউট: বিরোধী সদস্যের মূলতবি প্রস্তাব নাকচ„ শীর্ষক সংবাদ প্রকাশিত হয়। এই সংবাদের দ্বিতীয় প্যারায় বলা হয়েছে, "বিরোধীমনা সদস্যদের অভিমত ব্যক্ত করার অবকাশ না দেওয়ায় স্বতন্ত্র সদস্য জনাব আবদুল্লাহ সরকার ওয়াক আউট করেন। ইহাই ছিল শীতকালীন অধিবেশনের প্রথম ওয়াক আউট। অন্যান্য বিরোধী মনা সদস্যরা অবশ্য স্ব স্ব আসনেই অধিষ্ঠিত থাকেন।„

দৈনিক বাংলার ওই দিনের পত্রিকায় সংসদ গ্যালারী থেকে শীর্ষক সংবাদে বলা হয়, "গতকাল জাতীয় সংসদে নির্দলীয় সদস্য জনাব আবদুল্লাহ সরকার একাকী ওয়াকআউট করেন। যে প্রসঙ্গটি নিয়ে তিনি ওয়াকআউট করেন, সেই প্রসঙ্গটি উত্থাপন করেছিলেন জাসদ সদস্য জনাব সাত্তার। কিন্তু জনাব সাত্তার জনাব আবদুল্লাহ সরকারের সঙ্গে ওয়াকআউটে যোগ দেননি। জনাব সাত্তার গতকাল একটি মুলতবি প্রস্তাব উত্থাপনের নোটিশ দিয়েছিলেন। এই সংসদে মুলতবি প্রস্তাব উত্থাপনের চেষ্টা এটাই প্রথম।„ পত্রিকাটির ওই খবর অনুযায়ী সংসদে তখন ডেপুটি স্পিকার মোহাম্মদ বয়তুল্লাহ সভাপতিত্ব করছিলেন। তিনি নোটিশটি নাকচ করে দেন। এরপরই আবদুল্যা সরকার বৈধতার প্রশ্ন উত্থাপন করে পয়েন্ট অব অর্ডারে রক্ষীবাহিনী নিয়ে অভিযোগ করে আলোচনার দাবি জানান। কিন্তু তাকে বক্তব্য দিতে না দেওয়ায় তিনি ওয়াক আউট করেন। ওই সময়ের দৈনিক ইত্তেফাক ও দৈনিক আজাদের খবর অনুযায়ী ১৯৭৪ সালের ২০ জানুয়ারি তখনকার বিরোধী দল জাসদ 'গণ প্রতিরোধ দিবস' ও সকাল থেকে বেলা দুটা পর্যন্ত হরতালের কর্মসূচি পালন করেছিল। এ কর্মসূচিকে কেন্দ্র করে ১৪৪ ধারা জারি করেছিল কর্তৃপক্ষ। কিন্তু বিরোধী দলগুলো তা লঙ্ঘন করে মিছিল সমাবেশ শুরু করলে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিশেষ করে রক্ষীবাহিনী, বিডিআর (বর্তমান বিজিবি) ও পুলিশের ব্যাপক হামলা ও লাঠিচার্জের ঘটনা ঘটে। ইত্তেফাকের রিপোর্টে বলা হয়েছে, "গতকাল ঢাকার বিভিন্ন ঘটনায় ও ১৪৪ ধারা ভঙ্গের চেষ্টার অভিযোগে রক্ষীবাহিনী, বিডিআর ও পুলিশ বেশ কিছু লোককে গ্রেফতার করিয়াছে। কাঁদুনে গ্যাস, লাঠিচার্জ ও অন্যান্যভাবে আনুমানিক অর্ধশতাধিক ব্যক্তি আহত হইয়াছে....।„ ঘটনার পরদিন একুশে জানুয়ারি এ ঘটনা সম্পর্কেই সংসদে বক্তব্য রাখতে চেয়েছিলেন আবদুল্যা সরকার। কিন্তু সেই সুযোগ না পেয়ে ওয়াকআউট করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে মৃতের সংখ্যা বেড়ে ৩৮৯

নেপাল পুলিশের তথ্য অনুযায়ী, সেখানে আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৩৮৯ হয়েছে। কয়েক ঘণ্টা আগে তারা ৩৫৯ জনের মৃতের তথ্য জানিয়েছিল। এদিকে, নেপালের জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, বন্যার পর ৯১০ জন মানুষ এখনো নিখোঁজ রয়েছেন এবং তাদের সঙ্গে যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি। এদের মধ্যে ৫১৭ জন বিদেশি নাগরিক। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ নারগীস)

## প্রায় ৬০০ জনকে উদ্ধারের তথ্য জানালেন নেপালের প্রধানমন্ত্রী

নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ জানিয়েছেন, অনুসন্ধান কার্যক্রমে অংশ নিতে নেপাল সেনাবাহিনী, সশস্ত্র পুলিশ বাহিনী এবং জাতীয় পুলিশের ১৩ হাজারের বেশি সদস্যকে মোতায়েন করা হয়েছে। এছাড়া দিনজুড়ে পরিচালিত ৬৯টি ফ্লাইটের মাধ্যমে ৫৭৩ জনকে উদ্ধার করা হয়েছে। তিনি আরও জানান, অস্থায়ী ত্রাণশিবির স্থাপন করা হয়েছে এবং আহত নাগরিকদের বিনামূল্যে চিকিৎসা দেওয়া হচ্ছে। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করে এই বক্তব্য

দেন তিনি। বালেন্দ্র শাহ বলেন, সরকারের প্রধান লক্ষ্য হলো প্রাণ রক্ষা করা, নিখোঁজ ব্যক্তিদের খুঁজে বের করা এবং ক্ষতিগ্রস্তদের ত্রাণ সহায়তা প্রদান করা।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ নারগীস)

## নেপালে ১৭ হাজারের বেশি শিশুর জরুরি মানবিক সহায়তা প্রয়োজন : ইউনিসেফ

আকস্মিক বন্যায় নেপালের ১৭ হাজারের বেশি শিশুর জরুরি মানবিক সহায়তার প্রয়োজন দেখা দিয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফ। নেপালে সংস্থাটির প্রতিনিধি অ্যালিস আকুঙ্গা জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত এলাকার শিশুরা "তাদের জীবনকে কার্যত চোখের সামনে ভেসে যেতে দেখেছে„ এবং "অনেকেই তাদের প্রিয়জনকে হারিয়েছে।„ তিনি আরও বলেন, "যারা বন্যা থেকে বেঁচে ফিরেছেন, সেই শিশুরা এখন রোগব্যাধি, পুষ্টিহীনতা এবং সহিংসতার উচ্চ ঝুঁকির মধ্যে রয়েছে।„ আকুঙ্গা জানান যে, ইউনিসেফ মাঠপর্যায়ে সহায়তা প্রদান করে যাচ্ছে, তবে "প্রয়োজনীয় প্রতিটি শিশুর কাছে পৌঁছানোর জন্য„ তাদের আরও সম্পদের প্রয়োজন। সম্পূর্ণ ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ না হওয়া পর্যন্ত প্রাথমিক কার্যক্রম চালিয়ে যেতে সংস্থাটি এক কোটি ৭২ লাখ মার্কিন ডলার অনুদান চেয়েছে। পাশাপাশি তহবিল না পেলে নারী ও শিশুদের জন্য তাদের সেবা "মারাত্মকভাবে ব্যাহত হবে„ বলেও সতর্ক করেছে। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## অধিবেশনের প্রথম দিনেই সংসদ থেকে বিরোধী দলের ওয়াক আউট

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের প্রথম দিনেই আবারও ওয়াকআউট করলো সংসদের বিরোধী দল। বৃহস্পতিবার সংসদের আইন প্রণয়ন কার্যাবলি শুরুতেই, সরকারি দলের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে সংসদ থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত জানান বিরোধী দলের নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ড. শফিকুর রহমান। এসময় সরকারের বিরুদ্ধে একপেশেভাবে সংসদ পরিচালনার অভিযোগ তোলেন তিনি। বিরোধী দলীয় নেতা বলেন, বিদ্যুৎ খাতের অব্যবস্থাপনা, গ্যাসের তীব্র সংকট, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি- এমন নানা বিষয়ে সংসদে আলোচনার জন্য সংসদ অধিবেশন আহ্বানের কথা বলা হলেও ডাকা হয়নি। সংসদ আহ্বান করা হয়েছে, কিন্তু গণভোটের রায় বাস্তবায়নের বিষয়ে এই সংসদে কোনো সমাধান হয়নি- বলেও অভিযোগ করেন তিনি। এছাড়া, গণভোটের রায় মানা হয়নি বরং ১৩৩টা অর্ডিনেন্স এর মধ্যে ২০টিকে বাদ দেওয়া হয়েছে বলেও মন্তব্য করেন বিরোধী দলের নেতা। মি. রহমান বলেন, "সব কিছুতে সংসদকে একপেশেভাবে নিয়ে যাওয়া হচ্ছে।„ এসব কারণ উল্লেখ করে সংসদ থেকে ওয়াকআউটের সিদ্ধান্ত জানান বিরোধী দলীয় নেতা। "আমরা পুরা সংস্কার চাই, আমরা গণভোটের বাস্তবায়ন চাই এবং আমরা এইভাবে কোনো প্রসেসের অংশ হতে চাই না। এজন্য আমরা এখন আর কোনো আলোচনায় অংশগ্রহণ করবো না, এই পর্বে আমরা ওয়াকআউট করছি,„ বলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে অনুসন্ধান অভিযানে মোতায়েন পুলিশ ও সেনাবাহিনীর হাজারো সদস্য

তিব্বত সীমান্তসংলগ্ন নেপালের বিভিন্ন এলাকায় আঘাত হানা ভয়াবহ আকস্মিক বন্যার পর দেশজুড়ে ব্যাপক অনুসন্ধান ও উদ্ধার অভিযান চলছে। নেপালের জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, এই অভিযানে সহায়তার জন্য পুলিশ, সেনাবাহিনী এবং সশস্ত্র পুলিশ বাহিনীর মোট ৯ হাজার ২৬০ জন সদস্যকে মোতায়েন করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## চীনে তৈরি হওয়া নতুন হ্রদের পানি বাড়ছে, ভেঙে যেতে পারে তীর

চীন-নেপাল সীমান্তে একটি নতুন হ্রদ তৈরি হয়েছে, যেখানে দ্রুত পানি জমছে। এতে আশঙ্কা দেখা দিয়েছে যে হ্রদটির তীর ভেঙে যেতে পারে। এমন সময় এই উদ্বেগ তৈরি হয়েছে, যখন উদ্ধারকারীরা বুধবারের ভূমিধসের পর বেঁচে থাকা মানুষদের খুঁজে বের করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তিব্বতে চীনের অনুসন্ধানী দলগুলো দিনভর গিরং বন্দরের আশপাশে বন্যার ঝুঁকি মূল্যায়ন করেছে। নেপালের চোচেন নদী এবং পুরুচাংপো জাংবো নদীর মিলনস্থলের কাছে এই হ্রদ গঠিত হয়েছে। তারা রাষ্ট্রায়ত্ত গণমাধ্যমকে জানিয়েছে, উদ্ধারকাজে নিয়োজিত সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করতে এই জলাধারকে স্থিতিশীল রাখা এখন অগ্রাধিকার। চীনের পানি সম্পদ মন্ত্রণালয় মডেলিং প্রযুক্তি ব্যবহার করে হ্রদটিতে থাকা পানির পরিমাণের হিসাব করেছে। তারা এখন বলছে, বৃষ্টিপাত অব্যাহত থাকলে আগামী তিন দিনের মধ্যে হ্রদটির তীর ভেঙে যাওয়ার উচ্চ ঝুঁকি রয়েছে। মন্ত্রণালয়টি জানিয়েছে, সম্ভাব্য ভাঙনের জন্য তারা প্রস্তুতি নেবে এবং জরুরি উদ্ধার কার্যক্রমে সহায়তা দেবে।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## ‵দুষ্টু লোকেরা বলে, টুকু আসে টুকু যায়, গ্যাস-বিদ্যুৎ নিয়ে সংসদে রুমিন ফারহানা

"গ্যাস আর বিদ্যুতের ব্যাপারে মানুষ বলে, দুষ্টু লোকেরা বলে, অবশ্য ভালো লোক না, টুকু আসে টুকু যায়- এই আসে এই যায়, কতক্ষণ থাকে তারা নাকি বুঝতে পারে না।„ দেশের গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি নিয়ে এই মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদে তৃতীয় অধিবেশনে, ৭১ বিধিতে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় দ্রব্যমূল্য এবং দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি

নিয়েও কথা বলেন তিনি। মিজ ফারহানা বলেন, "আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কথা বলতে গেলে সমস্যা হচ্ছে, আমাদের যিনি স্বরাষ্ট্রমন্ত্রী আছেন, তিনি হয় ব্যাঙ্গ করেন আর না হলে তিনি বাগচাতুর্য দিয়ে পুরো বিষয়টিকে ঢেকে দিতে চান।„ সরকারের ১৮০ দিনের অগ্রাধিকার তালিকায় থাকা দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং কর্মসংস্থান সৃষ্টির বিষয়েও কথা বলেন রুমিন ফারহানা। "যখন তেলের দাম বাড়ছে, যখন বিদ্যুতে হাহাকার এবং যখন গ্যাস পাওয়া যায় না- তখন এক কোটি নতুন কর্মসংস্থান তৈরি করবে বলে যেই সরকার প্রতিশ্রুতি দিয়েছিল নির্বাচনে, সেই সরকার ক্ষমতায় আসার ছয় মাসের মধ্যে ৬২ হাজার লোক তাদের চাকরি হারিয়েছে,„ বলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে সার সংকট আছে নাকি নেই?

"পাঁচ বিঘা জমিতে সার লাগবে পাঁচটা, দেয় একটা। লাগবে সকালে, দেয় দুপুরে। এইভাবে ক্ষেত করতে পারবে কেউ?„ বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন রাজশাহীর দুর্গাপুর উপজেলার কৃষক তোরাপ শেখ। আমন মৌসুম সামনে রেখে যখন কৃষকের সারের চাহিদা বাড়ছে, তখন দেশজুড়ে অতি প্রয়োজনীয় এই কৃষিপণ্য নিয়ে এক ধরনের অস্থিরতা চলছে। চাহিদামতো সার না পেয়ে কুড়িগ্রামে একটি ডিলার গোডাউন ভেঙে সার লুটপাট করার ভিডিও সম্প্রতি সামাজিক মাধ্যমে ব্যাপক আলোচনা-সমালোচনা তৈরি করেছিল। অনেক কৃষকের অভিযোগ, সার থাকার পরও কৃত্রিম সংকট দেখাচ্ছে ডিলাররা। ফলে সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দাম দিয়ে খুচরা দোকান থেকে সার কিনতে হচ্ছে তাদের। "খুচরা দোকানে সার মেলে, কিন্তু বস্তার ওপর দুইশ থেকে পাঁচশ টাকা করে বেশি নেয়। প্রয়োজন মেটাতে খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে বেশি দামে কিনতি হচ্ছে,„ বিবিসি বাংলাকে বলেন ঝিনাইদহের কৃষক মোহাম্মদ জনি। ডিলাররা অবশ্য বলছেন, চাহিদা অনুযায়ী সারের পর্যাপ্ত সরবরাহ না থাকায় তারাও রয়েছেন চাপের মধ্যে। "আগের তুলনায় আমরা সার পাচ্ছি কম, কৃষক চাহিদা বেশি। এ মাসে আমি টিএসপি পেলাম ৬০ বস্তা, ডিএপি পেলাম বিএডিসি ৬০ বস্তা, আর বাংলা ৭০ বস্তা, পটাস ৮০ বস্তা। ইউরিয়া আছে, বাকিগুলা সংকট,„ বিবিসি বাংলাকে বলেন রাজশাহীর একজন সারের ডিলার।

সার নিয়ে এই যখন মাঠের বাস্তবতা, তখন 'সংকট নেই' বলে দাবি সরকারের। বরং চাহিদা অনুযায়ী মজুত পর্যাপ্ত বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা। তিনি বলছেন, এ বছর সার বিপণন ব্যবস্থাপনায় কিছু পরিবর্তন আনছে সরকার, যার সাময়িক প্রভাব পড়েছে কৃষক পর্যায়ে। কিন্তু সরকারের এই দাবি যৌক্তিক নয় বলেই মত কৃষি অর্থনীতিবিদদের। তাদের কেউ কেউ বলছেন, মজুত আছে, কিন্তু কৃষক ভোগান্তিতে- এই যুক্তি মেলে না। বরং রাজনৈতিক পটপরিবর্তনের পর দেশের বিভিন্ন খাতের মতো কৃষি বিপণন ও সরবরাহ ব্যবস্থাপনায় এক ধরনের পরিবর্তন বা পালাবদল দেখছেন কৃষি অর্থনীতিবিদরা। তারা বলছেন, সার বিপণন পর্যায়ে নতুন মুখ বা চক্রের আবির্ভাব, আমন মৌসুমের গুরুত্বপূর্ণ সময়ে কৃষকদের ওপর বাড়তি চাপ তৈরি করছে কি না, সেটিও সরকারের খতিয়ে দেখা উচিত।

### সরকারি তথ্যে পর্যাপ্ত মজুত

চাহিদা অনুযায়ী উৎপাদন সক্ষমতা না থাকায় প্রতি বছরই সারের চাহিদা মেটাতে আমদানির ওপর নির্ভর করতে হয় বাংলাদেশকে। তারপরও যতটুকু উৎপাদন সক্ষমতা আছে, সেটিও মিলছে না। কারণ গ্যাস সংকট, যান্ত্রিক ত্রুটি আর কাঁচামাল সংকটে দেশের রাষ্ট্রায়ত্ত সার কারখানাগুলো বছরের বেশিরভাগ সময়ই বন্ধ। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন বা বিসিআইসি ও কৃষি মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরেও সারের মোট চাহিদার প্রায় ৮৩ শতাংশ আমদানি করতে হয়েছিল। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, বাংলাদেশে বর্তমানে বছরে প্রায় ৭০ লাখ মেট্রিক টন রাসায়নিক সারের চাহিদা রয়েছে এবং মোট চাহিদার প্রায় সাড়ে ২৬ লাখ টন-ই লাগে ইউরিয়া সার। আমন মৌসুমের শুরুতে গত কয়েকদিন ধরে দেশের বিভিন্ন জায়গায় সার নিয়ে অস্থিরতার খবর পাওয়া গেছে। কোথাও ডিলারের গুদাম থেকে সার লুট হয়েছে, আবার অনেক জায়গায় বেশি দামে বিক্রির অভিযোগ উঠেছে। তবে, সরকারের পক্ষ থেকে দাবি করা হচ্ছে, সারের সংকট নেই, মজুত পর্যাপ্ত। মঙ্গলবার সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান জানিয়েছেন যে, দেশে বর্তমানে মোট ১৩ দশমিক ৬৫ লাখ মেট্রিক টন সার মজুত রয়েছে। এছাড়া ভবিষ্যতের চাহিদা মেটাতে প্রচুর সার আমদানির অনুমোদন দেওয়া হয়েছে বলেও জানিয়েছেন তিনি। "ইউরিয়া চার দশমিক ৮২২ লাখ মেট্রিক টন, টিএসপি তিন দশমিক ৬৯, ডিএপি ৩ দশমিক ৬৮ এবং এমওপি এক দশমিক ৪৬ লাখ মেট্রিক টন মজুত রয়েছে,„ বলেন মি. রহমান। এছাড়া দুই লাখ ১০ হাজার মেট্রিক টন টিএসপি, দুই লাখ ৮০ হাজার মেট্রিক টন ডিএপি এবং তিন লাখ ৭৫ হাজার মেট্রিক টন এমওপি আমদানি পর্যায়ে রয়েছে বলেও জানান তিনি। অবশ্য, সার বিতরণে কিছুটা অনিয়ম রয়েছে বলেও স্বীকার করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা। তিনি বলছেন, "সরকার, কৃষক ও জনগণের স্বার্থে বিতরণ ব্যবস্থায় কিছু পরিবর্তন আনতে যাচ্ছে।„ উপদেষ্টা বলেন, "২৪ আগস্ট সরকারি ক্রয় কমিটির বৈঠকে তিন লাখ ৬৫ হাজার মেট্রিক টন সার আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। এর এক সপ্তাহ আগে কানাডা, রাশিয়া এবং সৌদি আরব থেকে আরও এক লাখ ১৫ হাজার

টন অনুমোদন দেওয়া হয়েছিল।„ এছাড়া সার উত্তোলন এবং বিতরণের বিষয়ে ডিলারদেরকে সতর্ক করা হয়েছে বলেও জানান তিনি।

এদিকে, সার উত্তোলন, বিতরণ ও ডিলার নিয়োগ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করতে তিন সদস্যের একটি মন্ত্রিসভা কমিটিও গঠন করা হয়েছে। ওই কমিটির সদস্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম বুধবার একটি অনুষ্ঠানে জানিয়েছেন যে, সারের বিদ্যমান ডিলারশিপ বাতিল না করে বরং ডিলারদের কমিশন বাড়ানোর বিষয়টি পর্যালোচনা করছে সরকার। এদিকে, বাংলাদেশে সারের কোনো ঘাটতি নেই, বরং সার নিয়ে যতটা না বাস্তব সংকট, তার চেয়ে বেশি রটনা হচ্ছে বলে বুধবার লালমনিরহাটে একটি অনুষ্ঠানে বলেছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু, যিনি সার সংক্রান্ত ওই মন্ত্রিসভা কমিটির সদস্য। সার বিতরণ ব্যবস্থা গতিশীল করতে প্রতিটি ইউনিয়নে আরও একজন করে ডিলার নিয়োগ দেওয়া হবে বলেও তিনি জানান।

**বিতরণে সমস্যা, যৌক্তিক নয়**

সরকার বলছে, সারের পর্যাপ্ত মজুত রয়েছে। তাহলে দেশের বিভিন্ন স্থানে সারের দাম এবং প্রাপ্যতা নিয়ে অস্থিরতা কেন– এই প্রশ্ন তুলেছেন কৃষি অর্থনীতিবিদরা। সার বিপণন ব্যবস্থা নিয়ে যে সমস্যার কথা সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, সেটিও যৌক্তিক নয় বলেই মত তাদের। তাদের মতে, সরকারিভাবে প্রতি বছর যে প্রক্রিয়ায় সার সরবরাহ ও বিপণন করা হয়, সেটি নতুন কোনো ব্যবস্থা নয় যে, হঠাৎই ভেঙে পড়বে। সারের মজুতে ঘাটতি থাকার প্রভাবই মাঠ পর্যায়ে পড়ছে বলেই মনে করেন কৃষি অর্থনীতিবিদ অধ্যাপক মোহাম্মদ সাইদুর রহমান। "আমন মৌসুম মাত্র শুরু হলো, আমাদের তো আরও দেড় থেকে দুই মাস সারের নিরবচ্ছিন্ন সরবরাহ প্রয়োজন হবে। কিন্তু সেই অবস্থায় এখনই যদি এমন হয় তাহলে তো মুশকিল,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। সার সরবরাহের বর্তমান পরিস্থিতির সঙ্গে ক,দিন আগের জ্বালানি তেল সংকটের মিল দেখছেন এই কৃষি অর্থনীতিবিদ। তিনি বলছেন, "আমাদের জ্বালানি তেলের যে অবস্থা হয়েছিল, এইটা সেইম। সরকার বলতেছে কোনো ঘাটতি নাই কিন্তু পাম্পে আমরা তেল পেলাম না।„ প্রয়োজনের তুলনায় সার সরবরাহ অপ্রতুল, এটি অস্বীকার করার সুযোগ নেই বলেই মনে করেন শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অধ্যাপক রিপন কুমার মণ্ডল। কিন্তু যতটুকু সার এখনো দেশে রয়েছে তার বিতরণ বা ব্যবস্থাপনা সঠিকভাবে হচ্ছে না বলেই মনে করেন তিনি। "ধরে নিলাম সার কম আছে, কিন্তু যতটা আছে, সেটা মাঠে যাচ্ছে না কেন? কুড়িগ্রামে যে সার গোডাউন ভেঙে নেওয়া হলো, সার পেলে তো আর সেটা হয় না,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এক্ষেত্রে রাজনৈতিক পটপরিবর্তনের পর ডিলারশিপসহ সারা দেশে সার বিপণন ব্যবস্থায় নতুন সিন্ডিকেটের আবির্ভাব ঘটেছে বলেও মনে করে কৃষি অর্থনীতিবিদদের কেউ কেউ। "আগে একটা গ্রুপ মধ্যস্বত্বভোগী ছিল, এখন নতুন একটি গ্রুপ এখানে ঢুকেছে। তারা নতুন মৌসুমটিকে বেছে নিয়েছে কি না, সেটিও খতিয়ে দেখা দরকার„ বলেই মনে করেন মি. মণ্ডল। এছাড়া বাজার ব্যবস্থাপনায় অস্থিরতা তৈরি হলে তার প্রভাব সাধারণ কৃষকদের মধ্যে শঙ্কা তৈরি করে বলেই মনে করেন এই কৃষি অর্থনীতিবিদ। "এখন একটা পিক সময়। সার যদি সঠিক সময়ে না পায়, তাহলে একটা শঙ্কা কাজ করবে কৃষকদের মধ্যে। ফলে অনেক কৃষকের মধ্যে ভবিষ্যতের জন্য সার মজুত করার একটি প্রবণতা তৈরি হতে পারে বলেও মনে করেন মি. মণ্ডল। এক্ষেত্রে দেশে সারের মজুত কত রয়েছে এবং এলাকাভেদে কত সার দেওয়া হচ্ছে, সেটি স্বচ্ছভাবে ঘোষণা দেওয়া উচিত বলেই মনে করেন কৃষি অর্থনীতিবিদরা। বিবিসি বাংলাকে মি. মণ্ডল বলছেন, "কোন উপজেলায় কত বরাদ্দ আছে, সেটা যখন জানবে সবাই এবং সেই অনুযায়ী সরবরাহ করা হবে, তাহলে ডিলার পর্যায়ে বা যে-কোনো পর্যায়ে মজুতের অভিযোগ উঠবে না।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## রংপুরের চাঞ্চল্যকর চার খুন নিয়ে এত সন্দেহ ও অবিশ্বাস কেন?

বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলা রংপুর জেলা স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি চক্রবর্তীসহ তার পরিবারের চার সদস্যের হত্যাকাণ্ডের তদন্ত নিয়ে পুলিশ ও ময়না তদন্তকারী চিকিৎসকের বক্তব্য নিয়ে মানুষের মনে নানা প্রশ্ন, সন্দেহ ও অবিশ্বাস তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ওই ঘটনার পর পুলিশের দেওয়া বিভিন্ন বক্তব্য ও তদন্তের নানা সূত্র ও অসঙ্গতি নিয়ে মানুষকে প্রশ্ন তুলতে দেখা গেছে। এদিকে, পুলিশ বলছে তাদের তদন্তে অগ্রগতি রয়েছে। কিন্তু প্রশ্ন উঠেছে, চাঞ্চল্যকর এ হত্যাকাণ্ড নিয়ে মানুষের মনে এত প্রশ্ন, সন্দেহ ও অবিশ্বাস তৈরি হয়েছে কেন? অপরাধ বিজ্ঞানী ও সাবেক পুলিশ কর্মকর্তারা বলছেন, অপরাধের ঘটনা নিয়ে তাড়াহুড়ো করে আইন-শৃঙ্খলা বাহিনী কথা বললে মানুষের মাঝে সন্দেহ ও অবিশ্বাস তৈরি হয়। এটা একটি মনস্তাত্ত্বিক বিষয়। এছাড়া, নানা ধরনের চাপ ও আইনগত কারণে পুলিশ বাহিনীও বাংলাদেশে নিরপেক্ষভাবে কাজ করতে পারে না। ফলে সত্য উদ্‌ঘাটনে তাদের সামর্থ্য নিয়েও সন্দেহ পোষণ করেন কেউ কেউ। ফলে নানা প্রশ্ন উঠতে দেখা যাচ্ছে। যদিও অপরাধ বিশেষজ্ঞেরা বলছেন, অপরাধের ক্ষেত্রে অপরাধীর উদ্দেশ্য, মোটিভ ও প্রক্রিয়া যাচাই করে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটনে সময় লাগে, সেজন্য তাড়াহুড়া না করার পরামর্শ দেন তারা।

**কেন এ হত্যাকাণ্ড নিয়ে সন্দেহ, প্রশ্ন ও অবিশ্বাস?**

গত শনিবার অর্থাৎ ২২শে অগাস্ট রাতে রংপুরের দাসপাড়া মাছুয়াপাড়া এলাকা থেকে জেলা স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি চক্রবর্তী ও তার পরিবারের চার সদস্যের মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে ওই ঘটনায় মামলা দায়েরের আগেই মুগ্ধ দাস ও সিদ্ধার্থ দাস নামে স্থানীয় দুই ব্যক্তিকে আটক করে পুলিশ দাবি করে, ওই দুই ব্যক্তিই মি. চক্রবর্তী, তার স্ত্রী, কন্যা ও পুত্রকে একে একে হত্যা করেছে। পরে হত্যাকাণ্ডের ঘটনায় নিহত গণপতি চক্রবর্তীর ভাই গোপীনাথ চক্রবর্তী বাদী হয়ে থানায় হত্যা মামলা দায়ের করেন। এদিকে, চাঞ্চল্যকর এ ঘটনা প্রকাশ্যে আসার পর থেকেই গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে এ নিয়ে নানা প্রশ্ন উঠতে দেখা যায়। হত্যাকাণ্ড সংঘটিত হওয়া বাড়িটির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন ছিল কিনা, নিহত একজন নারী ধর্ষণের শিকার হয়েছিলেন কিনা, মাদকাসক্ত দুইজন মানুষ চারজনকে হত্যা করতে পারে কিনা, খুনি সন্দেহে গ্রেফতার ব্যক্তি ও পুলিশ কর্মকর্তার একই রকম শার্ট কেন, আসলেই মাদক গ্রহণে বাধা দেওয়ায় হত্যাকাণ্ড নাকি এটি ডাকাতির ঘটনা- এমন নানা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে নেটিজেনদের নিউজ ফিডে। এছাড়া, হত্যাকাণ্ডের পরও কেন আসামিরা ঘটনাস্থলে অবস্থান করছিল, নিহতদের শরীরে বা পোশাকে কিংবা ঘটনাস্থলে আসামিদের ডিএনএ বা আঙুলের ছাপ পাওয়া গেছে কিনা- এমন প্রশ্নও উঠছে। সেই সাথে, নিহত মি. চক্রবর্তীর মেয়ের চোয়াল ভাঙ্গা ছিল কিনা তা নিয়ে পুলিশ ও ময়না তদন্তকারী চিকিৎসকের বক্তব্যের অমিল নিয়েও প্রশ্ন ও সন্দেহের কথা বলছেন কেউ কেউ। কিন্তু প্রশ্ন হচ্ছে, কেন এ ঘটনা নিয়ে এত সন্দেহ ও অবিশ্বাস? বিশ্লেষকেরা বলছেন, চাঞ্চল্যকর অপরাধের ঘটনা বিশেষত অমীমাংসিত হত্যাকাণ্ডের ঘটনায় পুলিশের তদন্ত নিয়ে অবিশ্বাস বা সন্দেহ তৈরির ঘটনা এটাই প্রথম নয়। এর আগেও নানা সময়ে প্রশ্নের মুখে পড়েছিল পুলিশের তদন্ত। এর মধ্যে সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলা, কুমিল্লার তনু হত্যা, মেজর সিনহা হত্যা, ফেনীর নুসরাত হত্যা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু বকর সিদ্দিক হত্যা মামলাসহ আরো বেশ কিছু মামলার তদন্ত নানা সময়ে প্রশ্নের মুখে পড়েছে। বিষয়টি বিভিন্ন সময় পুলিশের পক্ষ থেকে স্বীকারও করা হয়েছে।

পুলিশের সাবেক মহাপরিদর্শক নুরুল হুদা মনে করছেন, পুলিশের তদন্ত নিয়ে মানুষের মনে অবিশ্বাস ও সন্দেহের অনেক কারণের একটি হচ্ছে, ব্রিটিশ আমলে তৈরি আইনে পুলিশকে তদন্ত সংস্থা হিসেবে খুব একটা বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত করা হয়নি। বিবিসি বাংলাকে মি. হুদা বলেন, "পুলিশ অ্যাজ অ্যান ইনস্টিটিউশন অর অ্যাজ অ্যান অর্গানাইজেশন, এইটা বিশ্বাসযোগ্য করে তোলা হয়নি। তো এখন সেখান থেকে রাতারাতি খুব ভালো আচরণ কী করে আশা যাবে?„ এছাড়া, নানা ধরনের চাপের কারণেও পুলিশের তদন্তে প্রভাব পড়ে বলে মনে করেন পুলিশের সাবেক এই মহাপরিদর্শক। মি. হুদা বলেন, "পুলিশ নিরপেক্ষভাবে এই দেশে কাজ করতে পারে না। আইনগত কতগুলো অসুবিধা রয়ে গেছে এবং প্র্যাকটিসেও (চর্চাতেও)। পুলিশ সরকারের নির্বাহী বিভাগের অংশ। সে কারণে নির্বাহী বিভাগের পার্ট বা অংশ হলে সেখানে অনেক রকম চাপ থাকে। অত প্রেশার যেখানে থাকে, সেখানে তো ভালোভাবে তদন্ত হওয়ার কথা না।„ তবে, অপরাধ বিশেষজ্ঞরা বলছেন, অনেক সময়ই ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণের আগেই আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের অনুমান-নির্ভর বক্তব্য জনমনে বিভ্রান্তি তৈরি করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান রেজাউল করিম সোহাগ বলছিলেন, "স্পর্শকাতর ইস্যুতে তাড়াহুড়ো করতে গিয়ে একেক অফিসার, একেক এজেন্সি প্রধান একেক ধরনের বক্তব্য দিচ্ছেন। এর ফলে জনগণের মধ্যে বিশাল একটা সংশয় তৈরি হয়ে যায়।„ এর সঙ্গে আইন-শৃঙ্খলা বাহিনী অনেক সময় ক্রেডিট নেওয়ার মানসিকতা থেকে নানা ভুল করে থাকে বলেও মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই শিক্ষক। "আইন-শৃঙ্খলা বাহিনী প্রথমে অনুমান-নির্ভর কথা বললে পরবর্তীতে ঘটনার সত্য উদ্‌ঘাটন হলেও মানুষের মাঝে অবিশ্বাস থেকেই যায়। পরবর্তীতে আমরা দেখি যে, সত্য উদ্‌ঘাটন হলেও সে বিষয়টার প্রতি একটা অনাস্থা তৈরি হয়।„ ঘটনার পর ফরেনসিক প্রতিবেদনের ভিত্তিতে ঘটনার সত্যতা উদ্‌ঘাটন করতে হয় এবং সেজন্য প্রয়োজনীয় সময় নেওয়ার বিষয়টি উল্লেখ করেন তিনি। "সুনির্দিষ্ট করে একদম ভ্যালিড একটা ইনফরমেশন জনগণের কাছে যদি শেয়ার করি, তাহলে তো এখানে কোনো ফাঁক-ফোকড় থাকে না, লিমিটেশনস থাকে না, তাহলে জনগণের মধ্যে কোনো কনফিউশন থাকে না। এই যে আমরা তাড়াহুড়া করি, তাড়াহুড়া করতে গিয়েই প্রথম ইনফরমেশনের সাথে শেষের ইনফরমেশনের মিল থাকে না। ফলশ্রুতিতেই নানা প্রশ্নসহ এ ধরনের সমস্যাগুলো তৈরি করে।„

**কী বলছেন তদন্ত কর্মকর্তা**

এদিকে, হত্যাকাণ্ডের এক সপ্তাহ পেরুনোর আগেই মামলাটির তদন্তের দায়িত্ব থানা পুলিশের কাছ থেকে পুলিশের গোয়েন্দা শাখায় হস্তান্তর করা হয়েছে। মামলার নতুন তদন্ত কর্মকর্তা গোয়েন্দা শাখার পরিদর্শক জিন্নাত আলী। বিবিসি বাংলা তার কাছে চাঞ্চল্যকর এ ঘটনার তথ্য ও সূত্র নিয়ে গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে ওঠা নানা প্রশ্ন নিয়ে জানতে চেয়েছিল, তিনি সেসবের জবাবে বলছেন, "মানুষ প্রশ্ন তুলতেই পারে, তাতে অসুবিধা নেই।„ তবে তিনি বিবিসিকে বলেন, "আমার তদন্ত নিরপেক্ষভাবে এবং সঠিক পথে নিয়ে যাওয়ার জন্য যে যে কাজগুলো করা দরকার, আমি করতেছি।„ মি. আলী জানিয়েছেন, মঙ্গলবার রাতে এ মামলায় সীমান্ত দাস, যিনি গ্রেফতার দুই ব্যক্তির বন্ধু, তিনি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে জানিয়েছেন, ঘটনার আগে গ্রেফতার দুই ব্যক্তি মাদক গ্রহণ করেছিল।

সবশেষ ওই ঘটনার সময় ধর্ষণের ঘটনা ঘটেছিল কিনা প্রশ্নের জবাবে মি. আলী বলেছেন, তিনি অফিসিয়ালি পোস্ট মর্টেম রিপোর্ট বা ময়না তদন্ত প্রতিবেদনটি এখনো হাতে পাননি। "আমরা আন-অফিশিয়ালি পেয়েছি। অফিশিয়ালি পাই নাই। ধর্ষণের কোনো আলামত নাই। তবে, ধস্তাধস্তি তো থাকবেই।„

এদিকে, গ্রেফতার ব্যক্তিদের মাদকাসক্ত বলা হয়েছে। কিন্তু তারা আসলেই মাদকাসক্ত ছিল কিনা তা নিশ্চিত হতে ডোপ টেস্ট করা হয়েছে কিনা এমন প্রশ্নে মি. আলী বলেছেন, "ওটাও করবো। ওটার সময় আছে তো, ৯০ দিন পর্যন্ত সময় থাকে। এখনো করা হয়নি।„ এদিকে, আসামিদের একজনের গায়ের জামা এবং রংপুরেরই একজন পুলিশ কর্মকর্তার গায়ের জামা একই ধরনের- এমন ছবি অনেকেই শেয়ার করে কেউ কেউ প্রশ্ন তুলেছেন যে, পুলিশের জামা ওই ব্যক্তির গায়ে গেল কী করে। রংপুর গোয়েন্দা পুলিশের উপ-কমিশনার সনাতন চক্রবর্তী সোমবার বিবিসি বাংলাকে বলেছেন, "ওই জামা রংপুরে আমিসহ আরও দুশো লোকের আছে। আমার শার্ট আমারই আছে। এ নিয়ে উদ্দেশ্যপ্রণোদিতভাবে অপপ্রচার চালানো হচ্ছে।„(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে ২৮৮ জন ভারতীয়র সঙ্গে যোগাযোগ করা যায়নি, জানাল ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়

নেপালে দুর্যোগের কারণে আটকে রয়েছেন বা যোগাযোগ করা সম্ভব হচ্ছে না এমন ভারতীয় নাগরিকের সংখ্যা ২৮৮ জন বলে জানিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। বৃহস্পতিবার দুপুরে মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, নেপালে আকস্মিক বন্যার কারণে "এখনো পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী, সেখানে আটকে আছেন বা যোগাযোগ করা সম্ভব হয়নি এমন ২৮৮ জন ভারতীয় নাগরিক রয়েছেন। এদের মধ্যে ত্রিশুলি ওয়ান পাওয়ার প্রজেক্টে কর্মরত ৭৩ জন রয়েছেন। কাঠমান্ডুতে আমাদের দূতাবাসের পক্ষ থেকে ওই প্রজেক্টের দায়িত্বে থাকা কর্মকর্তার সঙ্গে যোগাযোগ রাখা হয়েছে।„ তিনি জানিয়েছেন, দুর্যোগের কারণে সেখানে যোগাযোগ ব্যবস্থা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে উদ্ধারের কাজ চলছে। ওই কর্মীরা ছাড়াও ভারতীয় পর্যটকরাও রয়েছেন। কৈলাস ও মানস সরোবরের উদ্দেশে রওনা হওয়ার তামিলনাড়ুর ৩৭ ও ৪৯ জনের দুটো দল রয়েছে এবং পশ্চিমবঙ্গ থেকে যাওয়া ৩২ জনের একটা দল রয়েছে। পশ্চিমবঙ্গ থেকে যাওয়া পর্যটক দল রাসুয়া অঞ্চলের তিমুরের কাছে ছিল। রাসুয়া জেলাতেই এই আকস্মিক বন্যা হয়েছে। এছাড়া কেরালা থেকে ৩৩ জনের একটা দল এবং ভারতের বিভিন্ন প্রান্ত থেকে ৬১ জনের অন্য একটা দলও রয়েছে, যাদের সঙ্গে এখনো পর্যন্ত যোগাযোগ করা সম্ভব হয়নি। তামিলনাড়ুর ২১ জন পর্যটককে উদ্ধার করা হয়েছে বলে জানানো হয়েছে। তাদের ফিরিয়ে আনার দ্রুত ব্যবস্থা করা হবে। "ভারতীয় নাগরিকদের সঙ্গে যোগাযোগ করার জন্য আমাদের তরফে সমস্ত রকমভাবে চেষ্টা চালানো হচ্ছে। নেপাল কর্তৃপক্ষের সঙ্গে আমরা নিয়মিত যোগাযোগ রাখছি,„ বলেছেন মি. জয়সওয়াল। কৈলাস ও মানস সরোবরের উদ্দেশ্যে যাওয়া তীর্থ যাত্রীদের মধ্যে অনেকেই চীনের কাছে আটকে রয়েছেন। তাদের সঙ্গে বেইজিং-এ অবস্থিত ভারতীয় দূতাবাস যোগাযোগ রাখছে। "আনুমানিক ২০০ জন ভারতীয় নাগরিক সেখানে আটকে রয়েছেন। আমরা তাদের নিরাপদে উদ্ধার করার চেষ্টা করছি।„

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## মক্কা চুক্তিতে বাংলাদেশের যোগ দেওয়া নিয়ে সংসদে যা বললেন পররাষ্ট্রমন্ত্রী

"মক্কা প্যাক্ট হচ্ছে বিশ্ব মুসলিম সমাজের আত্মরক্ষার একটা ব্যবস্থা এবং এটা আমাদের মুসলিম পরিবারের অভ্যন্তরীণ বিষয়। সুতরাং এটা নিয়ে কারো, অন্যান্যদের উদ্বেগের কোনো অবকাশ নাই।„ এই মন্তব্য করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। বৃহস্পতিবার জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের প্রথম দিনে মক্কা চুক্তি নিয়ে সংসদ সদস্য রুমিন ফারহানার প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, মক্কা প্যাক্ট ইতিবাচক হিসেবেই দেখছে বাংলাদেশ। তবে এ নিয়ে আলোচনা করার সময় এখনো আসেনি। এখানে যুক্ত হওয়ার বিষয়টি নির্ভর করছে এই প্যাক্টের সদস্যদের অভিপ্রায়ের ওপর। যদি সদস্য দেশগুলো এই প্যাক্টে বাংলাদেশকে নেওয়ার ইচ্ছা প্রকাশ করে, তাহলে ইতিবাচকভাবেই বিবেচনা করা হবে বলেও জানান তিনি। উল্লেখ্য, মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে পারস্পরিক নিরাপত্তা সহযোগিতা জোরদার করতে সম্প্রতি সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান একটি যৌথ প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করেছে। এই চুক্তি অনুযায়ী, স্বাক্ষরকারী তিন দেশের যে-কোনো একটির ওপর হামলা হলে সেটিকে তিন দেশের ওপরই হামলা হিসেবে বিবেচনা করা হবে।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে আরো বন্যা ও ভূমিধসের আশঙ্কা

নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ডিজাস্টার স্টাডিজের পরিচালক বসন্ত রাজ অধিকারী বিবিসি নিউজকে বলেছেন, আজ অথবা আগামীকাল বন্যার "দ্বিতীয় ও তৃতীয় ঢেউ„ আঘাত হানার ঝুঁকি রয়েছে। তিনি বলেন, "আমরা এখনো জানি না।„ পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন চীনের এমন সহকর্মীদের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা অব্যাহত রেখেছেন জানিয়ে তিনি বলেন, "ভারী বৃষ্টিপাত নেই, কিন্তু ভূমিধস ঘটতে পারে।" তিনি আরও বলেন, তারা হিমালয় অঞ্চলের প্রাকৃতিক ঝুঁকিগুলো পর্যবেক্ষণ করে আসছেন। "এখানে জলবায়ু পরিবর্তন সত্যিই ঘটছে,„ তিনি ব্যাখ্যা করেন। "আমরা পর্যবেক্ষণ করছিলাম, কিন্তু নির্দিষ্ট কোন দিনে এমনটি ঘটবে, তা আমরা জানতাম না।„

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে এখনো প্রায় ১০০ চীনা নাগরিক নিখোঁজের দাবি

চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ানের মতে, নেপালে আকস্মিক বন্যার পর প্রায় ১০০ জন চীনা নাগরিক নিখোঁজ রয়েছেন বলে জানা গেছে। লিন বলেন, চীন নেপালের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখছে এবং যৌথ অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমে সহায়তা করছে। তিনি আরও বলেন, নেপালের প্রয়োজন অনুযায়ী চীন জরুরি সহায়তাও প্রদান করবে। চীনের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভির তথ্য অনুযায়ী, তিব্বতের গিরং কাউন্টিতে ভূমিধসজনিত দুর্যোগে নিখোঁজ মানুষের সংখ্যা বেড়ে ৫৫৮ জনে দাঁড়িয়েছে, যার মধ্যে ২৬০ জন বিদেশি নাগরিক রয়েছেন। নেপালের জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের সর্বশেষ হালনাগাদে জানিয়েছে, নেপালে আরও ৮২৬ জন মানুষ নিখোঁজ রয়েছেন। বর্তমানে স্পষ্ট নয়, এই সংখ্যাগুলো চীনের দেওয়া পরিসংখ্যানের সঙ্গে আংশিকভাবে মিলে যায় কি না।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপাল `চরম পরিস্থিতির, মধ্যে রয়েছে, `আরও অনেক সহায়তা প্রয়োজন, : রেডক্রস প্রধান

নেপালে আন্তর্জাতিক রেডক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিস ফেডারেশনের প্রতিনিধি দলের প্রধান ডেভিড ফিশার বলেছেন, বুধবারের বন্যায় আক্রান্ত অঞ্চলগুলোতে এখনো ”চরম পরিস্থিতি„ বিরাজ করছে। তিনি বিবিসি রেডিও ৫ লাইভ ব্রেকফাস্টকে বলেন, নেপালের উত্তরাঞ্চলের কিছু এলাকায় ”শুধু হেলিকপ্টারের মাধ্যমে পৌঁছানো সম্ভব, কারণ বন্যায় সেতু ও সড়ক ধ্বংস হয়ে গেছে।„ ”আমাদের দল সেখান থেকে কিছুটা দক্ষিণে অবস্থান করছে এবং তারা স্থানীয় স্বেচ্ছাসেবকদের সঙ্গে যোগাযোগ স্থাপনের জন্য সেখানে যেতে পেরেছে।„ ফিশার বলেন, ”আমাদের কাছে খুবই স্পষ্ট যে, সেখানে জরুরি প্রয়োজন অত্যন্ত তীব্র„ এবং বহু মানুষকে গত রাতে ”খোলা আকাশের নিচে„ রাত কাটাতে হয়েছে। তবে এর চেয়ে অনেক, অনেক বেশি সহায়তা প্রয়োজন। তিনি আরও যোগ করেন, অনেক গ্রাম ও বাজার এলাকা ”ভেসে গেছে„ এবং মৃতের সংখ্যা ”আরও বাড়তে পারে„ বলে তিনি আশঙ্কা করছেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## নেপালে ৫১৭ জন বিদেশিসহ ৯০০ জনের বেশি মানুষ নিখোঁজ

নেপালের জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, বন্যার পর ৯১০ জন মানুষ এখনো নিখোঁজ রয়েছেন এবং তাদের সঙ্গে যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি। এদের মধ্যে ৫১৭ জন বিদেশি নাগরিক, নেপাল সেনাবাহিনীর ৪৪ সদস্য এবং নেপাল পুলিশের ২৮ সদস্য রয়েছেন। সংস্থাটি আরও জানিয়েছে, এখন পর্যন্ত ৩৫১ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। সর্বশেষ হালনাগাদে নেপাল পুলিশের উদ্ধৃতি দিয়ে জানানো হয়েছিল যে, মৃতের সংখ্যা ৩৫৯ জনে পৌঁছেছে। উদ্ধার অভিযান চলমান থাকায়, নেপাল পুলিশ এবং জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পৃথকভাবে পরিস্থিতির হালনাগাদ তথ্য প্রকাশ করছে।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## খোঁজ নেই তামিলনাড়ুর ৩০ জনেরও বেশি পর্যটকের, অপেক্ষায় পরিবার

নেপালে ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য তামিলনাড়ু থেকে আসা ৩০ জনেরও বেশি তীর্থযাত্রীর খোঁজ মিলছে না বলে জানিয়েছে ট্যুর আয়োজন সংস্থা। তামিলনাড়ু থেকে ৫৭ জনের একটা দল কুম্ভকোনম-ভিত্তিক সুপার যাত্রা এজেন্সির সঙ্গে ভ্রমণ করছিল। ওই এজেন্সির মালিক সৈয়দ সাদিক বিবিসি তামিলকে জানান, ওই দলের তার ছেলে উমর ফারুকও রয়েছে। তিনি ওই দলের গাইডের দায়িত্বে ছিলেন। ”বন্যার আগে, মঙ্গলবার রাতে তার সঙ্গে আমার শেষবার কথা হয়েছিল,„ বলেছেন সৈয়দ সাদিক। তাদের জানানো হয়েছে যে, কাঠমান্ডু থেকে পাঠানো হেলিকপ্টার কয়েকজন ভারতীয় নাগরিককে উদ্ধার করেছে, কিন্তু এই ব্যক্তিদের পরিচয় বা তারা কোথা থেকে এসেছেন, তা এখনো স্পষ্ট নয়। মি. সাদিক জানিয়েছেন, তারা অধীর আগ্রহে খবরের জন্য অপেক্ষা করছেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## সংসদে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য ঘিরে হট্টগোল

বাংলাদেশে জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে প্রথম দিনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের একটি বক্তব্য ঘিরে ব্যাপক হট্টগোল হয়েছে। বৃহস্পতিবার সংসদে প্রশ্নোত্তর পর্বে বিরোধী দলের সংসদ সদস্যদের ওপর হামলার ঘটনায় হওয়া মামলায় গ্রেফতার প্রসঙ্গে একটি প্রশ্নের জবাব দেওয়া নিয়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিরোধী দলের একজন সংসদ সদস্যের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”শাহবাগে বক্তব্য দেওয়া আর সংসদে বক্তব্য দেওয়া এক কথা নয়।„ তার এই বক্তব্যের পরই হট্টগোল শুরু করেন বিরোধী দলের সংসদ সদস্যরা। এসময় জাতীয় সংসদের স্পিকার তাদের বারবার বসতে বললেও তারা হট্টগোল চালিয়ে যান। এমন পরিস্থিতির মধ্যেই নিজের বক্তব্য শেষ করেন স্বরাষ্ট্রমন্ত্রী। পরে এ নিয়ে কথা বলেন বিরোধী দলের নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে জাতীয় সংসদ অধিবেশনে তুচ্ছ, তাচ্ছিল্য করে কথা বলার অভিযোগ তোলেন তিনি। ”উনি (স্বরাষ্ট্রমন্ত্রী) নিজেকে কী মনে করেন„ বলেও মন্তব্য করেন মি. রহমান। এসময় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যে অসংসদীয় কিছু

থাকলে পরবর্তীতে তার বক্তব্য এক্সপাঞ্জ করা হবে বলে স্পিকার আশ্বাস দিলেও, তাৎক্ষণিকভাবে স্বরাষ্ট্রমন্ত্রীকে দুঃখ প্রকাশ করতে বলেন বিরোধী দলীয় নেতা। তিনি বলেন, ”সংসদের সৌন্দর্য ঠিক রাখতে ওনাকে দুঃখ প্রকাশ করতে হবে। ওনার কথা এক্সপাঞ্জ করতে হবে, তা না হলে আমরা এখানে বসবো না।„ পরে পরিস্থিতি সামলানোর চেষ্টা করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। এসময় তার একটি বক্তব্য নিয়েও আপত্তি জানান বিরোধী দলের নেতা।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### দেশত্যাগের ৯ বছর পর মিয়ানমারে নিরাপদ প্রত্যাবর্তনের দাবিতে রোহিঙ্গা শরণার্থীদের সমাবেশ

বাংলাদেশে আশ্রয় নেওয়া হাজার হাজার রোহিঙ্গা শরণার্থী, মিয়ানমারে নিজেদের বাড়িঘর থেকে জোরপূর্বক বিতাড়িত হয়ে বিপুল সংখ্যায় দেশত্যাগ করার নয় বছর পূর্তি উপলক্ষে মঙ্গলবার একটি সমাবেশ করেছেন। বিক্ষোভকারীরা তাদের ওপর সংঘটিত নৃশংসতার বিচার চেয়েছেন এবং যত দ্রুত সম্ভব তাদের প্রত্যাবর্তনের সুযোগ তৈরিতে সাহায্য করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। তারা জোর দিয়ে এও বলেছেন যে, প্রত্যাবাসনের ক্ষেত্রে অবশ্যই মিয়ানমারে তাদের অধিকার, নিরাপত্তা এবং নাগরিকত্ব নিশ্চিত করতে হবে। ২০১৭ সালের আগস্টে রোহিঙ্গা জঙ্গিরা পশ্চিমাঞ্চলীয় রাখাইন রাজ্যে পুলিশ ও সামরিক স্থাপনায় হামলা চালায়। এর ফলস্বরূপ সৃষ্ট লড়াই ও সামরিক দমনপীড়নের কারণে ৭ লক্ষেরও বেশি মানুষ প্রতিবেশী দেশ বাংলাদেশে পালিয়ে যেতে বাধ্য হন। তাদের অনেকেইর এখনও শিক্ষা ও কর্মসংস্থানের মতো মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয়ে জনাকীর্ণ ও অস্বাস্থ্যকর আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন। মিয়ানমারের সামরিক-সমর্থিত সরকার চলতি মাসের শুরুতে বলেছে, বাংলাদেশের আশ্রয় শিবিরগুলোতে থাকা তিন লাখেরও বেশি রোহিঙ্গা রাখাইনের প্রাক্তন বাসিন্দা। সরকার এও বলেছে যে, নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হলে তাদের প্রত্যাবর্তন মেনে নেওয়া হবে।(এনএইচকে ওয়েব পেজ: ১৭.০৮.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### গ্রাহকদের কাছে ইরানের তেল সরবরাহ অব্যাহত রয়েছে : পাকনেজাদ

ইরানের তেলমন্ত্রী বলেছেন, ইরানের আঞ্চলিক জলসীমার বাইরে এবং দূর সমুদ্রসীমায় অপরিশোধিত তেল বিক্রির প্রক্রিয়া ও তা ক্রেতাদের কাছে সরবরাহ অব্যাহত রয়েছে। পার্সটুডের প্রতিবেদনে ইরানের সরকারি সম্প্রচার সংস্থার বরাত দিয়ে বলা হয়েছে, ইরানের অপরিশোধিত তেল বিক্রি ও সরবরাহের প্রক্রিয়া সম্পর্কে মোহসেন পাকনেজাদ বলেন, বিভিন্ন সময়ে এমন সুযোগ তৈরি হয়েছিল যে, বিক্রি করা তেলের একটি অংশ ক্রেতাদের নির্ধারিত সরবরাহস্থলে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এর পরিমাণও ছিল উল্লেখযোগ্য। ইরানের তেলমন্ত্রী বলেন, এখন পর্যন্ত ইরানের আঞ্চলিক জলসীমার বাইরে এবং দূর সমুদ্রে তেল বিক্রি ও ক্রেতাদের কাছে তা সরবরাহের কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি বলেন, আমরা যে দুটি অবরোধের মধ্যবর্তী সময় পার করেছি, সেই সময়জুড়েও এই প্রক্রিয়া চলমান ছিল। পাকনেজাদ আরও বলেন, অবরোধের পরও তেল বিক্রির কার্যক্রম অব্যাহত রয়েছে। এই কার্যক্রম যেন অব্যাহত রাখা যায়, সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আমরা আন্তরিকভাবে কাজ করে যাচ্ছি।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ নারগীস)

### ইসরায়েলি দখলদারিত্বের অবসান ছাড়া পশ্চিম এশিয়ায় স্থায়ী শান্তি অসম্ভব

জাতিসংঘে কাতারের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি আলিয়া আহমেদ সাইফ আলে-সানি বলেন, ফিলিস্তিনি জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকার নিশ্চিত করা জরুরি। ইসরায়েলি দখলদারিত্বের অবসান এবং একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা ছাড়া পশ্চিম এশিয়ায় ন্যায়সঙ্গত, সর্বাত্মক ও টেকসই শান্তি অর্জন সম্ভব নয় বলেও তিনি মন্তব্য করেন। পার্সটুডে আরও জানায়, বুধবার রাতে পশ্চিম এশিয়া ও ফিলিস্তিন পরিস্থিতি নিয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে আরব দেশগুলোর পক্ষ থেকে বক্তব্য দিতে গিয়ে আলিয়া আহমেদ সাইফ আলে-সানি ফিলিস্তিনি জনগণের বৈধ অধিকারগুলোর প্রতি আরব দেশগুলোর সমর্থনের কথা তুলে ধরেন। তিনি বলেন, ফিলিস্তিনি জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকারকে অবশ্যই সম্মান করতে হবে। যে-সব দেশ ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিচ্ছে, তাদের সংখ্যা বৃদ্ধি ফিলিস্তিনি জনগণের বৈধ অধিকার বাস্তবায়নের পথে একটি ইতিবাচক পদক্ষেপ। আরব দেশগুলোর এই প্রতিনিধি অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ডজুড়ে ইসরায়েলের অব্যাহত ও গুরুতর লঙ্ঘনের নিন্দা জানান। একইসঙ্গে ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্যোগের বিরোধিতারও সমালোচনা করেন। বৈঠকে জাতিসংঘে ফিলিস্তিনি কর্তৃপক্ষের প্রতিনিধি রিয়াদ মনসুর, ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলের বসতি সম্প্রসারণ ও ভূমি সংযুক্তিকরণকে ফিলিস্তিন রাষ্ট্রের অস্তিত্বের জন্য সরাসরি হুমকি হিসেবে উল্লেখ করেন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৭.০৮.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## নেপালে বন্যা : নিহত অন্তত ৩৫০ জন, নিখোঁজ ১৩০০-র বেশি

নেপাল ও তিব্বতে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে অন্তত ৩৫০-এ দাঁড়িয়েছে, এখনো নিখোঁজ ১,৩০০-রও বেশি মানুষ।গতকাল বুধবার হিমবাহ ধস থেকে আকস্মিকভাবে শুরু হয় বন্যা। ভয়াবহ এ বন্যায় বেঁচে যাওয়া মানুষদের সন্ধান এখনো চলছে। হিমালয় অঞ্চলের জনবসতিগুলোর ওপর দিয়ে কাদা ও পাথরের বিশাল স্রোতে পুরো গ্রাম ভেসে যাওয়ার পরেরদিন, অর্থাৎ আজ বৃহস্পতিবার উদ্ধারকাজ চালিয়ে গেলেও স্থানীয় কর্তৃপক্ষ নতুন বিপর্যয়ের বিষয়ে সতর্ক করেছে। সতর্কবার্তায় বলা হয়েছে, বন্যার পানিতে সৃষ্টি হওয়া একটি হ্রদ ফেটে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে এবং তাতে নতুন দুর্যোগের শঙ্কা রয়েছে। নেপালের জাতীয় দুর্যোগ-ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, দেশটিতে এখনো ৮০০-রও বেশি মানুষ নিখোঁজ রয়েছেন। নিখোঁজদের মধ্যে ৬০০ জনই বিদেশি নাগরিক। অন্যদিকে চীনের সম্প্রচারমাধ্যম সিসিটিভি জানিয়েছে, তিব্বতের গিরং কাউন্টিতে ২৬০ জন বিদেশিসহ এখনো মোট ৫৫৮ জন নিখোঁজ রয়েছেন।

### নেপাল ও তিব্বতের যেসব এলাকা বন্যাদুর্গত

বুধবার হিমবাহ ধসে ভোতেকোশি নদীর উপনদী লেন্দে খোলা-তে আকস্মিক বন্যা দেখা দেয়। নেপালের রাজধানী কাঠমান্ডু ও লাসার সংযোগকারী একটি পথে নেমে আসে কাদা আর পাথরের প্রবল স্রোত। নেপাল পুলিশের মুখপাত্র আবি নারায়ণ কাফলে বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, ``মৃতের সংখ্যা আরো বাড়তে পারে, কারণ, আমরা তল্লাশি অভিযান আবার শুরু করেছি। আরো মৃতদেহ উদ্ধারের আশঙ্কা রয়েছে।''

### কোন দেশের কতজন নিখোঁজ

নেপালে নিখোঁজ বিদেশিদের মধ্যে ভারতের নাগরিকই বেশি। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর জানিয়েছেন, নেপালে ২৮৮ জন ভারতীয় নাগরিকের কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। তিনি আরো জানান, চীনে অন্তত ২০০ জন ভারতীয় আটকা পড়ে আছেন। নেপাল পর্যটন বোর্ডের মুখপাত্র সুনীল শর্মা বার্তা সংস্থা এপি-কে জানান, নিখোঁজদের মধ্যে অনেকেই তিব্বতের কৈলাস পর্বতে হিন্দুদের কাছে একটি তীর্থস্থানে যাচ্ছিলেন। তিনি আরো জানান, নিখোঁজদের মধ্যে ৪৭ জন যুক্তরাষ্ট্রের, ৩৪ জন অস্ট্রেলিয়ার, ৩৩ জন যুক্তরাজ্যের, ২৪ জন ক্যানাডার এবং ৮ জন জার্মানির নাগরিকও রয়েছেন। তবে বার্তা সংস্থা রয়টার্সের খবর অনুযায়ী, নিখোঁজ পর্যটকদের মধ্যে যুক্তরাষ্ট্রের ৬৩ জন, অস্ট্রেলিয়ার ৩৪ জন, যুক্তরাজ্যের ৩৩ জন এবং ক্যানাডার ২৫ জন রয়েছেন। বন্যায় চীনের নাগরিকও নিখোঁজ রয়েছেন। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় এখনো প্রায় ১০০ জন চীনা নাগরিকের খোঁজ পাওয়া যাচ্ছে না।

### বেঁচে যাওয়াদের বর্ণনায় ধ্বংসযজ্ঞের ভয়াবহতা

৬৮ বছর বয়সি কেশব প্রসাদ বারাল রয়টার্সকে বলেন, ``ওটা (কাদা আর পাথরের স্রোত) যত কাছে আসছিল, ততই তার উচ্চতা বাড়ছিল। যখন দেখলাম কাদা আমাদের বাড়িতে ঢুকে পড়ছে, আমার স্ত্রীর হাত ধরে তাকে ছাদে নিয়ে যাওয়ার চেষ্টা করলাম। কিন্তু কাদার তোড়ে ও ভেসে গেল।'' চার ঘণ্টা পর হেলিকপ্টারে তুলে কেশব প্রসাদ বারালকে উদ্ধার করা হয়। স্ত্রী-র খবর জানাতে গিয়ে তিনি বলেন, ``আমার স্ত্রী এখনো কোথাও কাদার নিচে চাপা পড়ে আছে। সে আর নেই।'' হিমালয়কেন্দ্রিক এক পর্যটন সংস্থার প্রধান সাগর পান্ডে হেলিকপ্টারে করে এলাকাটি পরিদর্শন করেছেন। রয়টার্সকে তিনি জানান, ``মানুষের তৈরি কোনো স্থাপনা বা জনবসতি আর অবশিষ্ট নেই। সবকিছুই (ভেঙে) সমতল হয়ে গেছে। তাই হোটেল, রেস্তোরাঁ বা গাড়িতে যারা ছিলেন, তাদের প্রত্যেকেই সম্ভবত প্রাণ হারিয়েছেন।''

### আন্তর্জাতিক সম্প্রদায়ের সাড়া

নেপালের সহায়তায় ইতোমধ্যে এগিয়ে এসেছে আন্তর্জাতিক সম্প্রদায়। ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেড ক্রস অ্যান্ড রেড ক্রিসেন্ট সোসাইটিজ (আইএফআরসি) জানিয়েছে, তারা পানি ও জরুরি সামগ্রী, যেমন কম্বল, মাদুর, প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম, স্ট্রেচার ও মৃতদেহ বহনের ব্যাগ পাঠাবে। সার্বিক সহায়তার জন্য ১৪ লাখ ডলার বরাদ্দ করার কথাও জানিয়েছে তারা। নেপালে আইএফআরসির প্রতিনিধি দলের প্রধান ডেভিড ফিশার বলেন, ``এখন মূল অগ্রাধিকার হলো ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর কাছে পৌঁছানো এবং যারা ঘরবাড়ি হারিয়েছেন, আহত হয়েছেন কিংবা বিচ্ছিন্ন হয়ে পড়েছেন, তাদের সহায়তা করা।'' অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং জানিয়েছেন, তার দেশ নেপাল, জাতিসংঘ এবং রেড ক্রসের সঙ্গে সমন্বয় করে কাজ করছে। ব্রিটেনের প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যাম বলেছেন, তার দেশ নেপালকে ৫০ লাখ পাউন্ড (৬৮ লাখ ডলার) সহায়তার প্রস্তাব দিয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রবি)

## সেনাঘাঁটিতে মাইক্রো পরমাণু চুল্লি লাগানোর কথা জানালো অ্যামেরিকা

এই কাজের জন্য দুই বিলিয়ন মার্কিন ডলার খরচ হবে বলে জানিয়েছে অ্যামেরিকা। বলা হয়েছে, আপাতত দেশের পাঁচটি সেনাঘাঁটিতে মাইক্রো পরমাণু চুল্লি লাগানো হবে। ২০২৮ সালের সেপ্টেম্বরের মধ্যে প্রথম চুল্লি লাগানো হবে বলে জানিয়েছে মার্কিন প্রশাসন। মোট পাঁচটি সংস্থাকে এই কাজের বরাত দেওয়া হয়েছে। প্রতিটি চুল্লি অন্তত ২০

মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করতে পারবে বলে জানানো হয়েছে। পরমাণু চুল্লিগুলি পরিবেশবান্ধব হবে বলেও মনে করছে মার্কিন প্রশাসন। তবে সেনাঘাঁটিতে এই চুল্লিগুলি রাখা হবে বলে তা রক্ষণাবেক্ষণের দায়িত্বও সেনাকেই দেওয়া হবে। সেনার তরফে বলা হয়েছে, চুল্লিগুলি তৈরি হয়ে গেলে নিজেরাই নিজেদের বিদ্যুৎ প্রয়োজন মতো তৈরি করে নেওয়া যাবে। এরফলে অনেক বেশি সুবিধা হবে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## কাজী নজরুলের ৫০তম মৃত্যুবার্ষিকী

বৃহস্পতিবার কাজী নজরুল ইসলামের ৫০তম মৃত্যুবার্ষিকী। অন্যায়ের বিরুদ্ধে আপসহীন বিদ্রোহী কবি নজরুল মানবতার, সাম্যের গান গেয়ে গিয়েছেন। বাংলাদেশের জাতীয় কবি নজরুলের কবিতা, গান সময়োত্তীর্ণ। বাংলাদেশের ঢাকায় ১৩৮৩ বঙ্গাব্দের ১২ ভাদ্র তার জীবনাবসান হয়। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, বাংলাদেশের জাতীয় কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ `মৃত্যুঞ্জয়ী নজরুল, শীর্ষক আলোচনা সভা, দোয়া মাহফিল ও হামদ-নাতের আয়োজন করেছে কবি নজরুল ইনস্টিটিউট। এ ছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনেরও কর্মসূচি রয়েছে। কবি কাজী নজরুল ইসলাম সৃষ্টিশীল ছিলেন মাত্র ২৩ বছর। নজরুলের এই ২৩ বছরের সাহিত্যজীবনের সৃষ্টি বাংলা ভাষা ও সাহিত্যের অমূল্য সম্পদ। বাংলাদেশের স্বাধীনতার পর ১৯৭২ সালের ২৪ মে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে ভারত সরকারের অনুমতি নিয়ে কবি নজরুলকে সপরিবার বাংলাদেশে আনা হয়। তাকে দেওয়া হয় জাতীয় কবির মর্যাদা। রাষ্ট্রীয় মর্যাদায় বসবাসের ব্যবস্থা করে রাজধানীর ধানমন্ডিতে কবিকে একটি বাড়ি দেওয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৭৪ সালে কবিকে সম্মানসূচক ডি-লিট উপাধিতে ভূষিত করে। ১৯৭৬ সালে বাংলাদেশ সরকার কবিকে বাংলাদেশের নাগরিকত্ব দেয়। একই বছরের ২১ ফেব্রুয়ারি একুশে পদকে ভূষিত করা হয় কবিকে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## নেপালে শুটিং করতে গিয়ে আটকে ঢাকা-কলকাতার কলাকুশলীরা

বাংলাদেশের সিনেমা 'শিকার'-এর শুটিং হচ্ছিল নেপালের রাসুয়ায়। এই এলাকা নেপালের চকিত বন্যার কবলে পড়েছে। ফলে আটকে গেছেন সিনেমার শিল্পী-কলাকুশলীরা। এই সিনেমায় অভিনয় করছেন পশ্চিমবঙ্গের অভিনেতা খরাজ মুখোপাধ্যায়। স্ত্রীকে সঙ্গে নিয়ে তিনি শুটিংয়ে গেছিলেন। তারা আটকে পড়েছেন। পশ্চিমবঙ্গের আরেক অভিনেতা রজতাভ দত্তও এই সিনেমায় আছেন। তিনিও শুটিং করতে গেছিলেন। তবে তিনি আগেই ফিরে এসেছেন। এই সিনেমায় নায়িকা হলেন অপু বিশ্বাস। তবে খরাজসহ অন্য কলাকুশলীরা যেখানে আছেন, সেখান থেকে দুর্যোগস্থল কিছুটা দূরে। তাই তারা নিরাপদে আছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## উত্তর নেপাল এবং তিব্বতে শতাধিক মানুষের মৃত্যু

উত্তর নেপাল এবং তিব্বতের বন্যায় এখনো পর্যন্ত শতাধিক মানুষের মৃত্যুর খবর পাওয়া গেছে। নিখোঁজের সংখ্যা পাঁচশরও বেশি। এর মধ্যে প্রচুর বিদেশি পর্যটক আছেন। নেপালের প্রশাসন জানিয়েছেন, বন্যার দাপট এতটাই বেশি যে প্রাথমিক উদ্ধারকাজে হেলিকপ্টার নামতে পারেনি। নেপালের পররাষ্ট্রমন্ত্রী শিশির খানাল জানিয়েছেন, বুধবার প্রথমে ভূমিকম্প হয়। যার জেরে উত্তর নেপালের হিমালয়ে অ্যাভালাঞ্চ হয়। অর্থাৎ, বরফ ভেঙে পড়ে। আর তারই জেরে ফ্লাশ ফ্লাড বা চকিত বন্যা গ্রামের পর গ্রাম ভাসিয়ে নিয়ে যায়। চীন জানিয়েছে, নেপালের পাহাড়ে অ্যাভালাঞ্চ এবং চকিত বন্যা শুরু হওয়ার পর তা তিব্বতের বেশ কিছু এলাকায় ঢুকে পড়ে। সেখানেও বেশ কিছু গ্রাম বন্যায় বিধ্বস্ত। প্রাথমিকভাবে নেপাল জানিয়েছিল, বন্যায় অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। পরে সংবাদমাধ্যমকে নেপালের পুলিশ জানিয়েছে, মৃতের সংখ্যা ক্রমেই বাড়ছে। এখনো পর্যন্ত অন্তত ১৫৭ জনের দেহ উদ্ধার হয়েছে। নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ সমাজমাধ্যমে লিখেছেন, ''পরিস্থিতির ভয়াবহতা আমরা বুঝতে পারছি। রাষ্ট্র সকলের পাশে আছে। যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারকাজ চলছে।'' চীন জানিয়েছেন, তিব্বতে এখনো পর্যন্ত তিন জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ ২৬৫ জন। নেপালের নিখোঁজের সংখ্যা ৪০৩। এর মধ্যে ৩৪১ জন বিদেশি পর্যটক। ১৪২ জন ভারতীয়। ৪৭ জন যুক্তরাষ্ট্রের। ৩৪ জন অস্ট্রেলিয়ার। ৩৩ জন যুক্তরাজ্যের। ২৪ জন ক্যানাডার। ৬২ জন নেপালি। প্রাথমিকভাবে ঘটনাস্থলে হেলিকপ্টার পৌঁছাতে পারছিল না। তবে বৃহস্পতিবার সকাল থেকে হেলিকপ্টার উদ্ধারকাজ শুরু করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## কক্সবাজারে হাউসবোটডুবিতে নিউজিল্যান্ডের কিশোরের মৃত্যু

মঙ্গলবার হাউসবোট ডুবে গেলে নিউজিল্যান্ডের ১৬ বছর বয়সি এক কিশোর নিখোঁজ হয়। ৩২ ঘণ্টা পর গতকাল বুধবার বিকেল সাড়ে ৫টার দিকে কক্সবাজার পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের সমিতিপাড়ার উপকূলের কাছে ভাসমান অবস্থায় তার মরদেহ পাওয়া যায়। কক্সবাজার সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ আলী ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে বলেন, ``মরদেহ উদ্ধার করে কক্সবাজার সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।'' মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে মহেশখালী চ্যানেলের মোহনায় নাজিরারটেক পয়েন্টের কাছে বঙ্গোপসাগরের ঢেউ ও স্রোতের ধাক্কায় হাউসবোটডুবির এ ঘটনা ঘটে। `আইল্যান্ড গার্ল' নামের হাউসবোটটিতে নিউজিল্যান্ডের একই

পরিবারের চার নাগরিক ছিলেন। এ ঘটনায় পরিবারটির তিন সদস্য জন এডওয়ার্ড (৭৪), তার স্ত্রী বেলা (৩৬), তাদের ছেলে র‍্যালফকে (১৩) জীবিত উদ্ধার করা হয়। তাদের আরেক ছেলে অ্যালবার্টকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। স্থানীয়দের বরাতে কক্সবাজার ফায়ার সার্ভিসের উপপরিচালক সৈয়দ মোহাম্মদ মোর্শেদ হোসাইন ডেইলি স্টারকে জানান, সকালে কাঠের তৈরি হাউসবোটটি ভ্রমণের উদ্দেশ্যে সাগরে যাওয়ার কিছুক্ষণ পরই বড় ঢেউ ও তীব্র স্রোতের কবলে পড়ে ভেঙে যায়। একপর্যায়ে নৌযানটি ডুবে যেতে শুরু করলে চারজনই সাগরে পড়ে যান। র‍্যালফ দ্য ডেইলি স্টারকে জানান, ভিসার মেয়াদ বাড়ানোর জন্য পরিবারটি হাউসবোটে করে সমুদ্রপথে চট্টগ্রামের দিকে যাচ্ছিল। দুর্ঘটনার সময় সে ও তার বাবা ডেকে ছিলেন, আর তার মা ত্রিপলের ছাউনির নিচে অ্যালবার্টকে লাইফ জ্যাকেট পরাচ্ছিলেন। র‍্যালফ বলেন, ``নৌকাটি হঠাৎ ভেঙে যায় এবং সে সময় অ্যালবার্টের লাইফ জ্যাকেটের ক্লিপটি হয়তো ঠিকমতো আটকানো ছিল না। অ্যালবার্ট সাঁতারও জানতো না।'' র‍্যালফ আরো জানান, তাদের পরিবারটি প্রায় আড়াই বছর ধরে কক্সবাজারের আশপাশে অবস্থান করছিল এবং বাবার নকশায় স্থানীয় কারিগরদের তৈরি হাউসবোটটিতে করে সমুদ্র ও নদীপথে ভ্রমণ করছিল। স্থানীয়রা জানান, নুনিয়ারছড়া বিআইডব্লিউটিএ জেটির বিপরীতে বাঁকখালী নদীতে নোঙর করা হাউসবোটটিতে প্রায় দুই থেকে আড়াই বছর ধরে বাস করছিলেন নিউজিল্যান্ডের এই পরিবারটি। গতকাল সাগরে যাওয়ার পর দুর্ঘটনার শিকার হন তারা। ব্যক্তিগত অ্যাডভেঞ্চার ও সমুদ্রভ্রমণের জন্য হাউসবোটটি স্থানীয় শ্রমিকদের মাধ্যমে এডওয়ার্ড নিজেই নির্মাণ করেছিলেন বলেও জানান স্থানীয়রা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## নেপালে হতাহতদের মধ্যে কোনো বাংলাদেশি নেই

নেপাল-তিব্বত সীমান্তে ভয়াবহ দুর্যোগে কোনো বাংলাদেশি নাগরিকের হতাহতের খবর পাওয়া যায়নি। কাঠমান্ডুতে নেপাল দূতাবাসে কর্মরত বাংলাদেশের একাধিক কূটনীতিক আজ বৃহস্পতিবার এ তথ্য জানান। কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা জানা গেলে বাংলাদেশকে জানাতে নেপাল সরকারের সহযোগিতা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। আজ বৃহস্পতিবার সকালে তিনি নেপালের পররাষ্ট্রমন্ত্রী শিশির খানালের সঙ্গে ফোনে কথা বলেন। বাংলাদেশ দূতাবাস নেপালের সর্বশেষ পরিস্থিতি পর্যবেক্ষণ করছে বলেও জানানো হয়েছে। গতকাল অল্প সময়ের জন্য কাঠমান্ডু-পোখারা মহাসড়ক বন্ধ থাকায় কিছু বাংলাদেশি নাগরিক আটকা পড়েছিলেন। পরে সড়ক যোগাযোগ চালু হলে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছান। দূতাবাস নেপাল সরকারের সঙ্গে সব ধরনের যোগাযোগ বজায় রেখেছে এবং বাংলাদেশ সরকার ঘোষিত যেকোনো সাহায্য-সহযোগিতা পৌঁছে দেওয়া এবং উভয় দেশের মধ্যে এ–সংক্রান্ত মতবিনিময়ে সমন্বয় করছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

## জামিন চাই না, জামিন আবেদন প্রত্যাহার করতে চাই : দীপু মনি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালকে সাবেক শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, ``আমি দুই বছর ধরে কারারুদ্ধ আছি। গত এপ্রিল মাসে আমার জামিন আবেদন করা হয়েছে। এখন আমি জামিন চাই না। আমি জামিন আবেদন প্রত্যাহার করতে চাই।''তিনি আরো বলেন, ``এর আগে জামিন আবেদন শুনানির সময় ট্রাইব্যুনাল বলেছিলেন, বাসায় গিয়ে কী করবেন? এখন আমার আর বাসায় যাওয়ার দরকার নেই। আমার স্বামী তৌফিক নেওয়াজ সাত বছর শয্যাশায়ী ছিলেন। তার বাকশক্তিও ছিল না। কোনো কথা বললে চোখের পলক ফেলে উত্তর দিতেন তিনি। আমি পাঁচ বছর সরকারি দায়িত্বপালনের সময় শয্যাশায়ী স্বামীর যত্ন নিয়েছি। এ অবস্থায় বাড়ি ছেড়ে আমার স্বামীকে দু বছর অজ্ঞাত স্থানে থাকতে হয়েছে। আশ্রিত অবস্থায় ছিলেন। আমিও যত্ন নিতে পারিনি। এ জীবন তিনি মেনে নিতে পারেননি।'' আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ আজ বৃহস্পতিবার এ কথা বলেন দীপু মনি। জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের একটি মামলায় শুনানি থাকায় আজ তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। তবে ট্রাইব্যুনালে জামিনের শুনানি শুরুর আগে কথা বলার অনুমতি চান সাবেক মন্ত্রী দীপু মনি। তাকে কথা বলার অনুমতি দেয় ট্রাইব্যুনাল । তারপর ট্রাইব্যুনালের এজলাসের কাঠগড়ার থাকা মাইক্রোফোনে দীপু মনি এসব কথা বলেন। গত ১৮ আগস্ট রাতে দীপু মনির স্বামী তৌফিক নেওয়াজ মারা যান। গত ২৬ এপ্রিল দীপু মনির জামিনের জন্য আবেদন করেছিলেন তার আইনজীবী। শারীরিক অবস্থার অবনতি হলে চার মাস আগে তার স্বামীকে হাসপাতালে ভর্তি করা হয় বলেও উল্লেখ করেন দীপু মনি। তিনি বলেন, ``তখন তার কাছে যাওয়ার জন্য জামিন আবেদন করেছিলাম। ৩৯ বছরের জীবনসঙ্গীর শেষ সময়ে কাছে থাকতে পারিনি। এখন আমার বাসায় যাওয়ার প্রয়োজন ফুরিয়েছে। আমি আর কার কাছে যাবো? সন্তানরা জামিন চায়। আমার বাসায় যাওয়ার আর তাড়া নেই।'' তখন ট্রাইব্যুনালের পক্ষ থেকে বলা হয়, তারা খুবই ব্যথিত, দীপু মনির আবেদনের যৌক্তিকতা আছে, কিন্তু তাদের আরো অনেক বিষয় বিবেচনায় নিতে হয়। দীপু মনির জামিন শুনানির জন্য আগামী ১৭ সেপ্টেম্বর পরবর্তী দিন ধার্য করা হয়েছে। বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বে গঠিত তিন সদস্যের এই ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। তারা জামিন শুনানির সময় উপস্থিত ছিলেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## শাহজালালে নিরাপত্তায় দক্ষতা বাড়াতে যুক্তরাজ্যের প্রশিক্ষণ

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যুক্তরাজ্যের ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্টের (ডিএফটি) `এভিয়েশন সিকিউরিটি সুপারভাইজার ট্রেনিং, সফলভাবে সম্পন্ন হয়েছে। বাংলাদেশে ব্রিটিশ হাইকমিশনের উদ্যোগে আয়োজিত পাঁচ কর্মদিবসের এ প্রশিক্ষণে দেশের বিভিন্ন বিমানবন্দরে কর্মরত এভসেক সুপারভাইজার এবং কর্মকর্তারা অংশ নেন। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) এভিয়েশন সিকিউরিটি (এভসেক) বিভাগের সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত প্রশিক্ষণে যুক্তরাজ্য থেকে আসা প্রশিক্ষকরা এভিয়েশন নিরাপত্তার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ দেন। পরিবর্তনশীল নিরাপত্তা ঝুঁকি মোকাবিলা, তদারকি সক্ষমতা বৃদ্ধি এবং কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনার বিভিন্ন দিক প্রশিক্ষণে গুরুত্ব পায়। কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বেবিচকের সদস্য (নিরাপত্তা) এয়ার কমোডর মো. আসিফ ইকবাল। বিশেষ অতিথি ছিলেন ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনের কাউন্সেলর রায়ান ডানকানসন। এ সময় যুক্তরাজ্যের ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্ট, ব্রিটিশ হাইকমিশন এবং বেবিচকের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে এয়ার কমোডর মো. আসিফ ইকবাল সক্ষমতা বৃদ্ধিমূলক এ প্রশিক্ষণ আয়োজনের জন্য ব্রিটিশ হাইকমিশন ও ডিএফটি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, পরিবর্তনশীল নিরাপত্তা হুমকি মোকাবিলায় এভিয়েশন সিকিউরিটির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মীদের জ্ঞান, দক্ষতা ও প্রস্তুতি নিয়মিতভাবে উন্নত করা জরুরি। তিনি বলেন, বিমান নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সব সংস্থার মধ্যে কার্যকর সমন্বয়ের পাশাপাশি একটি শক্তিশালী নিরাপত্তা সংস্কৃতি গড়ে তোলা প্রয়োজন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি যাত্রীসেবার মানোন্নয়ন এবং যাত্রী চলাচল আরও সহজ ও নির্বিঘ্ন করার বিষয়েও গুরুত্ব দিতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে রায়ান ডানকানসন এভিয়েশন নিরাপত্তায় বাংলাদেশ ও যুক্তরাজ্যের পারস্পরিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন। তিনি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করায় অংশগ্রহণকারীদের অভিনন্দন জানান এবং ভবিষ্যতেও এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বাংলাদেশের বিমান নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে ব্রিটিশ সরকারের সহযোগিতা অব্যাহত রাখার আগ্রহ প্রকাশ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## জলিল টেক্সটাইল মিলসের জমি সেনাবাহিনীর কাছে হস্তান্তর চুক্তি সই

চট্টগ্রামের ভাটিয়ারীতে বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের (বিটিএমসি) নিয়ন্ত্রণাধীন জলিল টেক্সটাইল মিলস লিমিটেডের (জেটিএমএল) ৫৪ দশমিক ৯৯ একর জমি বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তরের চুক্তি সই হয়েছে। বাংলাদেশ অর্ডিন্যান্স ফ্যাক্টরি (বিওএফ) সম্প্রসারণের উদ্দেশে বৃহস্পতিবার (২৭ আগস্ট) এ চুক্তি সই অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ সেনাবাহিনীর কিউএমজি লে. জেনারেল মোহাম্মদ শাহীনুল হক। স্বাগত বক্তব্য শেষ হওয়ার পর আনুষ্ঠানিকভাবে চুক্তি সই হয়।বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের পক্ষে বিটিএমসির চেয়ারম্যান এবং বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে মিলিটারি এস্টেট অফিসার, ইস্টার্ন সার্কেল, চট্টগ্রাম প্রতিনিধিত্ব করে চুক্তিতে সই করেন। এরপর বিটিএমসির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল এস এম জাহিদ হাসান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব শরফ উদ্দিন আহমদ চৌধুরী, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম এবং বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বক্তব্য রাখেন। সেনাবাহিনী প্রধান তার বক্তব্যে সেনাবাহিনীর আধুনিকায়নে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দেন এবং এই ধারাবাহিকতা অব্যাহত থাকবে বলে আশা ব্যক্ত করেন। এছাড়া তিনি আগত অতিথিদের ধন্যবাদ জানান এবং তাদের সর্বাত্মক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। বক্তব্যে প্রধান অতিথি বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী বলেন, বর্তমান সরকার প্রতিরক্ষা সামগ্রীসহ দেশে উৎপাদিত সব ধরনের পণ্য বহির্বিশ্বে সমাদৃত করতে চায়। এছাড়া তিনি প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ও সেনাবাহিনী প্রধানের নেতৃত্বে প্রতিরক্ষা শিল্পসহ সশস্ত্র বাহিনী কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সক্ষম হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। রাষ্ট্রের একমাত্র অস্ত্র ও গোলাবারুদ উৎপাদনকারী প্রতিষ্ঠান বিওএফ সম্প্রসারণের মাধ্যমে আধুনিক সমরাস্ত্র ও গোলাবারুদের দেশীয় উৎপাদন বৃদ্ধি, বৈদেশিক নির্ভরতা হ্রাস ও প্রতিরক্ষা সক্ষমতা আরও সুসংহত হবে। পাশাপাশি এ উদ্যোগ সমরাস্ত্র উৎপাদনে স্বনির্ভরতা ও প্রযুক্তিগত সক্ষমতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন কমান্ড্যান্ট, বিওএফ; ভারপ্রাপ্ত জিওসি, আর্টডক ও কমান্ড্যান্ট, বিএমএ; কমান্ড্যান্ট, ইবিআরসি; জেনারেল অফিসার কমান্ডিং, ২৪ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, চট্টগ্রাম এরিয়া; সচিব, প্রতিরক্ষা

মন্ত্রণালয়; বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম; ডিআইজি, চট্টগ্রাম; চেয়ারম্যান, সিডিএ এবং সামরিক ও অসামরিক ঊর্ধ্বতন কর্মকতাসহ নেতৃস্থানীয় ব্যক্তিরা। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## সংসদের তৃতীয় অধিবেশন চলবে ১০ সেপ্টেম্বর পর্যন্ত

ত্রয়োদশ জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির চতুর্থ বৈঠক বৃহস্পতিবার (২৭ আগস্ট) জাতীয় সংসদ ভবনের কেবিনেট কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। বৈঠকে কমিটির সদস্য, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান অংশগ্রহণ করেন। এছাড়া অংশ নেন কমিটির সদস্য বিরোধীদলীয় নেতা ডা. মো. শফিকুর রহমান, ড. খন্দকার মোশাররফ হোসেন, গয়েশ্বর চন্দ্র রায়, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল, চিফ হুইপ মো. নূরুল ইসলাম, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, বিরোধীদলের উপনেতা সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের, এ টি এম আজহারুল ইসলাম এবং বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। বৈঠকে স্পিকারের বিশেষ আমন্ত্রণে অংশগ্রহণ করেন স্থানীয় সরকার মন্ত্রী ড. আব্দুল মঈন খান। ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের কার্যাদি নিষ্পন্নের জন্য সময় বরাদ্দ ও অধিবেশনের স্থায়িত্বকাল নিয়ে বৈঠকে আলোচনা হয়। ১০ সেপ্টেম্বর ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শেষ হবে। প্রয়োজনে অধিবেশনের সময় ও কার্যদিবস সম্পর্কিত যে কোনো বিষয় পরিবর্তনের ক্ষমতা স্পিকারকে দেওয়া হয়। এ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য ১৪২টি ও অন্যান্য মন্ত্রীর জন্য ২ হাজার ৬৭৬টি প্রশ্নসহ মোট ২ হাজার ৮১৮টি প্রশ্ন পাওয়া গেছে। বিধি-৭১ এ মনোযোগ আকর্ষণের নোটিশ পাওয়া গেছে ৮১টি এবং সিদ্ধান্ত-প্রস্তাবের সংখ্যা (বিধি-১৩১) ২৪৯টি। বৈঠকে সাচিবিক সহায়তা দেবেন সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া। সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা এ বৈঠকে উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## আওয়ামী লীগ নেতা রাব্বানীর একক দরপত্র, সরকারের বাড়তি খরচ ৩ কোটি

পাঠ্যবই ছাপায় এবারও ছাপাখানা মালিকরা সিন্ডিকেট করেছেন বলে অভিযোগ উঠেছে। অনেক লটে একক দরপত্র (টেন্ডার) জমা পড়ায় অভিযোগের সত্যতাও মিলেছে। এর মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা রাব্বানী জব্বারের আনন্দ প্রিন্টার্স লিমিটেড যেন এক ধাপ এগিয়ে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সূত্র জানায়, আনন্দ প্রিন্টার্স এবার বই ছাপার টেন্ডারে অংশ নিয়েছে। অষ্টম ও নবম শ্রেণির ৮টি লটে এ ছাপাখানা প্রতিষ্ঠানটি দরপত্র জমা দেয়। সেখানে অন্য কোনো প্রতিষ্ঠান প্রতিযোগিতায় নামেনি। সুযোগ বুঝে এসব লটে সর্বোচ্চ দর হাঁকিয়ে কাজ বাগিয়ে নেওয়ার চেষ্টা করছে আনন্দ প্রিন্টার্স। পাঠ্যপুস্তক বোর্ডের এক সদস্য নাম প্রকাশ না করে জাগো নিউজকে জানান, অষ্টম ও নবম শ্রেণির বইয়ের প্রতি ফর্মা (৮ পৃষ্ঠা) প্রাক্কলিত দর ছিল ২ টাকা ৮৮ পয়সা। নিয়ম অনুযায়ী- এর ১০ শতাংশ কম ও সর্বোচ্চ ১০ শতাংশ বেশি দর দেওয়া যায়। নিয়মের এ সুযোগের অপব্যবহার করে একাই ৮টি লটে প্রাক্কলিত দরের চেয়ে ৮-৯ শতাংশ বেশি দর হেঁকেছে আনন্দ প্রিন্টার্স। তিনি বলেন, `আনন্দ প্রিন্টার্স যে ৮টি লটে একক দরপত্র জমা দিয়েছে, তাতে ১৫ লাখেরও বেশি বই রয়েছে। এটা কয়েক কোটি ফর্মা। যদি তাকে এ কাজ দেওয়া হয়, তাহলে শুধু ৮ লটের বই ছাপাতে সরকারের বাড়তি ৩ কোটি টাকা খরচ হবে। প্রেস মালিকরা একে-অপরের সঙ্গে বোঝাপড়া করে লট ভাগাভাগি করে নিয়েছেন। এ কারণে রাব্বানী জব্বারের আনন্দ প্রিন্টার্স যে লটগুলো পেয়েছে, সেখানে অন্যরা কেউ দরপত্র জমা দেননি। এত পাঠ্যপুস্তক বোর্ড অসহায়।, রাব্বানী জব্বার সাবেক ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বারের ছোট ভাই। তিনি ২০২১ সালে নেত্রকোনার খালিয়াজুরি উপজেলা পরিষদের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী হিসেবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় চেয়ারম্যান নির্বাচিত হন। বিগত আওয়ামী লীগ আমলে তিনি পাঠ্যবই ছাপার কাজ এককভাবে নিয়ন্ত্রণ করতেন। বিষয়টি নিয়ে জানতে আনন্দ প্রিন্টার্স লিমিটেডের স্বত্বাধিকারী মো. রাব্বানী জব্বারের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## বিসিএস শিক্ষা ক্যাডার সমিতিতে কোটি টাকা নয়-ছয়

বিসিএস শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের সংগঠন `বিসিএস সাধারণ শিক্ষা সমিতি,। অডিটে সমিতিটির অভ্যন্তরীণ আর্থিক ব্যবস্থাপনায় ভয়াবহ অনিয়ম, কারচুপি ও কোটি টাকার আর্থিক অসংগতি ধরা পড়েছে। ২০১৬-২০২৩ মেয়াদকালের অডিট ও অভ্যন্তরীণ পরিদর্শন প্রতিবেদন বিশ্লেষণে দেখা গেছে, নিয়ম-নীতির তোয়াক্কা না করে ভাউচার ছাড়াই লাখ লাখ টাকা তোলা হয়েছে। গায়েব করা হয়েছে গুরুত্বপূর্ণ ক্যাশ বই ও স্টক রেজিস্টার। সাধারণ শিক্ষকদের চাঁদার টাকায় ব্যক্তিগত ফ্রিজ কেনা এবং একই ব্যক্তির খাবারের বিল দুইবার দেখিয়ে টাকা তোলার মতো নজিরবিহীন দুর্নীতি ও অনিয়মও করেছেন সমিতির নেতারা। সংগঠনটির বর্তমান কমিটির সদস্যরা ২০২৪ সালে বিগত কয়েক বছরের অডিট কার্যক্রম পরিচালনা করে এসব অনিয়মের তথ্য পেয়েছে। অধ্যাপক এস এম মাহবুবুল ইসলামের নেতৃত্বে গঠিত তিন সদস্যের কমিটি এ অডিট কার্যক্রম পরিচালনা করে। প্রতিবেদন বিশ্লেষণে দেখা যায়, ২০১৬-২০২২ মেয়াদের অডিটে বিশেষ তহবিল (মামলা) থেকে ৩৬ লাখ ২৮ হাজার টাকা তোলা হলেও মাত্র পাঁচ লাখ ৬৫ হাজার টাকার

খরচের বিবরণ দেওয়া হয়। বাকি ৩০ লাখ ৬৩ হাজার টাকা খরচের কোনো সুনির্দিষ্ট তথ্য বা নথি অডিট কমিটির কাছে উপস্থাপন করা হয়নি। এছাড়া সমিতির মূল আয়-ব্যয় বিবরণী, ব্যাংক সংক্রান্ত চেক রেজিস্টার, কেনাকাটার স্টক রেজিস্টার, প্রতিষ্ঠানভিত্তিক টাকা প্রাপ্তির রশিদ এবং বকেয়া চাঁদার বিস্তারিত হিসাব বিবরণী অডিট কমিটির কাছে জমা না দিয়ে গায়েব করা হয়েছে। মামলা পরিচালনায় সমিতির পৃথক বিশেষ তহবিল থাকা সত্ত্বেও এ খরচ মেটানো হয়েছে সাধারণ তহবিল থেকে। মামলা পরিচালনার নামে সাধারণ তহবিল থেকে ৪৬ লাখ ৫০ হাজার টাকা খরচ করা হলেও তার পেছনে কোনো অনুমোদিত রিকুইজেশন বা প্রয়োজনীয় কার্যবিবরণী ছিল না।
(জাগো নিউজ ওয়েব পেক: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## হামের উপসর্গে আরও ৫ শিশুর প্রাণহানি

দেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশু মারা গেছে। এ নিয়ে হাম-সংক্রান্ত রোগে এখন পর্যন্ত মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৯৫৫ জনে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়।  এতে বলা হয়, বুধবার সকাল ৮টা থেকে বৃহস্পতিবার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হামে পাঁচজন মারা গেছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৯৯ এবং সন্দেহজনক হাম রোগে ৮৫৬ জনের প্রাণ গেছে। এছাড়া নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৭৫ জনের। একই সঙ্গে নতুন সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৯৫৬ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাসপাতালে ভর্তি হওয়া মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা এক লাখ ৩৪ হাজার ৪৩৭ জন। তাদের মধ্যে এখন পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেছে এক লাখ ২৯ হাজার ৪৮৯ জন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রীয় দায়িত্বপালনে সম্পূর্ণ দলনিরপেক্ষভাবে কাজ করব: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, তিনি রাষ্ট্রীয় দায়িত্বপালন ও রাষ্ট্রের কল্যাণে সম্পূর্ণভাবে দলনিরপেক্ষভাবে কাজ করবেন। তিনি বলেন, `রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের আগে আমি দল, সংসদ ও মন্ত্রিপরিষদ থেকে পদত্যাগ করে এসেছি। আমি এখন সম্পূর্ণভাবে একজন দলনিরপেক্ষ মানুষ। দলনিরপেক্ষভাবেই আমি আমার দায়িত্বপালন করে যাবো।, বঙ্গভবনের দরবার হলে আজ বৃহস্পতিবার বেলা ১১টা ৩০ মিনিটে বঙ্গভবনের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে অনুষ্ঠিত রাষ্ট্রপতির প্রথম দরবারে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালনের পর কারো প্রতি তার কোনো রাগ-অনুরাগ থাকবে না। দেশ, রাষ্ট্র ও জনগণের স্বার্থই হবে তার একমাত্র লক্ষ্য। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু

ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু হয়েছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) বিকেল ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে এ অধিবেশন শুরু হয়। অধিবেশন শুরুর আগে সরকারদলীয় সংসদ সদস্যদের বৈঠক হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। বেলা ১১টায় সংসদ ভবনে সরকারদলীয় সদস্যদের সভাকক্ষে এ বৈঠক শুরু হয়। সংসদ অধিবেশনের আজকের দিনের কার্যসূচিতে রয়েছে- সভাপতিমণ্ডলী মনোনয়ন, শোকপ্রস্তাব, প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর, জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১), বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব এবং আইন-প্রণয়ন কার্যাবলি। সংসদের এই অধিবেশন রাজনৈতিক ও জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন ইস্যুতে আলোচনার জন্য তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন সংশ্লিষ্টরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## `একটু আশ্রয় দাও, আমি গণপতি স্যারসহ চারজনকে খুন করে চলে আসছি,

রংপুরে অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তী ও তার পরিবারের সদস্যদের হত্যার ঘটনায় আটকের দিন পুলিশের ধাওয়ায় বাড়ি থেকে পালিয়ে শ্মশানে আশ্রয় নেন মুগ্ধ দাস। এসময় ওই শ্মশানের গার্ড বিদ্যুৎ দাসের কাছে চারজনকে হত্যার বিষয়টি স্বীকার করেন তিনি। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকালে রংপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কনফারেন্স রুমে মামলার তদন্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সংবাদ সম্মেলনে এ কথা জানান পুলিশ কমিশনার আবদুল মাবুদ। পুলিশ কমিশনার বলেন, `বিদ্যুৎ দাস শ্মশানের গার্ড। তিনি একাই থাকেন শ্মশানে। বিদ্যুৎ দাসের সঙ্গে আমরা কথা বলেছি। তিনিও কোর্টে ১৬৪ ধারার জবানবন্দি দিয়েছেন।, পুলিশ জানায়, রোববার (২৩ আগস্ট) ভোরের দিকে পুলিশ যখন মুগ্ধ দাসের বাড়িতে অভিযানে যায়, তখন পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যান মুগ্ধ। পরে তাকে ধাওয়া করলে প্রায় তিন কিলোমিটার দূরে মাহিগঞ্জ-দখীগঞ্জ শ্মশানে গিয়ে তিনি খুব ক্লান্ত হয়ে পড়েন। এসময় তিনি বিদ্যুৎ দাসকে বলেন, `দাদা, আমাকে একটু পানি দাও, আমাকে একটু আশ্রয় দাও। আমিতো গণপতি স্যারসহ চারজনকে খুন করে চলে আসছি।, হত্যাকাণ্ডের নেপথ্যে আরও কোনো কারণ থাকতে পারে কি-না—এমন প্রশ্নের জবাবে পুলিশ কমিশনার বলেন, `সিদ্ধার্থ দাসের বক্তব্যে, কোর্টের জবানবন্দিতে একটা কথা উঠে এসেছে—তার

পূর্বপুরুষদের জমি এরা (গণপতি চক্রবর্তী) কিনেছিলেন। পূর্বপুরুষদের জমি-সম্ভবত একটু বেশি দামে কেনা হয়েছে বলে শোনা গেছে। ওই জমি কেনাটা হয়তো তারা বা তাদের বংশের শরিকরা ভালোভাবে নেননি। শরিকরা যারা আছেন তারা সবাই যে টাকা পাওয়ার কথা, সেট পাননি। আনুপাতিক হারে তাদের যে শরিকানা ছিল, এটা তারা না পাওয়ায় মনের মধ্যে একটা ক্ষোভ থাকতে পারে। সেদিকটাও আমরা দেখছি।, পুলিশ কমিশনার আরও বলেন, `আরেকটি বিষয় হলো, ওই মাছুয়াপাড়ার বেশিরভাগ লোক হলো দাস বংশের। আর গণপতি স্যাররা হলেন ব্রাহ্মণের জাত। তো সেখানে একটু ব্যবধান ছিল। অর্থাৎ মেলামেশা বা রাস্তাঘাটে দেখা হতো কিন্তু বাসায় যাওয়া আসাটা তেমন একটা ছিল না। এ নিয়েও তাদের মনের মধ্যে কোনো ক্ষোভ থাকতে পারে।, তিনি বলেন, `এ বিষয়গুলো আমরা খতিয়ে দেখছি। এছাড়া আরও কোনো বিষয় যদি থাকে সেটাও আমরা দেখবো। মামলার তদন্ত প্রক্রিয়া চলছে।, (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## ১৫ মামলায় খালাস পেলেন মির্জা আব্বাস

দুর্নীতির অভিযোগে দায়ের করা ১৫ মামলায় খালাস পেয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) মির্জা আব্বাস। বৃহস্পতিবার (২৭ আগস্ট) ঢাকার বিশেষ জজ আদালত-৩-এর বিচারক মুহাম্মদ কামরুল হাসান খান এ রায় দেন। তবে তাৎক্ষণিকভাবে ১৫টি মামলার রায়ের বিস্তারিত এবং আদালতের পর্যবেক্ষণ জানা সম্ভব হয়নি। বিনা দরপত্রে সরকারি বাড়ি বিক্রির অভিযোগে ২০০৭ সালে মির্জা আব্বাসের বিরুদ্ধে এসব মামলা দায়ের হয়। মামলাগুলোতে সরকারি সম্পত্তি বিক্রির ক্ষেত্রে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ আনা হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## ১২৯ বার পেছালো সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিল আবারও পিছিয়েছে। নির্ধারিত দিনে প্রতিবেদন জমা দিতে না পারায় এবার ৩০ সেপ্টেম্বর নতুন তারিখ নির্ধারণ করেছেন আদালত। এ নিয়ে মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের সময়সীমা ১২৯তম বার পেছালো। বৃহস্পতিবার (২৭ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে তদন্ত কর্মকর্তা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) অতিরিক্ত পুলিশ সুপার মো. আজিজুল হক প্রতিবেদন জমা দিতে পারেননি। পরে আদালত নতুন তারিখ নির্ধারণ করেন বলে জানান প্রসিকিউশন বিভাগের এসআই মাজহারুল ইসলাম। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## দেশ ছাড়ছেন গার্মেন্টস শ্রমিকরা, ন্যূনতম ৩০ হাজার টাকা মজুরি দাবি

গার্মেন্টস শ্রমিকদের ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ এবং অবিলম্বে জাতীয় মজুরি বোর্ড পুনর্গঠনের দাবি জানিয়েছেন শ্রমিক নেতারা। বৃহস্পতিবার (২৭ আগস্ট) জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন আয়োজিত `অবিলম্বে জাতীয় মজুরি বোর্ড পুনর্গঠন এবং জীবনযাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে ন্যূনতম মজুরি নির্ধারণের দাবি, শীর্ষক গোলটেবিল বৈঠকে এ দাবি জানানো হয়। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি অ্যাডভোকেট আতাউর রহমানের সভাপতিত্বে বৈঠকে প্রধান অতিথি ছিলেন শ্রম সংস্কার কমিশনের প্রধান ও বিলসের নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহমেদ। এতে বিভিন্ন খাতের শ্রমিক নেতারা বক্তব্য দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## শিক্ষা মন্ত্রণালয়ে সাপের হানা, আতঙ্কিত কর্মকর্তারা!

বাংলাদেশ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের করিডোরে সাপ দেখা গেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকালে সচিবালয়ের ৬ নম্বর ভবনের ১৯ তলার করিডোরে ৩টি সাপ দেখা দেখা যায়। এ ফ্লোরেই শিক্ষামন্ত্রী ও সচিবের কার্যালয়। মন্ত্রণালয়ের প্রত্যক্ষদর্শী কর্মকর্তারা জানান, সকালে অফিসে প্রবেশ করে করিডরে প্রথমে দুটি এবং পরে আরও একটি সাপ দেখা যায়। এতে কর্মকর্তা ও কর্মচারীরা আতঙ্কিত হয়ে পড়েন। পরে কর্মচারীরা তিনটি সাপ মেরে ফেলেন। তবে সাপগুলো কোন জাতের তা জানা যায়নি। এদিকে, সচিবালয়ের ভবনের ১৯ তলায় সাপ কোথা থেকে এলো তা নিয়ে বিস্ময় প্রকাশ করেছেন কর্মকর্তা-কর্মচারীরা। তাদের ধারণা ভেতরের কোনো স্টোরেজে আরও সাপ আছে। এতে আতঙ্কিত বোধ করছেন তারা। ভবনের ১৯ তলায় অফিস করেন এমন একজন প্রোগ্রাম অফিসার জাগো নিউজকে বলেন, করিডরের সাপের ছোটাছুটি দেখে কর্মকর্তা ও কর্মচারীরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছেন। এত উঁচু ভবনে সাপ কোথা থেকে এলো তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## মক্কা চুক্তিতে যোগদান বাংলাদেশের একান্ত নিজস্ব বিষয়: শফিকুর রহমান

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে নিরাপত্তা সহযোগিতা জোরদারে সম্প্রতি সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান একটি প্রতিরক্ষা চুক্তি সই করেছে। চুক্তি অনুযায়ী, এই তিন দেশের যে কোনো একটির ওপর হামলা হলে সেটিকে তিন দেশের ওপরই হামলা হিসেবে বিবেচনা করা হবে। এই প্রতিরক্ষা জোটে বাংলাদেশ যোগ দিতে পারে- এমন গুঞ্জন শোনা

যাচ্ছে। এ নিয়ে নানা আলোচনা চলছে। তবে এই জোটে বাংলাদেশ যুক্ত হওয়া নিয়ে ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনের বক্তব্যই পাওয়া গেছে। মক্কা চুক্তিতে যোগদান বাংলাদেশের একান্ত বিষয় বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২৭ আগস্ট) দুপুর পৌনে ১২টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া পোস্টে তিনি এ মন্তব্য করেন। ডা. শফিকুর রহমান লিখেছেন, `মক্কা প্যাক্টে যোগদান বাংলাদেশের একান্ত নিজস্ব বিষয়। দেশ ও জাতির প্রয়োজন এবং স্বার্থে বাংলাদেশ কোনো সিদ্ধান্ত নিলে তাতে অন্য কারও শ্বাসকষ্টে ভোগার প্রয়োজন নেই।, চলতি বছরের ১৯ মার্চ ইসলামি সম্মেলনের সময় সৌদি আরবের রিয়াদে তুরস্ক, পাকিস্তান ও সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রীরা বৈঠক করেন। সেখানে একটি যৌথ নিরাপত্তা চুক্তি কী রকম হতে পারে সেটি নিয়েও আলোচনা হয়। তারই ধারাবাহিকতায় গত ৭ আগস্ট এই চুক্তিটি সই হয়েছে মক্কায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতির সঙ্গে ইসি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বে বাংলাদেশ নির্বাচন কমিশনের (ইসি) পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে ইসি প্রতিনিধিদলের এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়ে। প্রতিনিধিদলে ছিলেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ, নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার, নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## স্বাধীনতা আন্দোলন থেকে চব্বিশের গণঅভ্যুত্থান, সবখানে নজরুলই অনুপ্রেরণা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের শক্তির উৎস বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে চব্বিশের গণঅভ্যুত্থান, সবকিছুতে নজরুলই মূল অনুপ্রেরণা জুগিয়েছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকালে কাজী নজরুল ইসলামের ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কবির সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## এই সংসদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত: স্পিকার

বর্তমান জাতীয় সংসদের ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম)। সংসদ সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেছেন, `আমি এই সংসদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। আজকে একে অপরকে কথা বলার সুযোগকে যেভাবে বাধা দেওয়ার প্রচেষ্টা দেখেছি, এটা সংসদের জন্য ভালো লক্ষণ না।, বৃহস্পতিবার (২৭ আগস্ট) জাতীয় সংসদ অধিবেশনে সভাপতিত্বকালে স্পিকার বলেন, অনেক কষ্টের পরে গণতন্ত্র অর্জিত হয়েছে। গণতন্ত্র যাতে বহাল থাকে সেই জন্য প্রতিটা সংসদ সদস্যের দায়িত্ব রয়েছে। আপনাদের বলবো সংসদের রুলস অব প্রসিডিউর পড়ুন। স্পিকার যখন কথা বলে তখন সবাইকে বসে শুনতে হয়। এই আইন-নীতি যদি না মানেন, ভঙ্গ করেন তাহলে এই সংসদ বেশিদিন চলবে না। বৃহস্পতিবার কুমিল্লা-৪ আসনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর প্রশ্ন বুঝতে পারেননি জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, `স্পিকার, এটা প্রশ্ন হলো, না পল্টনের বক্তৃতা হলো বুঝতে পারিনি।, এরপরই স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য ঘিরে সংসদে হট্টগোল ও উত্তেজনার সৃষ্টি হয়। একপর্যায়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `যদি কথাই না বলতে দেন, তাহলে কীসের বাকস্বাধীনতা।, এর পরেই সংসদে হট্টগোল শুরু হয়। স্বরাষ্ট্রমন্ত্রীর এমন বক্তব্য এক্সপাঞ্জ করার দাবি জানানো হয় বিরোধীদলের পক্ষ থেকে। এরপরে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেন, আমার বক্তব্যে যদি এভাবে কমেন্টস করা হয়, তবে আমার বক্তব্য দেওয়ার দরকার নাই। নতুন করে এই শব্দগুলো উচ্চারণ শুরু করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। উনি (স্বরাষ্ট্রমন্ত্রী) নিজেকে কী মনে করেন। তিনি শুরু থেকেই সংসদে দুঃশাসন দেখিয়েছেন। তিনি শুরু থেকেই তুচ্ছতাচ্ছিল্য করে বক্তব্য দেন। আমরা তার ছাত্র হিসেবে এখানে আসি নাই। উনি শিক্ষক হলে তিনি ইউনিভার্সিটি খুলুন, সেখানে উনি বক্তব্য দিতে পারবেন। এটা ফ্যাসিবাদের সংস্কৃতি। আমি দায়িত্ব নিয়ে বলছি উনাকে দুঃখ প্রকাশ করতে হবে। বিরোধীদলীয় নেতার বক্তব্যের পরে স্পিকার বলেন, `সংসদে কথা বলার স্বাধীনতা আপনাদের রয়েছে। আমি দেখলাম বিরোধীদলীয় নেতা যখন দাঁড়ালো উনার পেছনে সবাই দাঁড়িয়ে গেল। কাউকে বসানোই যায় না। সংসদ কথা বলার জায়গা। কথার মাধ্যমে একে অপরের যুক্তিকে খণ্ডন করা যাবে। আমি আজকে বিরোধীদলীয় দলের প্রস্তাব খতিয়ে দেখবো। কিন্তু আপনারা কথা বলার স্বাধীনতা হরণ করবেন না। শব্দ করে বিচারের বাণীকে স্তব্ধ করা যাবে না। আমাকে সংসদ পরিচালনা করতে দিন।, স্পিকার বলেন, `আমি আমার জ্ঞান-বুদ্ধি দিয়ে সংসদ পরিচালনার করার চেষ্টা করছি। বিগত ৪০ বছর ধরে এই জাতীয় সংসদে আছি। অতীতে অনেক খারাপ রেকর্ড আছে। আমরা বলতে পারি অতীতের তুলনায় আমরা ভালো সংসদ পেয়েছি। আমরা উভয় পক্ষকে ধৈর্য ধরার জন্য অনুরোধ জানাবো।,
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যে সংসদে হট্টগোল

জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য শফিকুল ইসলামের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের শব্দচয়ন নিয়ে হট্টগোল হয়েছে। এ সময় বিরোধীদলের সংসদ সদস্যরা স্বরাষ্ট্রমন্ত্রীর কথার তীব্র প্রতিবাদ জানান। বিরোধী শিবিরের প্রায় সব সংসদ সদস্যই দাঁড়িয়ে ক্ষোভ প্রকাশ করতে থাকেন। পরিস্থিতি সামলাতে স্পিকারকে হিমশিম খেতে হয়। বৃহস্পতিবার (২৭ আগস্ট) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বের সময় এ পরিস্থিতির তৈরি হয়। শফিকুল ইসলাম মাসুদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের পরই বিরোধীদলের সংসদ সদস্যরা প্রতিবাদ জানান। তাদের হট্টগোলের সময় পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেন, এটা তো আওয়ামী লীগের আমল না। আপনারা তো ইচ্ছেমতো সরকারকে ক্রিটিসাইজ করতে পারছেন। তিনি আরও বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী বক্তব্য দেবেন। তারপর আমি বিরোধীদলীয় নেতাকে দেবো। প্রশ্নোত্তর উনি দিক, তারপর যদি তা পছন্দ না হয় আমি বিরোধীদলীয় নেতাকে মাইক দেবো। এরপরও প্রতিবাদ জানাতে থাকেন বিরোধীদলের সংসদ সদস্যরা। এ সময় স্পিকার বলেন, পরমতসহিষ্ণুতা না থাকলে গণতন্ত্র ব্যর্থ হবে। স্পিকারের কথা বলার সময় যে রোষটা আপনারা দেখাচ্ছেন এটা সংসদ পরিপন্থি কাজ। আমি আমার জ্ঞান বুদ্ধিমতো নিরপেক্ষভাবে পরিচালনা করার চেষ্টা করছি। তখন স্পিকার স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকে কথা বলার সুযোগ দেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমার যে শব্দচয়নে ওনাদের আপত্তি সেটার জবাবটা আমি দিতে পারবো। আপনারা সারাদিন দাঁড়িয়ে থাকতে পারলে আমিও পারবো। যদি কথা না বলতে দেন তাহলে কীসের বাকস্বাধীনতা। তিনি আরও বলেন, বিরোধীদলীয় কোন এমপির মামলায় আসামি গ্রেফতার হয় নাই সেটার স্পেসিফিক বর্ণনা দরকার। শুধু হাওয়াইভাবে যদি বলা হয় এসব হচ্ছে প্রতিকার কী.....স্পেসিফিক প্রশ্ন করতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে সহযোগিতা করতে চায় চীন

জ্বালানি সংকট মোকাবিলায় বাংলাদেশকে সহযোগিতা করতে চায় চীন। বিশেষ করে সৌরবিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানি খাতে সহযোগিতার সুযোগ রয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। তিনি বলেন, জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমাতে নবায়নযোগ্য জ্বালানি ও সৌরবিদ্যুতের দিকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার এখনই উপযুক্ত সময়। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন চীনা রাষ্ট্রদূত। বাংলাদেশ বর্তমানে বড় ধরনের জ্বালানি সংকটে রয়েছে। এক্ষেত্রে চীন কি সহযোগিতা করবে? জানতে চাইলে রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, হ্যাঁ। আমরা বিশেষ করে জ্বালানি, সৌরবিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানির ক্ষেত্রে কাজ করছি। আমি মনে করি, বাংলাদেশের জন্য এখন নবায়নযোগ্য জ্বালানি ও সৌরবিদ্যুৎ উন্নয়নের উপযুক্ত সময়। এর মাধ্যমে জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমানো সম্ভব হবে। তিনি বলেন, এটি চীনের একটি শক্তিশালী ক্ষেত্র। জ্বালানি সরবরাহের ঘাটতি কাটিয়ে উঠতে বাংলাদেশকে সহযোগিতা করার ক্ষেত্রে এখানে আমাদের অনেক সুযোগ রয়েছে। এর আগে মন্ত্রীর সঙ্গে বৈঠক প্রসঙ্গে চীনা রাষ্ট্রদূত বলেন, এইমাত্র আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে অত্যন্ত ভালো, গঠনমূলক ও গুরুত্বপূর্ণ আলোচনা করেছি। তিনি বলেন, ড. মঈন খান চীনের একজন পুরোনো বন্ধু। তিনি বহুবার চীন সফর করেছেন এবং দলীয় পর্যায়ে সহযোগিতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। এখন তিনি বাংলাদেশের গুরুত্বপূর্ণ একটি মন্ত্রণালয়ের দায়িত্বে থাকায় চীন খুশি। বৈঠকে ভবিষ্যতে বাংলাদেশ-চীন সহযোগিতার বিভিন্ন বিষয়, বিশেষ করে মন্ত্রীর দায়িত্বের আওতাভুক্ত বিষয়গুলো নিয়ে আলোচনা হয়েছে বলে জানান ইয়াও ওয়েন। তিনি বলেন, আমরা বিশেষভাবে ওয়েস্ট টু এনার্জি (বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন) প্রকল্প নিয়ে কথা বলেছি। এটি বাংলাদেশে প্রথম এ ধরনের প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় প্রকল্পটির সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং খুব শিগগির এটি উদ্বোধন করা হবে। এটি ঢাকা শহরের উন্নয়নে সহায়তা করার জন্য একটি মডেল প্রকল্প হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## ৬ মাসে সরকার অজনপ্রিয় হয়ে পড়েছে: সারজিস আলম

ছয় মাসে সরকার দুঃখজনকভাবে অজনপ্রিয় হয়ে পড়েছে। বিএনপি জনগণের সঙ্গে প্রতারণা করছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি বলেন, জনগণ বিএনপি থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে। জুলাই সনদ বাস্তবায়ন তো দূরের কথা, বিএনপি নিজেদের ঘোষিত ৩১ দফার সঙ্গেও প্রতারণা করেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) দুপুরে ফেনীর একটি মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন সারজিস আলম। এনসিপি নেতা বলেন, `মানুষের নিত্যনৈমিত্তিক যে প্রয়োজনীয় জিনিসপত্র, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, জ্বালানি সংকট থেকে শুরু করে মানুষ দীর্ঘ লোডশেডিংয়ের মধ্য দিয়ে তাদের জীবনযাপন হচ্ছে। আমরা দেখছি প্রত্যেকটা প্রতিষ্ঠানে দলীয়করণ করা হচ্ছে। সব জায়গায় স্বজনপ্রীতি করা হচ্ছে। এমনকি বিএনপি ইউনিয়ন পরিষদেও প্রশাসক বসাতে যাচ্ছে। এটা আমাদের দেশের ডেমোক্রেটিক প্রসেসের জন্য একটা লজ্জাজনক

উদাহরণ হয়ে থাকবে।, স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, আগামী সব স্থানীয় নির্বাচনে এনসিপি একক প্রার্থী ঘোষণা করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ায় বিশেষ অভিযানে ২৪৫ বাংলাদেশি আটক

মালয়েশিয়ার বিভিন্ন স্থানে একযোগে পরিচালিত অভিবাসনবিরোধী অভিযানে ২৪৫ বাংলাদেশিসহ ৫২৮ অভিবাসীকে আটক করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ। ২৫ আগস্ট থেকে ২৭ আগস্ট বৃহস্পতিবার পর্যন্ত দেশের আটটি নির্মাণস্থলে পরিচালিত `অপস সাসার, অভিযানে তাদের আটক করা হয়। অভিযানটিতে মালয়েশিয়ার ইমিগ্রেশন বিভাগ, জাতীয় নিবন্ধন বিভাগ, রয়্যাল মালয়েশিয়ান পুলিশ, জাতীয় মাদকবিরোধী সংস্থা এবং মালয়েশিয়ান মেরিটাইম এনফোর্সমেন্ট এজেন্সির মোট ৪১৪ জন কর্মকর্তা ও সদস্য অংশ নেন। মালয়েশিয়ার ইমিগ্রেশন এনফোর্সমেন্ট বিভাগের পরিচালক দাতুক বাসরি ওথমান জানান, স্থানীয় বাসিন্দাদের অভিযোগ ও জনসাধারণের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে এসব স্থানে অভিযান পরিচালনা করা হয়। ওইসব এলাকায় অভবাসীদের উপস্থিতি ও কর্মকাণ্ড নিয়ে স্থানীয় সম্প্রদায়ের মধ্যে উদ্বেগ তৈরি হওয়ায় অভিযান চালানো হয়েছে। তিনি বলেন, অভিবাসন আইন মেনে চলা নিশ্চিত করা এবং কোনো ধরনের আইন বা বিধি লঙ্ঘন হচ্ছে কি না, তা শনাক্ত করাই অভিযানের মূল উদ্দেশ্য। অভিযানে মোট ৬৭৮ জনকে যাচাই করা হয়। এর মধ্যে বিভিন্ন অভিবাসন-সংক্রান্ত অপরাধে ৫২৮ অভিবাসীকে আটক করা হয়েছে। আটক ব্যক্তিদের মধ্যে ৪৫০ জন পুরুষ এবং ৭৯ জন নারী বলে জানানো হয়েছে। আটকদের মধ্যে ১১৯ জন ইন্দোনেশিয়ার, ২৪৫ জন বাংলাদেশের, ২৩ জন ভারতের, ১০০ জন মিয়ানমারের, ৪ জন নেপালের এবং অন্যান্য দেশের ৩৭ জন নাগরিক রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## নেপালের বন্যায় শোক ও সহায়তার বার্তা জাতীয় সংসদে

প্রতিবেশী নেপালে আকস্মিক বন্যায় ব্যাপক প্রাণহানির ঘটনায় জাতীয় সংসদে শোক প্রকাশ করা হয়েছে। সেই সঙ্গে দেশটিতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সহায়তা পাঠানোর উদ্যোগ সম্পর্কে অধিবেশনে জানানো হয়েছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) বিকেল ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু হয়। ছাত্র-জনতার অভ্যুত্থানের বিজয়ের স্মৃতিবাহী আগস্ট এবং নতুন রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়াকে স্মরণ করে শুরু হয় এ অধিবেশন। এতে গণঅভ্যুত্থান ও মহান মুক্তিযুদ্ধে আত্মউৎসর্গকারী সব শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। একই সঙ্গে ১৯৯১ সালের পর দীর্ঘ ৩৫ বছর বিরতিতে ২০২৬ সালে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হওয়াকে দেশের গণতান্ত্রিক অভিযাত্রায় এক অনন্য ও তাৎপর্যপূর্ণ ঘটনা হিসেবে আখ্যায়িত করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেন, ২০২৪ সালের আগস্টে গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচারী ও ফ্যাসিবাদী শাসনের অবসান ঘটেছে। শহীদদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা রেখে একটি গণতান্ত্রিক, শক্তিশালী ও মানবিক রাষ্ট্র গঠনে সংসদ সদস্যদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে মহান জাতীয় সংসদ ও নিজের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৮.২০২৬ রিহাব)

## ৬৪ জেলায় ৬৪ স্বরাষ্ট্রমন্ত্রী থাকলে মন্দ হতো নাঃ রুমিন ফারহানা

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের কড়া সমালোচনা করে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা বলেন, সাধারণ মানুষের সঙ্গে কথা বললে জানা যায়, বাংলাদেশে পররাষ্ট্রমন্ত্রী যেমন তিনজন আছেন, ৬৪ জেলায় ৬৪ জন স্বরাষ্ট্রমন্ত্রী থাকলে মন্দ হতো না। বৃহস্পতিবার (২৭ আগস্ট) জাতীয় সংসদ অধিবেশনে রুমিন ফারহানা স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রীর কড়া সমালোচনা করেন। রুমিন ফারহানা বলেন, `সংসদে আইনশৃঙ্খলা নিয়ে কথা বলতে গেলে মুশকিল হলো, যিনি স্বরাষ্ট্রমন্ত্রী আছেন, তিনি হয় ব্যঙ্গ অথবা বাকচাতুর্য দিয়ে বিষয়টি ঘুরিয়ে ফেলেন। ৬৪ জেলায় ৬৪ জন স্বরাষ্ট্রমন্ত্রী থাকলে মন্দ হতো না। বাংলাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির এতোই ভালো অবস্থা।, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুর সমালোচনা করে রুমিন ফারহানা বলেন, ”মাননীয় স্পিকার, জ্বালানি নিয়ে কী আর বলব। গ্যাস আর বিদ্যুতের ব্যাপারে দুষ্টু লোকেরা বলে, অবশ্য ভালো লোকেরা বলে না, তারা বলে, `টুকু আসে, টুকু যায়। এই আসে, এই যায় কতক্ষণ থাকে, তারা নাকি বুঝতে পারে না। একদিকে তেলের দাম বাড়ছে, বিদ্যুতের হাহাকার, গ্যাসও পাওয়া যায় না।„ রুমিন ফারহানা বলেন, `আমার বক্তব্য মূল্যস্ফীতি নিয়ে। মানুষ মূল্যস্ফীতি নিয়ে অস্বস্তিতে আছে। সরকারের অগ্রগতি ছিল আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং জ্বালানি খাতের নিশ্চয়তা।, `যখন সরকার প্রতিশ্রুতি দিয়েছিল এক কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। অথচ সরকার ক্ষমতায় আসার পরে ৬২ হাজার লোক তাদের চাকরি হারিয়েছেন, ৯০০-এর বেশি কলকারখানা বন্ধ হয়ে গেছে। নতুন কর্মসংস্থান কি সৃষ্টি হবে, নাকি যাদের চাকরি আছে তাদের চাকরি কতদিন থাকে, আল্লাহ মাবুদ জানেন। তিনি আরও বলেন, বাজারে মানুষ যখন যায়, ৮০ টাকার নিচে কোনো সবজি নেই। ডিমের দাম বেড়েছে। মিনিকেটের দাম বেড়েছে। টিসিবির লাইনে আমরা দীর্ঘ লাইন দেখি।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## ইউনিটপ্রতি ২৫ টাকা দরে চীনের কাছ থেকে বিদ্যুৎ কিনবে সরকার

চীনের একটি প্রতিষ্ঠানের কাছ থেকে ঢাকার আমিনবাজারে বর্জ্য থেকে উৎপাদিত বিদ্যুৎ প্রতি ইউনিট ২৫ টাকা দরে কিনবে সরকার। এ প্রকল্পে ৪২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বৈঠক শেষে প্রতিমন্ত্রী মীর শাহে আলম সাংবাদিকদের এ তথ্য জানান। বিদ্যুতের দাম বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, আমরা বিদ্যুৎ তাদের কাছ থেকে কিনবো ২৫ টাকা ইউনিট হিসেবে। প্রকল্পটি ১৮ মাসের মধ্যে উৎপাদনে যাওয়ার কথা রয়েছে। সে হিসেবে ২০২৮ সালের আগস্ট বা সেপ্টেম্বর নাগাদ আমিনবাজারে বর্জ্য থেকে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হতে পারে। মীর শাহে আলম বলেন, বিদ্যুতের দাম তুলনামূলক বেশি মনে হলেও এ প্রকল্পের মাধ্যমে ঢাকার বর্জ্য ব্যবস্থাপনার বড় একটি সমস্যার সমাধান হবে। বাংলাদেশ সরকারকে এ প্রকল্পে কোনো বিনিয়োগ করতে হবে না। প্রতিমন্ত্রী বলেন, আমাদের এই জাতির জন্য, ঢাকা শহরের জন্য ময়লা-আবর্জনা একটা বড় বোঝা। মূল্যটা হয়তো বেশি মনে হচ্ছে। কিন্তু পরিবেশের দিক বিবেচনা করলে, কার্বন ক্রেডিট বিবেচনা করলে আমাদের ওই খরচটা আবার অন্যভাবে চলে আসবে। তিনি জানান, বর্জ্য প্রক্রিয়াজাত করার পাশাপাশি সেখান থেকে জৈব সারও উৎপাদন করা হবে। বিনিয়োগকারী প্রতিষ্ঠান ল্যান্ডফিল ব্যবহারের জন্য সিটি করপোরেশনকে মাসিক ভাড়া দেবে। প্রতিমন্ত্রী আরও বলেন, আমিনবাজারের পাশাপাশি ঢাকার দক্ষিণ সিটি করপোরেশনের ল্যান্ডফিলে জমে থাকা বর্জ্য থেকেও বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ নেওয়া হয়েছে। সেখান থেকে প্রতিদিন ৪০ থেকে ৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে চীনের পাওয়ার চায়না নামের একটি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## উত্তরায় `পিস্তল বাবু, পরিচয় দিয়ে অস্ত্র ঠেকিয়ে ২ লাখ টাকা ছিনতাই

রাজধানীর উত্তরায় এক আবাসন কোম্পানির হিসাবরক্ষকের কাছ থেকে অস্ত্র ঠেকিয়ে দুই লাখ টাকা ছিনতাই করার অভিযোগ পাওয়া গেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকাল পৌনে ১০টার দিকে উত্তরা-১১ নম্বর সেক্টরে সোনারগাঁও জনপদ সড়কের ডেলিসিয়াস কফি শপের সামনে এ ঘটনা ঘটে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, নূর নাফি ডেভেলপারস লিমিটেড কোম্পানির সহকারী হিসাবরক্ষক নাদিম আহমেদ সুজন ১১ নম্বর সেক্টরের অফিস থেকে জনতা ব্যাংকে টাকা জমা দেওয়ার জন্য রিকশায় করে যাচ্ছিলেন। পথে এক ব্যক্তি রিকশা থামানোর জন্য সংকেত দেন। রিকশা থামানোর পর আরও তিনজন আসেন। এরপর একজন পিস্তল ঠেকিয়ে নিজেকে `পিস্তল বাবু, পরিচয় দিয়ে সুজনের সঙ্গে থাকা দুই লাখ এক হাজার টাকা ছিনিয়ে নিয়ে দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যান। আবাসন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. মনির হোসেন বলেন, সুজন অফিস থেকে টাকা নিয়ে রাজউকের ফি জমা দিতে উত্তরা ৬ নম্বর সেক্টরে জনতা ব্যাংকে যাওয়ার পথে ছিনতাইয়ের শিকার হন। এ বিষয়ে থানায় অভিযোগ করার প্রস্তুতি চলছে। এ বিষয়ে উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর বলেন, `পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। আমাদের কাছে এখনো কেউ লিখিত অভিযোগ দেননি। লিখিত অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেবো।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## গত বছরের তুলনায় কমেছে খুন, ধর্ষণ ও মব সহিংসতা: সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে বলে দাবি করে জাতীয় সংসদে পরিসংখ্যান তুলে ধরেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানিয়েছেন, বিগত বছরের একই সময়ের তুলনায় এখন দেশে খুন, ধর্ষণ, নারী-শিশু নির্যাতন, মব সহিংসতা এবং সংখ্যালঘু নির্যাতনের ঘটনা উল্লেখযোগ্য হারে কমে এসেছে। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সংসদ অধিবেশনে দেশের জলদস্যু ও অপরাধীদের দমন এবং সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ফেনী-২ আসনের সংসদ সদস্য জয়নাল আবেদীনের উত্থাপিত প্রশ্নের লিখিত ও মৌখিক জবাব দিতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য তুলে ধরেন। অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ সভাপতিত্ব করেন। জলদস্যু ও অপরাধীদের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকারের দায়িত্ব নেওয়ার পরপরই দক্ষিণাঞ্চলের সংসদ সদস্য ও মন্ত্রীদের অনুরোধে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে `অপারেশন রিস্টোর পিস, এবং `অপারেশন ম্যানগ্রোভ শিল্ড, নামে যৌথ অভিযান পরিচালনা করা হয়েছে। কোস্টগার্ডের নেতৃত্বে র‍্যাব ও পুলিশ বাহিনীর সমন্বয়ে পরিচালিত এই সফল অভিযানে বিপুল পরিমাণ অবৈধ অস্ত্র উদ্ধারসহ বহু জলদস্যু ও বনদস্যুকে গ্রেফতার করা সম্ভব হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন, সরকার একপর্যায়ে অস্ত্র সমর্পণ ও ক্ষমা প্রদর্শনের সুযোগ দিয়ে দস্যুদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার চেষ্টা করেছিল এবং তাতে ইতিবাচক ফলও পাওয়া গেছে। তবে আত্মসমর্পণকারী কিছু অপরাধী কয়েক বছর পর আবারও দস্যুতার পথে ফিরে যাওয়ার প্রবণতা দেখা যায়। এই কারণে সরকার অপরাধীদের পুনরায় অপরাধে জড়ানো রোধে কঠোর নজরদারি ও কার্যকর আইনি পদক্ষেপ জারি রেখেছে। সালাহউদ্দিন আহমদ বলেন, ২০২৫ সালের জানুয়ারি থেকে আগস্ট মাসের তুলনায় ২০২৬ সালের একই সময়ে দেশের প্রধান প্রধান অপরাধের সংখ্যা দৃশ্যমানভাবে হ্রাস পেয়েছে। ২০২৫ সালের প্রথম

আট মাসে যেখানে সারাদেশে দুই হাজার ৬০৭টি খুনের ঘটনা ঘটেছিল, ২০২৬ সালের একই সময়ে তা কমে দাঁড়ায় দুই হাজার ৩৩২টিতে। অর্থাৎ এই সময়ে খুনের সংখ্যা ৩০০-এরও বেশি কমেছে। একইভাবে নারী ও শিশু নির্যাতনের ঘটনা বিগত বছরের ১১ হাজার ২৬৯টি থেকে কমে ৯ হাজার ৩৪৭টিতে এবং ধর্ষণের ঘটনা চার হাজার ৬৬৬টি থেকে কমে চার হাজার ৪০২টিতে নেমে এসেছে বলে তিনি সংসদে জানান। মব সহিংসতার ক্ষেত্রে সরকারের কঠোর অবস্থানের কথা স্মরণ করিয়ে দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পূর্ববর্তী সময়ে মব সহিংসতা বা মব জাস্টিসের প্রবণতা ছিল ৮৯টি, যা বর্তমান সরকারের সমন্বিত প্রচেষ্টায় কমে ৫৬টিতে নেমে এসেছে। এই ঘটনাগুলোকে শূন্যে নামিয়ে আনতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এছাড়া সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা বা সহিংসতার পরিসংখ্যান তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গত বছরের একই সময়ে সংখ্যালঘু সংক্রান্ত ঘটনার সংখ্যা ছিল ৯৯৯টি, যা চলতি বছরে কমে দাঁড়ায় ১৬৩টিতে। সংসদ সদস্যদের যে কোনো নির্দিষ্ট নোটিশ ও অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে আরও বিস্তারিত নথিপত্র সংসদে পেশ করার প্রস্তুতি সরকারের রয়েছে বলে তিনি নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## রাজধানীতে নারীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

রাজধানীর রামপুরা থানাধীন পূর্ব রামপুরার একটি বাসা থেকে হনুফা আক্তার (২১) নামে এক নারীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (২৬ আগস্ট) দিবাগত রাতে এ ঘটনা ঘটে। পরে তার মরদেহ ময়নতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। রামপুরা থানার উপ-পরিদর্শক (এসআই) মোহাম্মদ হাসমত আলী বলেন, আমরা খবর পেয়ে গতকাল (বুধবার) রাত সাড়ে ৯টার দিকে পূর্ব রামপুরার একটি বাসা থেকে ওই নারীর মরদেহ উদ্ধার করি। পরে আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য রাতেই ঢামেক মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, আমরা স্থানীয় লোকের মুখে জানতে পারি নিহত হনুফার স্বামী মিঠুন (৩৫) অটোরিকশাচালক। রাতে স্বামী-স্ত্রীর কলহের জেরে হনুফা অভিমানে নিজ কক্ষে সিলিং ফ্যানের সঙ্গে গলায় ওড়না পেঁচিয়ে ফাঁস নেন। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। নিহত হনুফার গ্রামে বাড়ি পিরোজপুর জেলার ভান্ডারিয়া থানাধীন হিতালিয়া গ্রামে। বর্তমানে পূর্ব রামপুরার লালমাটি এলাকার ৭৮/৫-বি ভাড়া বাসায় স্বামী মিঠুনকে নিয়ে থাকতেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## ৬৪ জেলার তদারকি-সমন্বয়ের দায়িত্বে ৩০ মন্ত্রী-প্রতিমন্ত্রী-হুইপ

দেশের সব জেলার আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখা, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ এবং উন্নয়ন, জনকল্যাণমূলক কার্যক্রম তদারকি ও সমন্বয়ের জন্য ৩০ জন মন্ত্রী, প্রতিমন্ত্রী ও জাতীয় সংসদের হুইপকে দায়িত্ব দিয়েছে সরকার। বৃহস্পতিবার (২৭ আগস্ট) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, বিগত সময়ে দেশের বিভিন্ন জেলায় উন্নয়নের বরাদ্দ কাগজে-কলমে থাকলেও ব্যাপক দুর্নীতির মাধ্যমে লুটপাট হয়েছে। লুটপাটের অর্থের একাংশ বিদেশে পাচার এবং অন্য অংশ মাদকসহ সামাজিক অবক্ষয়, জননিরাপত্তা ও রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কাজে ব্যবহারের বিষয়টি সরকার গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে। এ পরিস্থিতিতে আইনশৃঙ্খলা, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং জনকল্যাণমূলক ও উন্নয়ন কার্যক্রমসহ সার্বিক সরকারি কার্যাবলি তদারকি ও সমন্বয়ে জেলা পর্যায়ে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও হুইপদের তদারকি ও সমন্বয়ের এ দায়িত্ব দেওয়া হয়েছে।

## কোন জেলায় কে দায়িত্ব পেয়েছেন

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদকে রাজশাহী ও নাটোর; সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী ডা. আবু জাফর মো. জাহিদ হোসেনকে লালমনিরহাট, নীলফামারী ও পঞ্চগড়; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আব্দুল আউয়াল মিন্টুকে লক্ষ্মীপুর; সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরীকে চুয়াডাঙ্গা; বাণিজ্য ও শিল্পমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদিরকে হবিগঞ্জ এবং শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরীকে মৌলভীবাজার জেলার দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়া পানি সম্পদ মন্ত্রী মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানিকে চট্টগ্রাম; বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতকে শেরপুর, ময়মনসিংহ ও নেত্রকোনা; দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলুকে ঠাকুরগাঁও ও দিনাজপুর; আইনমন্ত্রী মো. আসাদুজ্জামানকে খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট এবং গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহেরকে ফেনী ও নোয়াখালীর দায়িত্ব দেওয়া হয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ; পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী সাচিং প্রু কক্সবাজার; বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম টাঙ্গাইল ও নরসিংদী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম মাদারীপুর ও শরীয়তপুর জেলার তদারকির দায়িত্ব পেয়েছেন। এছাড়া বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিতকে মেহেরপুর, কুষ্টিয়া ও ঝিনাইদহ; জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারীকে বগুড়া ও চাঁপাইনবাবগঞ্জ; মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকুকে ঢাকা; ভূমি এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দিনকে

খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি; রেলপথ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক প্রতিমন্ত্রী হাবিবুর রশিদকে গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলার দায়িত্ব দেওয়া হয়েছে। নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজীব আহসানকে বরগুনা, পটুয়াখালী ও পিরোজপুর; স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমকে রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম; সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফারজানা শারমিনকে সিরাজগঞ্জ ও পাবনা; শেখ ফরিদুল ইসলামকে যশোর, মাগুরা ও নড়াইল; ইয়াসের খান চৌধুরীকে জামালপুর ও কিশোরগঞ্জের দায়িত্ব দেওয়া হয়েছে। গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মঞ্জুরকে বরিশাল, ভোলা ও ঝালকাঠি; ধর্ম প্রতিমন্ত্রী মোহাম্মদ শামীম কায়সারকে জয়পুরহাট ও নওগাঁ; হুইপ মো. জি কে গউসকে সিলেট ও সুনামগঞ্জ; হুইপ মিয়া নুরুদ্দিন আহম্মেদকে রাজবাড়ী, ফরিদপুর ও গোপালগঞ্জ এবং হুইপ এ বি এম আশরাফ উদ্দিন নিজানকে ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা ও চাঁদপুর জেলার দায়িত্ব দেওয়া হয়েছে। প্রজ্ঞাপনে সংবিধানের ৫৫(২) অনুচ্ছেদ উল্লেখ করে বলা হয়েছে, প্রধানমন্ত্রী কর্তৃক বা তার কর্তৃত্বে সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রয়োগ করা হয়। এ ছাড়া রুলস অব বিজনেসের ৩৩ নম্বর বিধি অনুযায়ী প্রধানমন্ত্রী প্রয়োজন মনে করলে যে কোনো ক্ষেত্রে ওই বিধিমালা থেকে বিচ্যুতির অনুমতি দিতে পারেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## থানা থেকে পালিয়ে গেলেন রিমান্ডে নেওয়া হত্যার আসামি

হত্যা মামলায় রিমান্ডে নেওয়া এক নারী আসামি রাজধানীর যাত্রাবাড়ী থানায় পুলিশি হেফাজত থেকে পালিয়ে গেছেন। তিনদিনের রিমান্ড শেষে আদালতে হাজির করার আগমুহূর্তে বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকালে এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করে ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-কমিশনার (এডিসি, ডেমরা জোন) মহসিন মাসুদ জানান, মিতু নামের ওই অভিযুক্ত একটি হত্যা মামলায় গ্রেফতার ছিলেন। তিনি বলেন, তিনদিনের রিমান্ড শেষে আজ মিতুকে আদালতে হাজির করার কথা ছিল। কিন্তু তার আগেই তিনি পুলিশি হেফাজত থেকে পালিয়ে যান। তাকে খুঁজে বের করতে পুলিশ তল্লাশি চালাচ্ছে। যাত্রাবাড়ী থানার একটি সূত্র জানিয়েছে, আসামি মিতুকে গ্রেফতারে তারা খুব কাছাকাছি আছেন। খুব শিগগির তাকে গ্রেফতার করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## সৌদি যুবরাজকে চিঠি দিলেন তারেক রহমান

সৌদি আরবের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানকে চিঠি দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। সৌদি যুবরাজের প্রতি তার এ চিঠি দেশটির পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান আল সৌদের হাতে তুলে দেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সৌদি আরবের জেদ্দায় ওআইসিভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের এক্সট্রাঅর্ডিনারি কাউন্সিলের বৈঠকের সাইডলাইনে সাক্ষাৎকালে সৌদি পররাষ্ট্রমন্ত্রীর হাতে চিঠিটি তুলে দেন হুমায়ুন কবির। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। সাক্ষাৎকালে উভয়পক্ষ বাংলাদেশ-সৌদি আরবের দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং দুই দেশের অংশীদারিত্বকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন। এ সময় বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানান, বাংলাদেশে বিএনপির নেতৃত্বে সরকার গঠনের পর দুই দেশের মধ্যে কয়েকটি উচ্চ পর্যায়ের সফর অনুষ্ঠিত হয়েছে। এতে করে নানাবিধ সেক্টরে সহযোগিতার নতুন সুযোগ তৈরি হয়েছে বলে মন্তব্য করেন তিনি। অদূর ভবিষ্যতে দুই দেশের মধ্যে আরও উচ্চ পর্যায়ের সফরের কথাও বলেন তিনি। এ সময় অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধির গুরুত্বারোপ করে সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী জানান, সৌদি আরবের অগ্রাধিকারপ্রাপ্ত দেশগুলোর তালিকায় রয়েছে বাংলাদেশ। তিনি বাংলাদেশে সৌদি আরবের কোম্পানিগুলোর আগ্রহের কথা জানান এবং বিনিয়োগ ও ব্যবসা সম্প্রসারণের আগ্রহের কথা ব্যক্ত করেন। এছাড়াও সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী দেশটির উন্নয়নে সেখানে বসবাসরত বাংলাদেশি প্রবাসীদের অবদানের প্রশংসা করেন। এ সময় তাকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।সাক্ষাৎকালে সৌদি আরবের সহকারী পররাষ্ট্রমন্ত্রী ওয়ালিদ আবদুলকারিম আল-খারেজি এবং ওআইসিতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধিসহ অন্যান্য উচ্চ পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## সিপিডির নির্বাহী পরিচালক হলেন ড. নাজনীন আহমেদ

বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন বিশিষ্ট উন্নয়ন অর্থনীতিবিদ ড. নাজনীন আহমেদ। আগামী ১ সেপ্টেম্বর থেকে তিনি এ পদে দায়িত্ব গ্রহণ করবেন। বৃহস্পতিবার (২৭ আগস্ট) সিপিডির পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অর্থনৈতিক গবেষণা, নীতি বিশ্লেষণ ও উন্নয়ন কর্মকাণ্ডে প্রায় তিন দশকের অভিজ্ঞতা রয়েছে ড. নাজনীন আহমেদের। বাংলাদেশ ও আন্তর্জাতিক পর্যায়ে অর্থনীতি ও উন্নয়নসংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করেছেন তিনি।সিপিডিতে যোগ দেওয়ার আগে ড. নাজনীন আহমেদ জাতিসংঘ উন্নয়ন কর্মসূচিতে (ইউএনডিপি) বাংলাদেশে কান্ট্রি ইকোনমিস্ট হিসেবে দুই বছর দায়িত্ব পালন করেন। এরপর নিউইয়র্কে ইউএনডিপির এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের আঞ্চলিক ব্যুরোতে তিন বছর

কাজ করেন পলিসি অ্যাডভাইজার হিসেবে। এর আগে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান—বিআইডিএসে (বিআইডিএস) দীর্ঘ ২৫ বছর গবেষণায় যুক্ত ছিলেন তিনি। ১৯৯৮ সালের জুলাইয়ে রিসার্চ অ্যাসোসিয়েট হিসেবে বিআইডিএসে কর্মজীবন শুরু করেন নাজনীন আহমেদ। পরবর্তী সময়ে বিভিন্ন গবেষণা পদে দায়িত্ব পালন করে গবেষণা পরিচালক হন। ড. নাজনীনের গবেষণা ও নীতি আগ্রহের পরিধি বেশ বিস্তৃত। এর মধ্যে রয়েছে সামষ্টিক অর্থনীতি, আন্তর্জাতিক বাণিজ্য, শিল্প ও কর্মসংস্থান, সুশাসন, লিঙ্গসমতা, সামাজিক সুরক্ষা এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি। তার অসংখ্য গবেষণা ও প্রকাশনা রয়েছে। দেশি-বিদেশি পিয়ার-রিভিউড জার্নালে গবেষণা প্রবন্ধের পাশাপাশি আন্তর্জাতিকভাবে খ্যাতনামা প্রকাশনা সংস্থার বইয়ে অধ্যায় এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার জন্য গবেষণা প্রতিবেদনও প্রকাশ করেছেন তিনি। কর্মজীবনে বিশ্বব্যাংক, ডিএফআইডি, ইউএনসিটিএডি, আইএলও, আইএফসি, ইউরোপীয় ইউনিয়ন, আইএফপিআরআই ও ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করেছেন ড. নাজনীন আহমেদ। তিনি নেদারল্যান্ডসের ওয়াখেনিনগেন ইউনিভার্সিটি থেকে অর্থনীতিতে পিএইচডি এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সাসেক্স থেকে ডেভেলপমেন্ট ইকোনমিকসে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন, ছিলেন চেভেনিং স্কলারও। গবেষণা, জননীতি প্রণয়ন ও আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ে ড. নাজনীনের দীর্ঘ অভিজ্ঞতা সিপিডির গবেষণা ও নীতিনির্ধারণী কার্যক্রম আরও শক্তিশালী করবে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি বাংলাদেশে প্রমাণভিত্তিক নীতি প্রণয়ন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে সিপিডির ভূমিকা আরও এগিয়ে নিতে তার অভিজ্ঞতা গুরুত্বপূর্ণ অবদান রাখবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

## সংসদে দেওয়া বক্তব্য প্রত্যাহার করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

বিরোধীদলের সংসদ সদস্যদের প্রশ্নকে `শাহবাগ স্কয়ার, ও `পল্টন ময়দানের বক্তৃতা, বলার পর তীব্র হট্টগোল তৈরি হলে সেই বক্তব্য প্রত্যাহার করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, `আই উইথড্র-আই উইথড্র, এবার আপনারা খুশি?, ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের শুরুর দিনই উত্তপ্ত হয়ে ওঠে সংসদ। বৃহস্পতিবার (২৭ আগস্ট) স্বরাষ্ট্রমন্ত্রীর একটি বক্তব্যকে ঘিরে জাতীয় সংসদে ব্যাপক উত্তেজনা তৈরি হয়। এ সময় বিরোধীদলের তীব্র প্রতিবাদের মুখে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ স্পিকার হাফিজ উদ্দিন আহমদের কাছে `শেল্টার, চান। স্পিকারও তাদের থামাতে ব্যর্থ হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `আই উইথড্র-আই উইথড্র, এবার আপনারা খুশি?, স্বরাষ্ট্রমন্ত্রী বিরোধীদলকে তুচ্ছ-তাচ্ছিল্য করেছেন—এমন অভিযোগে তীব্র আপত্তি জানান বিরোধীদলের সদস্যরা। বিরোধীদলের আপত্তি, হইচই, হট্টগোলে প্রায় ১০ মিনিট সংসদে কার্যত অচলাবস্থা ছিল। বিরোধীদলের আপত্তিতে স্বরাষ্ট্রমন্ত্রী নিজের বক্তব্য প্রত্যাহার করার কথা জানালেও পরিস্থিতি তাৎক্ষণিক শান্ত হয়নি। বারবার চেষ্টা করেও পরিস্থিতি শান্ত করতে না পেরে এক পর্যায়ে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, তিনি এই সংসদের ভবিষ্যৎ নিয়ে কিছুটা চিন্তিত। বিরোধীদলীয় সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন করলে তিনি বলেন, শাহবাগ স্কয়ারে বক্তৃতা দেওয়া আর পার্লামেন্টে বক্তৃতা দেওয়া এক কথা না। তার এ কথায় বিরোধীদলের সংসদ সদস্যরা প্রতিবাদ জানাতে থাকেন। তারা হাসনাত আব্দুল্লাহসহ একাধিক সদস্যের প্রশ্নের উত্তরে এভাবে কথা বলার প্রতিবাদ করেন। পরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমি কাউকে উদ্দেশ্য করে কিছু বলি নাই।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ৫০তম মৃত্যুবার্ষিকী

অন্যায়-অবিচারের বিরুদ্ধে যার কণ্ঠ ছিল বজ্রের মতো উচ্চকিত, সাম্য ও মানবতার পক্ষে যার কলম ছিল নির্ভীক—সেই বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ৫০তম মৃত্যুবার্ষিকী আজ। মৃত্যুর পাঁচ দশক পেরিয়ে গেলেও শোষণ, বৈষম্য ও নিপীড়নের বিরুদ্ধে তাঁর কবিতা, গান ও দর্শন আজও বাঙালির চেতনায় সমানভাবে প্রাসঙ্গিক। দ্রোহ, প্রেম, সাম্য ও মানবমুক্তির অনন্য বার্তা নিয়ে নজরুল এখনো বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে এক অমর প্রেরণার নাম। ১৩৮৩ বঙ্গাব্দের ১২ ভাদ্র ঢাকায় বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (সাবেক পিজি হাসপাতাল) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বাংলা সাহিত্যের এই কালজয়ী কবি। ১৮৯৯ সালের ২৪ মে (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ বঙ্গাব্দ) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন কাজী নজরুল ইসলাম। শৈশবেই দারিদ্র্য ও নানা প্রতিকূলতার মুখোমুখি হলেও সেই সংগ্রামই পরবর্তীকালে তাঁর সৃষ্টিশীলতাকে আরও শক্তিশালী করে। একসময় তিনি হয়ে ওঠেন বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি এবং বাঙালির বিদ্রোহী চেতনার প্রতীক। মাত্র ২৩ বছরের সৃষ্টিশীল জীবনে নজরুল বাংলা ভাষা ও সাহিত্যকে উপহার দেন অসংখ্য কালজয়ী সৃষ্টি। কবিতা ও গান ছাড়াও হামদ, নাত, গজল, নাটক ও শ্যামাসংগীতসহ সাহিত্যের বিভিন্ন শাখায় তিনি রেখে গেছেন অনন্য প্রতিভার স্বাক্ষর। তাঁর কবিতা, গান ও সাহিত্যকর্ম মানুষের মধ্যে জাগিয়েছে নবচেতনা এবং শোষণ-বঞ্চনার বিরুদ্ধে লড়াইয়ের প্রেরণা। সাহিত্যচর্চার পাশাপাশি মানবমুক্তির আকাঙ্ক্ষায়

ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধেও সক্রিয়ভাবে সংগ্রামে যুক্ত হন তিনি। নজরুলের সৃষ্টিতে একই সঙ্গে ধ্বনিত হয়েছে প্রেম ও বিদ্রোহ, সৌন্দর্য ও সংগ্রাম। নিজের অবস্থানকে তিনি তুলে ধরেছিলেন সেই বিখ্যাত পঙ্ক্তিতে— `মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশুরি আর হাতে রণ-তূর্য,। এই দ্বৈত সত্তাই নজরুলকে অন্যদের থেকে আলাদা করেছে। তাঁর বাঁশিতে যেমন প্রেম ও মানবতার সুর, তেমনি রণ-তূর্যে অন্যায় ও শোষণের বিরুদ্ধে প্রতিবাদের আহ্বান। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালের ২৪ মে ভারত সরকারের অনুমতি নিয়ে সপরিবারে কবিকে বাংলাদেশে আনা হয়। তাঁকে দেওয়া হয় জাতীয় কবির মর্যাদা। রাষ্ট্রীয় মর্যাদায় বসবাসের জন্য রাজধানীর ধানমণ্ডিতে একটি বাড়িও দেওয়া হয়। ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁকে সম্মানসূচক ডি-লিট ডিগ্রি প্রদান করে। ১৯৭৬ সালে বাংলাদেশ সরকার তাঁকে নাগরিকত্ব দেয়। একই বছরের ২১ ফেব্রুয়ারি তিনি ভূষিত হন একুশে পদকে। নজরুলের ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে প্রতিবছরের মতো এবারও বিভিন্ন কর্মসূচি নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। আজ সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোভাযাত্রা করে কবির সমাধিতে যাবেন। সেখানে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠের পর সমাধি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। সময় পেরিয়েছে পাঁচ দশক, বদলেছে সমাজ ও রাষ্ট্রের নানা বাস্তবতা; কিন্তু নজরুলের সাম্য, মানবতা ও দ্রোহের বার্তা আজও মানুষের অধিকার ও মুক্তির সংগ্রামে নতুন করে উচ্চারিত হয়। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## বিনা খরচে মালয়েশিয়ায় ১০ হাজার কর্মী পাঠাবে সরকার, যেভাবে আবেদন প্রক্রিয়া

সরকারিভাবে কোনো ধরনের খরচ ছাড়াই ১০ হাজার কর্মীকে মালয়ে শিয়ায় পাঠানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে এবং অবৈধভাবে বিদেশযাত্রা ঠেকাতে সুনামগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই ঘোষণা দেন। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেজেও বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

**আবেদন প্রক্রিয়া ও বর্তমান অবস্থা:**

বিনা খরচে মালয়েশিয়ায় কর্মী পাঠানোর ঘোষণা দেওয়া হলেও, এর জন্য কবে থেকে আবেদন শুরু হবে বা কোথায় আবেদন করতে হবে—তা নিয়ে এখন পর্যন্ত কোনো বিস্তারিত সরকারি নির্দেশনা বা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। অনলাইন আবেদন লিংক, বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা, পেশাভিত্তিক শর্ত কিংবা প্রার্থী বাছাইয়ের পদ্ধতি সম্পর্কেও কোনো সুনির্দিষ্ট তথ্য জানানো হয়নি। এ অবস্থায় সাধারণ কর্মী ও প্রবাসপ্রত্যাশীদের জন্য কিছু গুরুত্বপূর্ণ সতর্কতা রয়েছে: প্রতারণা থেকে সাবধান: সরকারি কোনো বিজ্ঞপ্তি প্রকাশের আগে যদি কোনো ব্যক্তি বা বেসরকারি প্রতিষ্ঠান `মালয়েশিয়ার ১০ হাজার কর্মীর আবেদন, বা নিবন্ধনের নামে টাকা দাবি করে, তবে তাতে একেবারেই সাড়া দেওয়া যাবে না। অফিশিয়াল তথ্যের ওপর ভরসা: আবেদন প্রক্রিয়া বা বিজ্ঞপ্তি প্রকাশ হলে তা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অফিশিয়াল ওয়েবসাইট এবং অনুমোদিত সরকারি চ্যানেলের মাধ্যমেই জানানো হবে। তাই সঠিক তথ্যের জন্য কেবল সরকারি মাধ্যমের ওপর ভরসা করা উচিত।

**প্রশিক্ষণ ও ভাষাগত দক্ষতার ওপর গুরুত্ব:**

বিদেশগামীদের শুধু পাঠানোই নয়, বরং তাদের দক্ষ করে তোলার ওপর বিশেষ জোর দিয়েছেন মন্ত্রী। বিদেশযাত্রার আগে কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের পাশাপাশি ইংরেজি, আরবি, জাপানি, চীনা ও কোরিয়ান ভাষার মতো বিদেশি ভাষায় দক্ষ হয়ে ওঠার তাগিদ দেওয়া হয়েছে। এছাড়া সুনামগঞ্জের ৫টি নির্বাচনী এলাকায় ৫টি নতুন প্রশিক্ষণকেন্দ্র স্থাপনের পরিকল্পনার কথাও জানানো হয়েছে। সংক্ষেপে, ১০ হাজার কর্মীর এই বিনা খরচে মালয়েশিয়া যাওয়ার সুযোগে অংশ নিতে ইচ্ছুকদের এখন কোনো গুজবে কান না দিয়ে সরকারের আনুষ্ঠানিক ও বিস্তারিত বিজ্ঞপ্তির জন্য অপেক্ষা করতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## বাংলাদেশের জ্বালানি সংকট মোকাবিলায় কাজ করতে চায় চীন : রাষ্ট্রদূত

বাংলাদেশের জ্বালানি সংকট মোকাবিলায় চীন কাজ করতে চায় বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বৃহস্পতিবার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলমের সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন তিনি। তিনি বলেন, `আমরা কাজ করছি। বিশেষ করে নবায়নযোগ্য শক্তির ওপর। এ বিষয়টি নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথেও ব্যক্তিগতভাবে আলোচনা হয়েছে। আমার মনে হয় বাংলাদেশের জন্য এখন উপযুক্ত সময় নবায়নযোগ্য শক্তি, সৌর শক্তি তৈরি করা, যাতে এই সংকট কাটিয়ে ওঠা যায়। সৌর শক্তি চীনের একটি শক্তিমত্তা বা দক্ষতার জায়গা। বাংলাদেশের এই শক্তি/জ্বালানি সংকট সমাধানে আমাদের সহযোগিতার ক্ষেত্রে আমি অনেক সম্ভাবনা দেখতে পাচ্ছি।, এসময় তিনি আরও বলেন, `আমরা বাংলাদেশের সাথে কাজ করছি বাংলাদেশ ও চীনের মধ্যে আরও বেশি ফ্লাইট সংযোগ স্থাপনের বিষয়ে। তাই প্রধানমন্ত্রীর সফরের ফলাফল বাস্তবায়ন ও আমাদের পারস্পরিক সহযোগিতাকে এগিয়ে নিতে আমরা বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে কাজ করছি।,

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## সীমান্তে ৬ জনকে পুশইনের চেষ্টা, প্রতিহত বিজিবির

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর উপজেলার রামদাসপুর সীমান্ত দিয়ে ছয় জনকে বাংলাদেশে পুশইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। বৃহস্পতিবার সকাল সাড়ে ৬টার দিকে নওগাঁ ব্যাটালিয়ন ১৬ বিজিবির রামদাসপুর বিওপি এলাকার সীমান্ত পিলার ২১৬/এমপি দিয়ে এ চেষ্টা করা হয়। বিজিবি সূত্র জানায়, ভারতের ১২ বিএসএফ ব্যাটালিয়নের শমসেরনগর ক্যাম্পের সদস্যরা ছয় জনকে বাংলাদেশের দিকে ঠেলে দেওয়ার চেষ্টা করে। খবর পেয়ে রামদাসপুর বিওপির টহল দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাদের শনাক্ত করে। এ সময় ওই ছয়জনকে ভারতীয় সীমান্তের শূন্য লাইনের অভ্যন্তরে অবস্থান করতে দেখা যায়। বিজিবি সদস্যরা তাদের বাংলাদেশের ভূখণ্ডে প্রবেশে বাধা দেন। পরে তাদের ভারতীয় ভূখণ্ডে ফেরত পাঠানোর কার্যক্রম শুরু হয়। ১৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আরিফুল ইসলাম মাসুম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় বিএসএফের কাছে প্রতিবাদ জানানো হয়েছে। সীমান্তে টহল ও নজরদারি জোরদার করা হয়েছে। অবৈধ অনুপ্রবেশ ও পুশইনের যেকোনো চেষ্টা প্রতিহত করতে বিজিবি সতর্ক রয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## বাজার থেকে ১০ পণ্য দুই দিনে মধ্যে সরাতে নির্দেশ বিএসটিআইয়ের

পণ্যের মান নিয়ন্ত্রণ না করায় কঠোর অবস্থানে বিএসটিআই। সম্প্রতি বাজার থেকে নানা ব্র্যান্ডের পণ্য সংগ্রহের পর তাই পরীক্ষা করা হয় নিজস্ব ল্যাবে। এতে বম্বে সুইটসের তেহারি, কালা ভুনা, হাঁস, গরুর মাংস ও মাছের মসলায় মিলেছে ভেজাল। অন্যদিকে, কয়েকটি ব্র্যান্ডের ঘিতে মেলেনি মিল্ক ফ্যাট। তৈরি হচ্ছিল পাম অয়েল দিয়ে। ভেজাল ঘি আর বাটার অয়েলের তালিকায় রয়েছে— বাঘাবাড়ী প্রিমিয়াম, অরুন বাঘাবাড়ী, নিউ রাঁধুনী, সিটি ও এলডার্স ব্র্যান্ড। এসব পণ্য দ্রুত বাজার থে তুলে নেয়ার আহ্বান জানিয়ে ভোক্তারা বলছেন, জনস্বাস্থ্য রক্ষায় বিএসটিআই-সহ সরকারি প্রতিষ্ঠানের নজরদারি জোরদার করতে হবে।

বাজারে পণ্য কিনতে আসা কয়েকজন ভোক্তাভোগী জানান, আমরা যখন ভোক্তা হিসেবে পণ্য কিনতে যাই, তখন আমাদের তো আর রিসার্চ করা বা ল্যাব টেস্ট চেক করে কেনা সম্ভব নয়। আমরা বিএসটিআই সিল দেখেই কিনি। তো, বিএসটিআইয়ের অবশ্যই এই জায়গায় অনেক বেশি দায়িত্বশীল হতে হবে। মানহীন পণ্য ব্যবহারের কারণে দেখা যাচ্ছে, অনেক স্বাস্থ্যঝুঁকি বাড়ছে। এখন অনেক অল্প বয়সের মানুষজন হাসপাতালে—যে সংখ্যা বেশি বেড়ে গেছে। হার্ট অ্যাটাকের ঝুঁকি বেড়ে গেছে। এসব ভেজাল পণ্য জনস্বাস্থ্যের জন্য বড় ঝুঁকি তৈরি করতে পারে বলে সতর্ক করছেন চিকিৎসকেরা। এ বিষয়ে ক্লিনিক্যাল প্যাথলজি কনসালটেন্ট আহাদ উর রহমান জানান, লবণ কে কতটা খাবে এটা তার নিজস্ব পছন্দের অনুযায়ী খাবে লবণ বা আপনার ঝাল। কিন্তু যেসব লবণ মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর যেমন মনোসোডিয়াম গ্লুটামেট এগুলি আর কিছু এডটিভ আছে যেগুলি মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এই জিনিসগুলিকে স্বাস্থ্য মন্ত্রণালয় যদি আলাদা করে কোনো নিয়মকানুনের মধ্যে যেমন USA তে FDA আছে FDA এক্টও আছে। আমাদের বিএসটিআই আছে কিন্তু সেটা অতটা এক্টিভ আমরা দেখি না। এ বিষয়ে ক্লিনিক্যাল প্যাথলজি কনসালটেন্ট আহাদ উর রহমান জানান, লবণ কে কতটা খাবে, এটা তার নিজস্ব পছন্দ অনুযায়ী। কিন্তু যেসব লবণ মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর, যেমন মনোসোডিয়াম গ্লুটামেট এবং আরও কিছু অ্যাডিটিভ আছে, যেগুলো মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এই জিনিসগুলোকে স্বাস্থ্য মন্ত্রণালয় যদি আলাদাভাবে কোনো নিয়মকানুনের মধ্যে আনে, যেমন আমেরিকাতে এফডিএ আছে। আমাদের বিএসটিআই আছে, কিন্তু সেটা অতটা অ্যাক্টিভ—আমরা দেখি না। অন্যদিকে ভেজাল পাওয়া ১০টি পণ্য দুদিনের মধ্যে সরিয়ে না নিলে, যে দোকানে পাওয়া যাবে তাকেই করা হবে জরিমানা আনা হবে সতর্ক করছে বিএসটিআই। আর উৎপাদন প্রতিষ্ঠানকে আনা হবে আইনের আওতায়। তবে কঠোর সতর্কবার্তা দিয়ে বিএসটিআইয়ের পরিচালক সিএম আলাউদ্দিন হোসেন বলেন, আমরা উৎপাদনকারী কর্তৃপক্ষকে দুই দিনের মধ্যে বাজার থেকে তুলে নিতে বলেছি। যদি না নেয়, তৃতীয় দিন থেকে আমরাই তুলে নিয়ে আসব। সেক্ষেত্রে কিন্তু মামলাও করা হবে। কেন নিম্নমানের পণ্য বিতরণ করা হচ্ছে, লাইসেন্সের শর্ত ভঙ্গ করা হচ্ছে—আমরা তাদের কাছে কৈফিয়ত তলব করেছি। স্বাস্থ্য সুরক্ষায় নিম্নমানের পণ্য চিহ্নিতের পাশাপাশি দ্রুততার সঙ্গে বাজার থেকে তুলে নেয়ার পরামর্শ দিচ্ছেন জনস্বাস্থ্যবিদেরাও। বলছেন, কঠোর প্রশাসনিক নজরদারি পারে খাবারের ভেজাল রুখতে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## ‘মক্কা প্যাক্টে, বাংলাদেশ যোগ দিলে কারও শ্বাসকষ্টে ভোগার প্রয়োজন নেই : জামায়াতে আমির

‘মক্কা প্যাক্টে যোগদান বাংলাদেশের একান্ত নিজস্ব বিষয়, উল্লেখ করে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, দেশ ও জাতির প্রয়োজন এবং স্বার্থে বাংলাদেশ কোনো সিদ্ধান্ত নিলে তাতে অন্য কারও শ্বাসকষ্টে ভোগার প্রয়োজন নেই। বৃহস্পতিবার নিজের ভেরিফায়েড ফেসবুক আইডি থেকে দেয়া এক পোস্টে তিনি এসব কথা লেখেন। গত সোমবার (২৪ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে

সাংবাদিকদের মুখোমুখি হয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ হুমায়ুন কবির জানিয়েছিলেন, সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে সই হওয়া `মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তি, বা মক্কা ডিফেন্স প্যাক্ট নিয়ে বাংলাদেশ ইতিবাচক মনোভাব ও আগ্রহ প্রকাশ করেছে। তবে এ বিষয়ে এখনও আনুষ্ঠানিক কোনো অগ্রগতি বা চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। উল্লেখ্য, গত ৭ আগস্ট সৌদি আরবের মক্কায় এক ত্রিপক্ষীয় শীর্ষ বৈঠকে প্রতিরক্ষা সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সৌদি আরব, তুরস্ক এবং পাকিস্তান আনুষ্ঠানিকভাবে `মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তি, স্বাক্ষর করে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## ১০ হাজার কোটি টাকায় ঢাকায় তিন বস্তি এলাকার পুনর্বাসনে সহায়তা করবে চীন

ঢাকা-১৭ আসনের কড়াইল, সাততলা ও ভাসানটেক বস্তি এলাকায় পুনর্বাসনের জন্য ১০ হাজার কোটি টাকার একটি আধুনিক আবাসন প্রস্তাব ইআরডির মাধ্যমে চীনের কাছে প্রস্তাব করা হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। চীনের পক্ষ থেকে পর্যায়ক্রমে এটি বাস্তবায়নে সম্মতি প্রকাশ করা হয়েছে বলেও জানান তিনি। এসব এলাকায় বিশতলা ভবনে ছোট ছোট ইউনিট আকারে ফ্ল্যাট তৈরী করা হবে। এসব ফ্ল্যাটের বাসিন্দারা বিনা ভাড়ায় শুধুমাত্র গ্যাস, পানি, বিদ্যুৎ বিল পরিশোধ করবেন। বৃহস্পতিবার সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী ড. আবদুল মঈন খানের সাথে বৈঠক করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। বৈঠকে প্রতিমন্ত্রী মীর শাহে আলম ও সচিব মো. শহিদুল হাসান উপস্থিত ছিলেন। পরে বৈঠকের বিস্তারিত জানান প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেন, বাংলাদেশে নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনের বিষয়ে চীনের সম্মতি পাওয়া গেছে। বাংলাদেশে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন, নবায়নযোগ্য জ্বালানি, বস্তি উন্নয়নসহ বিভিন্ন খাতে বিনিয়োগ করবে চীন। প্রতিমন্ত্রী বলেন, চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের পর দুই দেশের সম্পর্কে ঐতিহাসিক ও সুবর্ণ সুযোগ তৈরি হয়েছে। মীর শাহে আলম বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আমিনবাজার ল্যান্ডফিলে চীনা প্রতিষ্ঠান 'সিএমইসি' এর মাধ্যমে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের কাজ চলছে। ২০২৮ সালের আগস্ট-সেপ্টেম্বরের মধ্যে এই বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করার লক্ষ্য রয়েছে। আগামী ২ সেপ্টেম্বর বেইজিংয়ে এর চূড়ান্ত ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হবে। প্রতিমন্ত্রী আরো বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ল্যান্ডফিলের বর্জ্য ব্যবহারের জন্য 'পাওয়ার চায়না' নামক প্রতিষ্ঠানের সাথেও বিদ্যুৎ উৎপাদনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া চীনের পক্ষ থেকে দাশেরকান্দি স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্টের বাকি কাজ সম্পন্ন করতে ঋণ বা অনুদান আকারে প্রয়োজনীয় অর্থায়নের নিশ্চয়তা দেওয়া হয়েছে। এর মাধ্যমে গুলশান, বারিধারা ও বনানী এলাকাকে স্যুয়ারেজ নেটওয়ার্কে যুক্ত করার পরিকল্পনা রয়েছে। তিনি আরো বলেন, সরকারি ভবন, সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদের ছাদে নেটিং মিটারের মাধ্যমে সৌর বিদ্যুৎ উৎপাদনের বিষয়ে চীন বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে। বন্দর বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, মোংলা পোর্টের উন্নয়নেও কাজ করবে চীন। এ বিষয়ে মন্ত্রীর সাথে রাষ্ট্রদূতের কথা হয়েছে বলে জানান তিনি। দ্রুততম সময়ের মধ্যেই কাজ শুরু হবে এবং একইসাথে মোংলা পোর্টের সাথে চিটাগং পোর্টের একটা লিংকেজও তারা করে দেবে বলে প্রতিমন্ত্রী উল্লেখ করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## রাষ্ট্রীয় দায়িত্বপালনে সম্পূর্ণভাবে দলনিরপেক্ষভাবে কাজ করব : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, তিনি রাষ্ট্রীয় দায়িত্বপালন ও রাষ্ট্রের কল্যাণে সম্পূর্ণভাবে দলনিরপেক্ষভাবে কাজ করবেন। তিনি বলেন, `রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের আগে আমি দল, সংসদ ও মন্ত্রীপরিষদ থেকে পদত্যাগ করে এসেছি। আমি এখন সম্পূর্ণভাবে একজন দলনিরপেক্ষ মানুষ। দলনিরপেক্ষভাবেই আমি আমার দায়িত্বপালন করে যাবো।, বঙ্গভবনের দরবার হলে আজ বেলা ১১টা ৩০ মিনিটে বঙ্গভবনের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে অনুষ্ঠিত রাষ্ট্রপতির প্রথম দরবারে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালনের পর কারো প্রতি তাঁর কোনো রাগ-অনুরাগ থাকবে না। দেশ, রাষ্ট্র ও জনগণের স্বার্থই হবে তাঁর একমাত্র লক্ষ্য। তিনি যে কোনো পরিস্থিতিতে জনগণের আস্থা অর্জন, সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও দায়িত্বশীলতা নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি বঙ্গভবনের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে বলেন, `দেশের প্রতি, দেশের মানুষের প্রতি ভালোবাসা, সম্মান ও আনুগত্য রাখতে হবে।, এসময় তিনি বঙ্গভবনের কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠা, আন্তরিকতা ও সততার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি বঙ্গভবনের ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরে বলেন, বঙ্গভবন হলো রাষ্ট্রীয় মর্যাদা ও সার্বভৌমত্বের প্রতীক। এর মর্যাদা অক্ষুন্ন রাখতে হবে। রাষ্ট্রপতি আরও বলেন, বঙ্গভবনের দৈনন্দিন কার্যক্রম এবং গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় সিদ্ধান্ত-সংক্রান্ত সকল বিষয় অত্যন্ত কঠোরভাবে গোপনীয়তা বজায় রেখে পরিচালনা করতে হবে, যাতে রাষ্ট্রীয় নিরাপত্তা কোনোভাবেই বিঘ্নিত না হয়। এসময় তিনি রাষ্ট্রীয় ব্যয়ের ক্ষেত্রে সাশ্রয়ী ও দায়িত্বশীল এবং অপচয় রোধের আহবান জানান। রাষ্ট্রপতি বলেন, দেশের জনগণের অর্থেই সরকারি সম্পদ এবং অন্যান্য সুযোগ-সুবিধা পরিচালিত হয়। তাই এসব সম্পদের সঠিক, দায়িত্বশীল, স্বচ্ছ ও জবাবদিহিমূলক ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি কর্মকর্তা-কর্মচারীদের নিজেদের জীবনে শৃঙ্খলা মেনে চলার পাশাপাশি নিয়মিত নৈতিক মনোবল ও সুন্দর চরিত্র গঠনে সচেষ্ট হওয়ার আহ্বান জানান। তিনি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে যারা প্রাণ দিয়েছেন, তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা

নিবেদন করেন। একইসাথে তিনি যুদ্ধপরবর্তী দেশ ও রাষ্ট্রগঠনে মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ত্যাগ ও কৃতিত্ব শ্রদ্ধাভরে স্মরণ করেন। একইসঙ্গে তিনি পূর্ববর্তী সকল রাষ্ট্রপতির কথাও শ্রদ্ধাভরে স্মরণ করেন। বঙ্গভবনের কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, `আমরা এখানে একটা পরিবার। সবাই একই জায়গায় কাজ করি। আমরা যখন সুযোগ পাবো, সেই সময় পরস্পরের সঙ্গে কথা বলে সমস্যাগুলো সমাধানের চেষ্টা করবো।, তিনি ভবিষ্যতেও সবাইকে সঙ্গে নিয়ে একসঙ্গে কাজ করার আশা প্রকাশ করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## সংবিধান সংশোধন করে জুলাই সনদ বাস্তবায়ন করতে চায় সরকার : চিফ হুইপ

সংবিধান সংশোধন করে জুলাই সনদ বাস্তবায়ন করতে চায় সরকার। সে জন্য বিরোধী দলের সহযোগিতা চেয়েছেন জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি। বৃহস্পতিবার (২৭ আগস্ট) দুপুরে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানের সভাপতিত্বে সরকার দলীয় সংসদ সদস্যদের বৈঠক শেষে সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান তিনি। চিফ হুইপ বলেন, জুলাই সনদ বাস্তবায়নের আগে বিরোধী দল থেকে সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির পদে যাওয়ার কোনো সুযোগ নেই। বিগত সময়ে তা কখনো হয়নি। সংসদের তৃতীয় অধিবেশনের বিষয়ে তিনি জানান, সংসদ অধিবেশনে আজ সম্পত্তি হস্তান্তর বিষয়ক আইন, গুম সংক্রান্ত বিষয়ক আইন, মানবাধিকার সংক্রান্ত আইন উত্থাপিত হবে। আগামী ১ সেপ্টেম্বর বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংসদ সদস্যরা নিজ নিজ এলাকায় গিয়ে সরকারের উন্নয়ন কাজের পরিদর্শন করবেন, এ বিষয়েও আলোচনা হয়েছে বলে জানান তিনি।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ এলিনা)

## নতজানু পররাষ্ট্রনীতির কবর রচনা করা হয়েছেঃ সংসদে পররাষ্ট্রমন্ত্রী

বর্তমান সরকারের স্বাবলম্বী ও সুদৃঢ় পররাষ্ট্রনীতির সুবাদে বিশ্ব দরবারে বাংলাদেশ মেরুদণ্ড সোজা করে দাঁড়িয়েছে মন্তব্য করে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেছেন, বিগত ১৫ বছরের দুর্বল কূটনৈতিক অবস্থান থেকে বেরিয়ে এসে দেশের `নতজানু পররাষ্ট্রনীতির কবর রচনা, করা হয়েছে। বৃহস্পতিবার স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বৈদেশিক মিশনগুলোর সার্বিক মূল্যায়ন সংক্রান্ত সংসদ সদস্যদের প্রশ্নের জবাব দেওয়ার সময় তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রীর সফল ও সুদূরপ্রসারী পররাষ্ট্রনীতির বদৌলতে বাংলাদেশ আন্তর্জাতিক অঙ্গনে নিজস্ব মেরুদণ্ড সোজা করে এবং মাথা উঁচু করে দাঁড়ানোর সামর্থ্য অর্জন করেছে। এই দিকনির্দেশনামূলক নেতৃত্বের ওপর ভিত্তি করেই বাংলাদেশের পররাষ্ট্রনীতিকে আরও সুসংগঠিতভাবে সামনের দিকে এগিয়ে নেওয়া হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশের দূতাবাসগুলোর পারফরম্যান্স এবং বৈদেশিক শ্রমবাজার সম্প্রসারণ নিয়ে এক সংসদ সদস্যের মূল্যবান প্রশ্নের উত্তর দিতে গিয়ে পররাষ্ট্রমন্ত্রী স্বীকার করেন, বিদেশে কর্মসংস্থান সৃষ্টি, নতুন শ্রমবাজার অনুসন্ধান, শ্রমিক রপ্তানি বাড়ানো কিংবা সর্বাধিক বাণিজ্য বিনিময়ে সফল মিশনগুলোর জন্য বর্তমানে কোনো বিশেষ `রিওয়ার্ড ব্যবস্থা, বা পুরস্কার পদ্ধতি চালু রয়েছে কি না তা পর্যালোচনার বিষয়। তিনি বলেন, বিগত ১৫ বছর জুড়ে যে দুঃশাসন চলেছিল, তাতে বাংলাদেশের পররাষ্ট্রনীতি ও বিভিন্ন কূটনৈতিক মিশনগুলো কার্যত বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণে ছিল না। সে সময় দূতাবাসগুলোর সার্বিক কার্যক্রম, প্রবাসীদের সেবা দেওয়া এবং বাংলাদেশের অর্থনৈতিক ও রাজনৈতিক স্বার্থ সুরক্ষার ব্যাপারে পূর্ববর্তী সরকারের কোনো আগ্রহ বা কার্যকর তদারকি দৃশ্যমান ছিল না। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর সেই স্থবির ও অকার্যকর অবস্থা থেকে বেরিয়ে আসতে সমর্থ হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৭.০৮.২০২৬ আসাদ)

## আমরা তার ছাত্র হওয়ার জন্য এখানে আসি নাই, স্বরাষ্ট্রমন্ত্রীকে জামায়াত আমির

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের বক্তব্যকে কেন্দ্র করে সংসদে হট্টগোল হয়েছে। তার বক্তব্য এক্সপাঞ্জের দাবিও জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বের সময় এ পরিস্থিতির তৈরি হয়। প্রথমে কুমিল্লা- ৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর তারকা চিহ্নিত প্রশ্ন বুঝতে পারেননি জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, স্পিকার, এটা প্রশ্ন হলো নাকি পল্টনের বক্তৃতা হলো বুঝতে পারিনি। এর পরপরই প্রতিবাদ জানান বিরোধীদলের সংসদ সদস্যরা। তাদের হট্টগোলের সময় পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেন, এটা তো আওয়ামী লীগের আমল না। আপনারা তো ইচ্ছেমতো সরকারকে ক্রিটিসাইজ করতে পারছেন। হাফিজ উদ্দিন আহমদ বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী বক্তব্য দেবেন। তারপর আমি বিরোধীদলীয় নেতাকে দেব। প্রশ্নোত্তর উনি দিক, তারপর যদি তা পছন্দ না হয় আমি বিরোধীদলীয় নেতাকে মাইক দেব। এরপরও প্রতিবাদ জানাতে থাকেন বিরোধী দলের সংসদ সদস্যরা। এ সময় স্পিকার বলেন, পরমসহিষ্ণুতা না থাকলে গণতন্ত্র ব্যর্থ হবে। স্পিকারের কথা বলার সময় যে রোষটা আপনারা দেখাচ্ছেন এটা সংসদ পরিপন্থি কাজ। আমি আমার জ্ঞান বুদ্ধিমতো নিরপেক্ষভাবে পরিচালনা করার চেষ্টা করছি। তখন স্পিকার স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকে কথা বলার সুযোগ দেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমার যে শব্দচয়নে ওনাদের আপত্তি সেটার জবাবটা আমি দিতে পারবো। আপনারা সারাদিন দাঁড়িয়ে থাকতে পারলে আমিও

পারবো। যদি কথা না বলতে দেন তাহলে কীসের বাক্স্বাধীনতা। তিনি বলেন, বিরোধী দলীয় কোন এমপির মামলায় আসামি গ্রেপ্তার হয় নাই সেটার স্পেসিফিক বর্ণনা দরকার। শুধু হাওয়াইভাবে যদি বলা হয় এসব হচ্ছে প্রতিকার কী। স্পেসিফিক প্রশ্ন করতে হবে। এরপরে বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমানকে বক্তব্য দেওয়ার সুযোগ দেন স্পিকার। বিরোধী দলীয় নেতা বলেন, আমি সম্মান রেখেই বলতে চাই, আজকে নতুন করে তিনি এই শব্দগুলা উচ্চারণ করেননি। সংসদ অধিবেশন যেদিন থেকে বসা শুরু হয়েছে সেদিন থেকেই তিনি তুচ্ছ তাচ্ছিল্য করে সবাইকে বক্তব্য দেন। উনি নিজেকে কী মনে করেন আমি বুঝতে পারি না। তিনি বলেছেন যে এই সংসদে তিনি শিক্ষকের ভূমিকা পালন করবেন। আমরা তার ছাত্র হওয়ার জন্য এখানে আসি নাই। শিক্ষকতা করতে চাইলে তিনি একটা ইউনিভার্সিটি খুলুন। ওখানে যার পছন্দ গিয়ে ভর্তি হবে, উনার লেকচার শুনবে। (রেডিও টুডে ওয়েব পেজঃ ২৭.০৮.২০২৬ আসাদ)

## জাতীয় সংসদ থেকে বিরোধীদলের ওয়াকআউট

জাতীয় সংসদ থেকে ওয়াকআউট করেছে বিরোধীদল। বৃহস্পতিবার রাতে জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন চলাকালে এ ঘটনা ঘটে। এদিন রাত ৮টার দিকে ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে সংসদ অধিবেশনে দিনের কার্যসূচি আইযায়ী আইন প্রণয়নের কার্যাবলি শুরু হয়। এর পরপরই বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান দাঁড়িয়ে কথা বলার অনুমতি চান। পরে ডেপুটি স্পিকার অনুমতি দিলে বিরোধীদলীয় নেতা আপত্তি সত্ত্বেও সংবিধান সংশোধন কমিটি গঠন ইস্যু ছাড়াও জুলাই সনদের বাস্তবায়ন ও গণভোটের রায় বাস্তবায়নসহ বেশকিছু বিলের বিষয়ে আপত্তি তুলে ওয়াকআউটের ঘোষণা দেন। (রেডিও টুডে ওয়েব পেজঃ ২৭.০৮.২০২৬ আসাদ)

## যুবলীগের পরশ ও তার স্ত্রীর বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা

যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও তার স্ত্রী নাহিদ সুলতানার বিদেশযাত্রায় নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন আদালত। দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. শাহজাহান কবির এ আদেশ দেন। পরশ ও তার স্ত্রী ছাড়াও তাজনীন ওহাব বৃষ্টি নামে একজনের বিদেশ যাওয়ায় নিষেধাজ্ঞার আদেশ দেয়া হয়েছে।আবেদনে বলা হয়েছে, শেখ ফজলে শামস পরশ তার নিজ নামে এবং তার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে বিপুল পরিমাণ অর্থ লেনদেন করে মানিলন্ডারিংপূর্বক অবৈধ সম্পদ অর্জন করেছেন' এমন অভিযোগ বর্তমানে অনুসন্ধানাধীন রয়েছে। অনুসন্ধানকালে গোপন সূত্রে জানা যায়, অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিরা বিদেশে পালিয়ে যাওয়ার চেষ্টা করছেন। তারা বিদেশে পালিয়ে গেলে অনুসন্ধান কাজ ব্যহত হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। বিধায়, অভিযোগটির সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিদেশ গমন রহিত করা একান্ত প্রয়োজন। (রেডিও টুডে ওয়েব পেজঃ ২৭.০৮.২০২৬ আসাদ)

## নতুন দায়িত্ব পেলেন ৩০ মন্ত্রী-প্রতিমন্ত্রী ও হুইপ, গেজেট জারি

দেশের ৬৪ জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ এবং সুশাসনসহ সার্বিক সরকারি কার্যাবলি তদারকি ও সমন্বয়ে ৩০ মন্ত্রী-প্রতিমন্ত্রী ও হুইপকে বিভিন্ন জেলার দায়িত্ব দিয়েছে সরকার। বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা থেকে এ সংক্রান্ত গেজেট জারি করা হয়েছে। নতুন দায়িত্ব পাওয়া মন্ত্রী-প্রতিমন্ত্রীরা হলেন- ইকবাল হাসান মাহমুদ (রাজশাহী, নাটোর), ডা. আবু জাফর মো. জাহিদ হোসেন (লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়), জনাব আব্দুল আউয়াল মিন্টু (লক্ষ্মীপুর), নিতাই রায় চৌধুরী (চুয়াডাঙ্গা), খন্দকার আবদুল মুক্তাদির (হবিগঞ্জ), আরিফুল হক চৌধুরী (মৌলভীবাজার), মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি (চট্টগ্রাম), এম রশিদুজ্জামান মিল্লাত (শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা), আসাদুল হাবিব দুলু (ঠাকুরগাঁও, দিনাজপুর), মো. আসাদুজ্জামান (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট) ও জাকারিয়া তাহের (ফেনী, নোয়াখালী)।

(রেডিও টুডে ওয়েব পেজঃ ২৭.০৮.২০২৬ আসাদ

# BBC

## THOUSANDS FROM POLICE, ARMY DEPLOYED IN NEPAL SEARCH OPERATION

A huge search and rescue operation is underway across Nepal following the devastating flash floods that struck several areas close to the country's border with Tibet. Nepal's National Disaster Risk Reduction and Management Authority say 9,250 members of the police, army and armed police force have been mobilized to help in the operation.
(BBC News Web Page: 27/08/26, FARUK)

## TWO TEENAGERS, 13 AND 14, AMONG 33 UK NATIONALS MISSING IN NEPAL

Thirty three people from the UK, including a 13-year-old girl and 14-year-old boy, are among hundreds missing following a deadly flash flood near the Nepal-Tibet border. Nepali police said the death toll had risen to 359, while Nepal's National Disaster Risk Reduction and Management Authority said more than 1,300 people are missing, with the Nepal tourism Board saying 644 tourists are out of contact. Prime Minister Andy Burnham said the UK has offered £5m to help the Nepalese government following the floods, saying it was a "very

distressing and devastating situation". The King said he and the Queen were "heartbroken" and sent their "most profound sympathy" to those affected. The UK Foreign Office said it is working closely with Nepalese authorities "following concerning reports of British nationals who are missing" and has encouraged them to follow local guidance and "remain alert to the changing situation". (BBC News Web Page: 27/08/26, FARUK)

**NEPAL'S PM VISITS AREAS DEVASTATED BY FLASH FLOODS**

Nepal's Prime Minister Walendra Shah has visited some of the areas worst affected by the flash floods, including Bidur and nearby communities in the Nuwakot district. During the visit he met local officials, security agencies and community representatives to assess the scale of the damage and discuss the response effort. The prime minister is reported to have instructed authorities to provide immediate support to families displaced by the floods, reopen blocked roads and restore damaged infrastructure as quickly as possible.

**RACE FOR SURVIVORS AFTER VIOLENT FLASH FLOOD KILLS AT LEAST 359 IN NEPAL, WITH HUNDREDS STILL MISSING**

Rescuers are in a race to find survivors after devastating flash floods hit the Nepal-Tibet border on Wednesday. The full scale of the disaster is still emerging, but officials say at least 359 people have died in Nepal while more than 900 are missing - the majority foreign citizens. In Tibet, three have been confirmed dead and at least 558 are missing, according to China's state broadcaster. It is unclear whether the missing figures overlap with Nepal's. Two sisters whose parents travelled to the region from Texas tells the BBC they "just love them a lot and want them to come home". Information on what triggered the flooding has been gradually emerging Experts now believe "glacial collapse and debris flow" was the cause rather than an earthquake. And experts say there are concerns about possible "second and third waves", potentially caused by debris in rivers.

(BBC News Web Page: 27/08/26, FARUK)

**COLLAPSED GLACIER LIKELY CAUSED DEVASTATING NEPAL-TIBET FLOODS**

Preliminary investigations have pointed to a collapsed glacier as the cause of the flash flood on the Nepal-Tibet border, highlighting the issue of rapidly melting Himalayan ice, scientists have told the BBC. Initial reports of an earthquake led many to believe that a tremor had caused a landslide, which in turn caused the flood that has killed at least 359 people. However, the US Geological Survey then clarified that the disaster was caused by a "glacial collapse", which is when a glacier or part of a glacier disintegrates. The impact of the collapsed glacier hitting the bottom of a valley was so powerful that it registered a magnitude of 5.2, according to USGS data and scientists who have analysed the event. Dr Simon Cook, a glacier expert with the University of Dundee, told the BBC his team had detected that the lower part of a glacier in Nepal near the Langtang Lirung peak - which is approximately 15km west of the site of the floods - had collapsed. He estimated that the glacier collapsed in a northwesterly direction and then travelled westwards downstream.

(BBC News Web Page: 27/08/26, FARUK)

**UK PM BURNHAM PLEDGES £5M SUPPORT PACKAGE TO NEPAL**

Prime Minister Andy Burnham says the UK has pledged £5m to help with the response effort in Nepal following the flash floods on Wednesday. "It's a devastating picture that is emerging from what has happened in Nepal," Burnham says during a visit to South Wales. "Immediate action" is being taken and the UK is deploying consular support staff to the region "so that British nationals will be able to access support 24/7", he adds. The latest from Nepali police is that 33 UK nationals are currently missing. Burnham says the UK has also offered to send emergency responders to the region, but "that's obviously a matter for the Nepalese government". (BBC News Web Page: 27/08/26, FARUK)

**::--::THE END::--::**